

# ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন



নগর উন্নয়ন অধিদপ্তর  
গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়  
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০



# ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন

নগর উন্নয়ন অধিদপ্তর  
গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়  
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০



## ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন

গবেষক দল:

ইসরাত জাহান, প্ল্যানার  
সাইফুর রহমান, প্ল্যানার

প্রকাশ:

জুন, ২০২৩

নগর উন্নয়ন অধিদপ্তর  
গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়



## কৃতজ্ঞতা স্বীকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে নগর উন্নয়ন অধিদপ্তরের ৮টি গুরুত্বপূর্ণ কাজের মধ্যে একটি হল গবেষণা কাজ সম্পাদন করা। নগরের ভবিষ্যৎ উন্নয়নের জন্য নগর উন্নয়ন অধিদপ্তর প্রতি বছর আর্থ সামাজিক গবেষণা কাজ পরিচালনা করে থাকে। ২০২২-২০২৩ অর্থ বছরে **ময়মনসিংহ বিভাগীয় সদর দফতরের পরিকল্পনা প্রণয়ন** সংক্রান্ত একটি গবেষণা কাজ সম্পন্ন করা হয়েছে। গবেষণা প্রতিবেদনটি প্রকাশের জন্য প্রথমেই নগর উন্নয়ন অধিদপ্তরের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক ড. খুরশীদ জাবীন হোসেন তৌফিক সঠিক দিক নির্দেশনা দিয়ে গবেষণা কাজটি সঠিক সময়ে সম্পন্ন করতে সহযোগিতা করেছেন। উল্লেখ্য যে, ড. খুরশীদ জাবীন হোসেন তৌফিক, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর; নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান -২০১১-২০৩১ প্রকল্পের প্রকল্প পরিচালক ছিলেন এবং এই প্রকল্পের তথ্য ও উপাত্ত বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হয়েছে। এছাড়া জনাব আহমেদ আক্তারুজ্জামান, সিনিয়র প্ল্যানার এবং কাজী মোঃ ফজলুল হক, সিনিয়র প্ল্যানার তাদের মূল্যবান মতামত দিয়ে এই গবেষণাকর্মে সহায়তা করেছেন। তাদের সহযোগিতা ছাড়া গবেষণা কাজটি সম্পন্ন করা সম্ভব হত না।





## সারসংক্ষেপ

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের চলমান “ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক গবেষণাটি ২০২২-২৩ অর্থ বছরে সম্পন্ন করার জন্য নির্ধারিত রয়েছে।

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের ভূমি ব্যবহার পরিকল্পনা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত পরিকল্পনাটির বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রণীত পরিকল্পনায় ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর কে প্রথম স্মার্ট সিটি হিসেবে প্রস্তাবনা রাখা হয়েছে। প্রস্তাবনার সকল বিষয়গুলো এই গবেষণার মাধ্যমে বিস্তারিতভাবে তথ্য ও উপাত্ত বিশ্লেষণ পূর্বক একটি টেকসই সবুজ স্মার্ট শহর করার লক্ষে প্রস্তাবনা প্রদান করা হয়েছে। এই পরিকল্পনা বাস্তবায়ন পূর্বক স্মার্ট বিদ্যুৎ ব্যবস্থাপনা, পয়ঃনিষ্কাশন, স্মার্ট রোড নেটওয়ার্ক স্থাপন পূর্বক ২০৪১ সালের মধ্যে প্রথম পরিকল্পিত স্মার্ট বিভাগীয় সদর দপ্তর করা সম্ভবপর হবে। এই গবেষণা কার্যক্রমটিতে ১০ ধরনের তথ্য ও উপাত্ত (বিদ্যমান ভূমি ব্যবহার, স্থাপনা, পানির প্রবাহ, ভূমিকম্প সম্পর্কিত তথ্য, বন্যা, ভূমির উচ্চতা, প্রস্তাবিত স্ট্রাকচার প্ল্যান ইত্যাদি) বিশ্লেষণ করে বিভাগীয় সদর দপ্তরের জন্য স্থান নির্বাচনের প্রক্রিয়া বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়েছে। এছাড়াও একাধিক বিকল্প প্রস্তাবনা প্রস্তুত পূর্বক একটি বাছাই করা হয়েছে। বিভাগীয় সদর দপ্তরের জন্য ক্ষতিগ্রস্ত সকল পরিবারের জন্য পুনর্বাসনের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার অভিজ্ঞতা পরবর্তীতে অন্যান্য বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমে ব্যবহার করা যাবে।



আদ্যক্ষরসমূহ এবং শব্দসংক্ষেপসমূহ

BAPBIBO	Bangladesh Palli Biddutayon Board
BBS	Bangladesh Bureau of Statistics
BIAM	Bangladesh Institute of Administration and Management
BPSC	Bangladesh Public Service Commission
FSM	Fecal Sludge Management
HQ	Head Quarter
MDHQ	Mymensingh Divisional Headquarter
MSDP	Mymensingh Strategic Development Plan
O&M	Operation and Maintenance
RAB	Rapid Action Battalion
RRR	Reduce, Reuse, Recycle
RZ	Rehabilitation Zone
SWM	Solid Waste Management
VDP	Village Defense Party



## সূচিপত্র

কৃতজ্ঞতা স্বীকার .....	ক
সারসংক্ষেপ .....	গ
আদ্যক্ষরসমূহ এবং শব্দসংক্ষেপসমূহ .....	ঙ
সূচিপত্র .....	ছ
চিত্রের তালিকা .....	ঝ
সারণিসমূহ .....	ঞ
<b>১. ভূমিকা .....</b>	<b>১</b>
১.১ পটভূমি .....	১
১.২ উদ্দেশ্য .....	১
১.৩ পদ্ধতি .....	১
১.৪ যৌক্তিকতা .....	২
১.৫ সীমাবদ্ধতা .....	২
<b>২. ময়মনসিংহ বিভাগীয় শহরের সংক্ষিপ্ত বিবরণ .....</b>	<b>৩</b>
২.১ ভৌগলিক অবস্থান এবং গুরুত্ব .....	৪
২.২ ঐতিহাসিক পটভূমি .....	৪
২.৩ আর্থ-সামাজিক অবস্থা .....	৫
২.৪ আর্থনৈতিক অবস্থা .....	৫
<b>৩. ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া .....</b>	<b>৭</b>
৩.১ প্রয়োজন এবং উদ্দেশ্য সনাক্তকরণ .....	৭
৩.২ অংশীজনদের সম্পৃক্ততা এবং পরামর্শ .....	৭
৩.৩ মহাপরিকল্পনা প্রণয়ন .....	৮
৩.৩.১ পটভূমি বিশ্লেষণ .....	৯
৩.৩.১.১ প্রস্তাবনা (১) বিভাগীয় নতুন শহর: .....	৯
৩.৩.১.২ প্রস্তাবনা (২) বিভাগীয় সদর দপ্তর স্থাপন .....	১৩
৩.৩.২ এলাকা সরেজমিনে পরিদর্শন .....	১৩
৩.৩.৩ চাহিদা নিরূপণ .....	১৪
৩.৩.৪ পরিকল্পনা এলাকা (স্থান) নির্ধারণ .....	১৬
৩.৩.৪.১ মাল্টি ক্রাইটেরিয়া বিশ্লেষণ .....	১৬
৩.৩.৫ পরিকল্পনা প্রণয়ন .....	২৪
৩.৩.৫.১ খসড়া পরিকল্পনা প্রণয়ন .....	২৪
৩.৩.৫.২ প্রথম (১ম) খসড়া বিকল্প পরিকল্পনা প্রণয়ন .....	২৫
৩.৩.৫.৩ দ্বিতীয় (২য়) খসড়া বিকল্প পরিকল্পনা প্রণয়ন .....	২৭
৩.৩.৫.৩ তৃতীয় (৩য়) খসড়া বিকল্প পরিকল্পনা প্রণয়ন .....	২৮
৩.৩.৬ খসড়া পরিকল্পনার উপর অংশীজনদের মতামত সংগ্রহ .....	৩০
৩.৩.৭ বিভিন্ন বিকল্প পরিকল্পনা প্রণয়ন .....	৩৯
৩.৩.৭.১ প্রথম (১ম) বিকল্প প্রস্তাবনা .....	৩৯
৩.৩.৭.২ দ্বিতীয় (২য়) বিকল্প প্রস্তাবনা .....	৪০
৩.৩.৭.৩ তৃতীয় (৩য়) বিকল্প প্রস্তাবনা .....	৪১
৩.৩.৭.৪ চতুর্থ (৪র্থ) বিকল্প প্রস্তাবনা .....	৪২

৩.৩.৭.৫	পঞ্চম (৫ম) বিকল্প প্রস্তাবনা.....	৪২
৩.৩.৭.৬	বিকল্প প্রস্তাবনার তুলনামূলক বিবরণী .....	৪৩
৩.৩.৮	পরিকল্পনা চূড়ান্তকরণ .....	৪৪
৩.৪	স্মার্ট সিটি হিসেবে ময়মনসিংহ.....	৪৬
৩.৪.১	স্মার্ট পরিবহন ব্যবস্থা.....	৪৬
৩.৪.২	স্মার্ট স্যুয়ারেজ সিস্টেম .....	৪৮
৩.৪.৩	স্মার্ট ইউটিলিটি প্রদান .....	৪৯
৩.৪.৪	প্রযুক্তি এবং স্থায়িত্বের একত্রীকরণ .....	৪৯
৩.৫	পুনর্বাসন পরিকল্পনা.....	৪৯
৩.৫.১	প্রথম বিকল্প পুনর্বাসন পরিকল্পনা .....	৫২
৩.৫.২	দ্বিতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনা .....	৫৪
৩.৫.৩	তৃতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনা .....	৫৫
<b>৪.</b>	<b>প্রভাব বিশ্লেষণ.....</b>	<b>৫৭</b>
৪.১	ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের অর্থনৈতিক প্রভাব .....	৫৭
৪.১.১	কর্মসংস্থান সৃষ্টি .....	৫৭
৪.১.২	ব্যবসা এবং বিনিয়োগের সুযোগ .....	৫৭
৪.১.৩	অর্থনৈতিক প্রবৃদ্ধি .....	৫৭
৪.২	সামাজিক ও সাংস্কৃতিক প্রভাব .....	৫৮
৪.২.১	অবকাঠামো উন্নয়ন .....	৫৮
৪.২.২	জীবনের মান উন্নয়ন.....	৫৮
৪.২.৩	সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ .....	৫৮
৪.৩	পরিবেশগত প্রভাব .....	৫৯
৪.৩.১	টেকসই উন্নয়ন বিবেচনা .....	৫৯
৪.৩.২	পরিবেশগত চ্যালেঞ্জের জন্য প্রশমন ব্যবস্থা .....	৫৯
৪.৩.৩	সবুজ উদ্যোগ এবং পরিবেশের স্থায়িত্ব.....	৬০
<b>৫.</b>	<b>চ্যালেঞ্জ এবং শিক্ষন.....</b>	<b>৬১</b>
৫.১	বাস্তবায়ন চ্যালেঞ্জ.....	৬১
৫.২	নাগরিকদের সম্পৃক্ততা এবং অংশগ্রহণ .....	৬১
৫.৩	ভবিষ্যত প্রকল্পের জন্য নীতি সুপারিশ.....	৬১
<b>৬.</b>	<b>উপসংহার.....</b>	<b>৬৩</b>
	তথ্যসূত্র:.....	৬৩
	সংযোজনী ০১: ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর সংক্রান্ত গনসভা সম্পর্কিত তথ্য .....	৬৫
	সংযোজনী ০২: প্রস্তাবিত ময়মনসিংহ বিভাগের বিভিন্ন অফিসের অর্গানোগ্রাম অনুসারে জনবল সম্পর্কিত তথ্য .....	১০১
	সংযোজনী ০৩: ময়মনসিংহ এলাকার ক্রপিং প্যাটার্ন.....	১০৩
	সংযোজনী ০৪: ১৭/১৮/২০১৯/৬ ইং তারিখের সভার কার্যবিবরণী.....	১০৪
	সংযোজনী ০৫: পরিকল্পনার চূড়ান্ত অনুমোদনের তথ্য .....	<b>Error! Bookmark not defined.</b>
	সংযোজনী ০৬: বিভাগীয় সদর দপ্তর সম্পর্কিত বিভিন্ন পত্র .....	<b>Error! Bookmark not defined.</b>

## চিত্রের তালিকা

চিত্র ০১: ময়মনসিংহ বিভাগের অবস্থান .....	৩
চিত্র ০২: এমএসডিপি প্রকল্পের আওতায় প্রণীত ময়মনসিংহের কৌশলগত পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) .....	৪
চিত্র ০৩: ময়মনসিংহ বিভাগীয় নতুন শহরের পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিভিন্ন সভার চিত্র.....	৭
চিত্র ০৪: উল্লিখিত নিয়ামকগুলো বিবেচনা করে জেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত প্রস্তাবিত নকশা.....	১০
চিত্র ০৫: জেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত প্রস্তাবিত নকশা .....	১০
চিত্র ০৬: বিভাগীয় শহরের কৃষি এলাকার তথ্যের চিত্র .....	১১
চিত্র ০৭: বিভাগীয় শহরের ডেনেজ ব্যবস্থার চিত্র .....	১১
চিত্র ০৮: বিভাগীয় শহরের বর্তমান ভূমি ব্যবহারের চিত্র .....	১২
চিত্র ০৯: ডেনেজ ব্যবস্থা, আবাসিক এলাকা এবং গাছপালা ব্যতীত বিভাগীয় শহরের অবস্থা .....	১২
চিত্র ১০: গুগল ম্যাপে বিভাগীয় সদর দপ্তরের অবস্থান.....	১৩
চিত্র ১১: বিভিন্ন সময়ে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের চিত্র .....	১৩
চিত্র ১২: বিদ্যমান ভূমি ব্যবহার অনুযায়ী প্রকল্প এলাকার অবস্থা .....	১৭
চিত্র ১৩: বিদ্যমান স্থাপনা অনুযায়ী প্রকল্প এলাকার অবস্থা .....	১৭
চিত্র ১৪: বিদ্যমান জলাশয়ের উপর ভিত্তি করে প্রকল্প এলাকার অবস্থা.....	১৮
চিত্র ১৫: বিদ্যমান এগ্রো-ফিশারিজ তথ্যের উপর ভিত্তি করে প্রকল্প এলাকার অবস্থা.....	১৮
চিত্র ১৬: উচ্চতার (এলিভেশন) উপর ভিত্তি করে প্রকল্প এলাকায় বন্যামুক্ত এলাকার অবস্থান.....	১৯
চিত্র ১৭: পানির স্বাভাবিক প্রবাহের অবস্থানচিত্র .....	২০
চিত্র ১৮: প্রকল্প এলাকার ভূমির ধরণ.....	২০
চিত্র ১৯: প্রকল্প এলাকায় স্থাপনা নির্মাণের জন্য প্রয়োজনীয় ন্যূনতম ফাউন্ডেশন গভীরতা.....	২১
চিত্র ২০: স্ট্রাকচার প্ল্যান প্রস্তাবনা অনুযায়ী প্রকল্প এলাকার অবস্থা.....	২২
চিত্র ২১: উপযুক্ত স্থান নির্ধারণের জন্য ১০টি নিয়ামককে বিবেচনা করে সমন্বিত চিত্র.....	২৩
চিত্র ২২: বিভাগীয় নতুন শহরের জন্য নির্বাচিত উপযুক্ত স্থান.....	২৩
চিত্র ২৩: বিভাগীয় নতুন শহরের জন্য প্রণয়নকৃত খসড়া প্রস্তাবনা (প্রথম সংস্করণ) .....	২৪
চিত্র ২৪: প্রস্তাবিত বিভাগীয় নতুন শহরের কাঠামোগত পরিকল্পনা .....	২৫
চিত্র ২৫: প্রস্তাবিত বিভাগীয় নতুন শহরের কাঠামোগত পরিকল্পনার ডিজিটাল রূপ .....	২৫
চিত্র ২৬: বিভাগীয় নতুন শহরের ২য় খসড়া পরিকল্পনা .....	২৭
চিত্র ২৭: ময়মনসিংহ বিভাগীয় শহরের ৩য় খসড়া পরিকল্পনার ম্যাপ .....	২৯
চিত্র ২৮: প্রস্তাবিত এলাকায় বিদ্যমান ভূমির প্রাকৃতিক উচ্চতা.....	৩১
চিত্র ২৯: প্রস্তাবিত এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার .....	৩২
চিত্র ৩০: প্রস্তাবিত বিভাগীয় শহর এলাকায় প্রস্তাবিত জলাধার.....	৩২
চিত্র ৩১: প্রস্তাবিত বিভাগীয় শহর এলাকায় বিদ্যমান ও প্রস্তাবিত জলাধার.....	৩৩
চিত্র ৩২: বিভাগীয় নতুন শহর এ খাগডহর ও জিরো পয়েন্ট এলাকায় প্রস্তাবিত এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ব্রীজ.....	৩৩
চিত্র ৩৩: বিভাগীয় নতুন শহর এলাকার প্রস্তাবিত পরিকল্পনা .....	৩৪
চিত্র ৩৪: পুনর্বাসনের জন্য প্রাথমিকভাবে চিহ্নিত ১২ টি ব্লক .....	৩৪
চিত্র ৩৫: পুনর্বাসনের জন্য প্রস্তাবিত ৫২ টি ব্লক .....	৩৫
চিত্র ৩৬: প্রস্তাবিত এলাকায় সোলার এনার্জির জন্য প্রস্তাবিত জায়গার অবস্থান .....	৩৫
চিত্র ৩৭: প্রস্তাবিত বিভাগীয় শহর এলাকায় খোলা জায়গা বা মাঠের জন্য প্রস্তাবিত জায়গার অবস্থান .....	৩৬
চিত্র ৩৮: এ বিভাগীয় শহরের ভূমির উচ্চতা .....	৩৬
চিত্র ৩৯: বিভাগীয় শহরের ভূমির উচ্চতা এবং স্ট্রিম লাইন .....	৩৭
চিত্র ৪০: বিভাগীয় শহরের মিসিং লিংক এর সংযোগ .....	৩৮
চিত্র ৪১: প্রস্তাবিত ১ম চূড়ান্ত পরিকল্পনা.....	৩৮
চিত্র ৪২: বিভাগীয় নতুন শহরের প্রথম বিকল্প প্রস্তাব .....	৩৯
চিত্র ৪৩: বিভাগীয় নতুন শহরের প্রথম বিকল্প প্রস্তাবের ফেইজ বিভাজন .....	৪০
চিত্র ৪৪: দ্বিতীয় বিকল্প প্রস্তাবনা .....	৪১

চিত্র ৪৫: তৃতীয় বিকল্প প্রস্তাবনা.....	৪১
চিত্র ৪৬: চতুর্থ বিকল্প প্রস্তাবনা.....	৪২
চিত্র ৪৭: ৫ম বিকল্প প্রস্তাবনা.....	৪৩
চিত্র ৪৮: চূড়ান্ত পরিকল্পনার প্রস্তাবনাসমূহ.....	৪৫
চিত্র ৪৯: চূড়ান্ত পুনর্বাসন এলাকার প্রস্তাবনা.....	৪৬
চিত্র ৫০: বিভাগীয় নতুন শহর পরিকল্পনায় পুনর্বাসন এলাকা.....	৪৯
চিত্র ৫১: বিভাগীয় নতুন শহর এলাকার আবাসিক ভূমি ব্যবহার এলাকা.....	৫১
চিত্র ৫২: বিভাগীয় নতুন শহর এলাকার স্থাপনা সমূহ.....	৫১
চিত্র ৫৩: বিভাগীয় নতুন শহর এলাকার পুনর্বাসন এলাকা সমূহ (বিকল্প পরিকল্পনা-১).....	৫২
চিত্র ৫৪: গ্রুপ অনুযায়ী পুনর্বাসন এলাকা.....	৫৩
চিত্র ৫৫: দ্বিতীয় বিকল্প পরিকল্পনা অনুযায়ী পুনর্বাসন এলাকা.....	৫৪
চিত্র ৫৬: পরিবর্তিত পুনর্বাসন এলাকা.....	৫৫

### সারণিসমূহ

সারণি ০১: বিভাগীয় নতুন শহরের সরকারী অফিস এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় জায়গা.....	১৪
সারণি ০২: বিভাগীয় নতুন শহরের সরকারী আবাসিক এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় জায়গা.....	১৫
সারণি ০৩: বিভাগীয় নতুন শহরের সরকারী আবাসিক এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী বিভিন্ন প্রস্তাবনা.....	১৫
সারণি ০৪: বিভাগীয় সদর দপ্তরের জন্য প্রয়োজনীয় স্থান (মোট জনসংখ্যা: ৩৫০০০ জন).....	১৫
সারণি ০৫: গুরুত্বের ম্যাট্রিক্স.....	২২
সারণি ০৬: ভূমি ব্যবহার অনুযায়ী বিভাগীয় নতুন শহরের তথ্য.....	২৬
সারণি ০৭: স্পেশাল প্ল্যানিং ফেইজ (Special Planning Phase) এর তথ্য.....	২৭
সারণি ০৮: বিভাগীয় নতুন শহরের ২য় খসড়া পরিকল্পনার ভূমি ব্যবহারের তথ্য.....	২৮
সারণি ০৯: ময়মনসিংহ বিভাগীয় শহরের ৩য় খসড়া পরিকল্পনার তথ্য.....	২৯
সারণি ১০: ফেইজ অনুযায়ী প্রভাবিত স্থাপনার বিভাজন.....	৩৯
সারণি ১১: দ্বিতীয় বিকল্প পরিকল্পনায় স্থাপনার তথ্য.....	৪০
সারণি ১২: বিকল্প পরিকল্পনাসমূহের তুলনামূলক বিবরণ.....	৪৩
সারণি ১৩: চূড়ান্ত পরিকল্পনায় ভূমি ব্যবহারের তথ্য.....	৪৪
সারণি ১৪: পুনর্বাসন অঞ্চলের ভূমি ব্যবহারের পরিসংখ্যান.....	৪৫
সারণি ১৫: ময়মনসিংহের সাথে একটি স্মার্ট সিটির ধারণার তুলনা.....	৪৯
সারণি ১৬: বিভাগীয় নতুন শহর পরিকল্পনার ফলে প্রভাবিত স্থাপনার পরিসংখ্যান.....	৫০
সারণি ১৭: গ্রুপ এবং স্থাপনার পরিসংখ্যান.....	৫৩
সারণি ১৮: নতুন প্লটের পরিসংখ্যান.....	৫৫



## ১. ভূমিকা

ময়মনসিংহকে একটি সমৃদ্ধ ও টেকসই শহরে রূপান্তর করার নিমিত্ত নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যার অনুসৃত পদ্ধতি “ময়মনসিংহ বিভাগীয় সদরের পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক গবেষণায় বিস্তারিত ভাবে বর্ণনা করা হয়েছে। এই গবেষণা প্রতিবেদনে এই প্রকল্পের পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া এবং তার বিভিন্ন প্রভাব বিশ্লেষণের উপর আলোকপাত করা হয়েছে। এই গবেষণা কার্যক্রমটি পরিকল্পনা প্রণয়নের ফলে সৃষ্ট উক্ত অঞ্চলের আর্থ-সামাজিক কাঠামো, অবকাঠামো এবং পরিবেশগত প্রভাব ও বিশ্লেষণ পূর্বক বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেছে।

### ১.১ পটভূমি

ময়মনসিংহ, বাংলাদেশের মধ্যাঞ্চলে অবস্থিত একটি সেকেন্ডারী শহর যেখানে প্রবৃদ্ধির সম্ভাবনা ব্যাপক। দ্রুত নগরায়ণ এবং জনসংখ্যা বৃদ্ধির সাথে, শহরটি অবকাঠামো এবং উন্নত জীবনযাত্রার জন্য বিভিন্ন ধরনের নতুন নতুন চাহিদার সম্মুখীন হচ্ছে যা মেটানো বর্তমান বাস্তবতায় চ্যালেঞ্জিং। এই চ্যালেঞ্জগুলি মোকাবেলা করতে এবং শহরের সম্ভাবনাকে কাজে লাগাতে, ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান ২০১১-২০৩১ এর কার্যক্রম শুরু করা হয়েছিল। পরবর্তীতে ২০১৫ সালের ১২ জানুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার এক বৈঠকে ঢাকা বিভাগ ভেঞ্জে নতুন ময়মনসিংহ বিভাগ গঠনের ঘোষণা দেন। পরবর্তীতে ২০১৫ সালের ১৪ সেপ্টেম্বর ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলা নিয়ে ময়মনসিংহ বিভাগ গঠিত হয়। বিভাগ ঘোষণার পর বিভাগীয় সদর দপ্তরের কার্যক্রম পরিচালনার নিমিত্ত নগর উন্নয়ন অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় শহরের পরিকল্পনা প্রণয়ন শুরু করে, যা পরবর্তীতে বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে সমাপ্ত হয়। এই প্রকল্পটি একটি সু-পরিকল্পিত প্রশাসনিক এবং অর্থনৈতিক হাব তৈরি করতে এবং একইসাথে টেকসই উন্নয়নসহ এলাকার বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা করবে।

### ১.২ উদ্দেশ্য

এই গবেষণা প্রতিবেদনের উদ্দেশ্য হল:

- টেকসই উন্নয়ন নীতি ও প্রকল্পের পরিবেশগত প্রভাবকে সমন্বয় করে পরিকল্পনা প্রণয়ন
- ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের উন্নয়নের জন্য গৃহীত পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া এবং বাস্তবায়ন কৌশল লিপিবদ্ধকরণ,
- পরিকল্পনা প্রণয়নের বিভিন্ন পর্যায়ে সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলি চিহ্নিতকরণ এবং একই প্রকৃতির ভবিষ্যতের প্রকল্পগুলির জন্য এই চ্যালেঞ্জগুলি মোকাবেলার জন্য সুপারিশ প্রদান।
- এই অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির মতো বিভিন্ন দিকগুলিতে ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর প্রকল্পের প্রভাব মূল্যায়ন,
- অবকাঠামোগত উন্নয়ন, বাসিন্দাদের জীবনমানের উন্নতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ সহ প্রকল্পের সামাজিক ও সাংস্কৃতিক প্রভাবগুলি মূল্যায়ন

### ১.৩ পদ্ধতি

এই গবেষণা প্রতিবেদনের জন্য গুণগত ও পরিমাণগত উভয় ধরনের প্রাসঙ্গিক তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণ করা হয়েছে। এরপর ময়মনসিংহ বিভাগীয় সদর দফতরের পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও এর প্রভাব বিশ্লেষণ করা হয়েছে। গবেষণা কার্যক্রমটি সম্পন্ন করতে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছিল:

- i. বিভিন্ন প্রতিবেদন ও নীতি পর্যালোচনা: বিদ্যমান প্রাসঙ্গিক বিভিন্ন প্রতিবেদন, পরিকল্পনা প্রণয়ন সম্পর্কিত বাংলাদেশ সরকারের বিভিন্ন নীতিমালা, ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান-২০১১-২০৩১, স্মার্ট সিটির ধারণা এবং এই ধরনের উন্নয়ন প্রকল্পগুলির সম্ভাব্য প্রভাবগুলি বোঝার জন্য বিভিন্ন ধরনের নীতিমালা ও রিপোর্ট পর্যালোচনা করা হয়েছে।
- ii. তথ্য সংগ্রহ: বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়নকালে বিভিন্ন সাক্ষাৎকার গ্রহণ, অংশীজন সভা, সমীক্ষা এবং সাইট পরিদর্শনের মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। ময়মনসিংহ বিভাগীয় সদর প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়নের সাথে জড়িত মূল অংশীজনদের মতামত নেয়া হয়েছে, যার মধ্যে সরকারী কর্মকর্তা, নগর পরিকল্পনাবিদ,

জনপ্রতিনিধি এবং স্থানীয় জনগন অন্তর্ভুক্ত ছিল। প্রকল্পের প্রভাব সম্পর্কিত জনসাধারণের ধারণা এবং মতামতের তথ্য সংগ্রহের জন্য জরিপ সমীক্ষা পরিচালনা করা হয়েছে।

- iii. তথ্য বিশ্লেষণ: সংগৃহীত তথ্য গুণগত এবং পরিমাণগত বিশ্লেষণ কৌশল ব্যবহার করে বিশ্লেষণ করা হয়েছে। গুণগত তথ্য, যেমন অংশীজনের মতামতের বিষয়ভিত্তিক বিশ্লেষণ করা হয়েছে। পরিমাণগত তথ্য যেমন উক্ত স্থানের স্থাপনা সংক্রান্ত তথ্য, সরেজমিনে পরিদর্শনের তথ্য ইত্যাদি পরিসংখ্যানগত পদ্ধতি ব্যবহার করে বিশ্লেষণ করা হয়েছে।
- iv. প্রভাব মূল্যায়ন: ময়মনসিংহ বিভাগীয় সদর দফতরের পরিকল্পনা প্রক্রিয়ার প্রভাব মূল্যায়ন করতে সংগৃহীত তথ্যের বিশ্লেষণ ব্যবহার করা হয়েছে। বিভিন্ন মাত্রা, যেমন অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, এবং পরিবেশগত প্রভাব, তথ্য অনুসন্ধানের উপর ভিত্তি করে মূল্যায়ন করা হয়েছে এবং প্রাসঙ্গিক বেক্সমার্ক এবং সূচকগুলির সাথে তুলনা করা হয়েছে।
- v. পরিকল্পনার বিকল্প প্রস্তাব: তথ্য ও উপাত্তের বিশ্লেষণ-পূর্বক বিভিন্ন বিকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রভাব বিশ্লেষণকরতঃ একটি প্রস্তাব চূড়ান্ত করা হয়েছে।
- vi. চ্যালেঞ্জ এবং সুপারিশ: পরিকল্পনা এবং বাস্তবায়ন পর্যায়ে যে সকল চ্যালেঞ্জসমূহের সম্মুখীন হতে হয়েছে তা তথ্য বিশ্লেষণের মাধ্যমে চিহ্নিত করা হয়েছে। ফলাফলের উপর ভিত্তি করে, এই চ্যালেঞ্জগুলি মোকাবেলা করার জন্য সুপারিশ তৈরি করা হয়েছে এবং একই প্রকৃতির ভবিষ্যতের প্রকল্পগুলির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

### ১.৪ গবেষণা হিসেবে বিভাগীয় হেডকোয়ার্টার এর প্ল্যান প্রণয়নের যৌক্তিকতা

পরিকল্পনা একটি বুদ্ধিবৃত্তিক প্রক্রিয়া। নগর পরিকল্পনা বা নগর ব্যবস্থাপনা সারা বিশ্বে একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচিত হলেও আমাদের দেশে এটি এখনো সেভাবে পরিচিত নয়। নগর পরিকল্পনার মাধ্যমে স্থানভেদে অবকাঠামোগত বিন্যাস ও ভূমির সঠিক ব্যবহার নিশ্চিত করা যায়। নগর পরিকল্পনা একটি কারিগরী প্রক্রিয়া যার মাধ্যমে ভূমির ব্যবহার, অবকাঠামোগত উন্নয়ন, পরিষেবা ব্যবস্থাপনা, স্থাপত্য, যোগাযোগ ব্যবস্থা, পরিবেশ ইত্যাদির জন্য নির্দেশনা প্রণয়ন করা হয় যাতে ভূমির সর্বোত্তম ব্যবহার, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা ইত্যাদির পাশাপাশি সম্পদের সুষ্ঠু ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভবপর হয়। নগর উন্নয়ন অধিদপ্তর Mymensingh Strategic Development Plan (MSDP) প্রকল্পের আওতায় ময়মনসিংহ সদর উপজেলার ৯টি ইউনিয়ন এবং গৌরীপুর উপজেলার একটি ইউনিয়ন নিয়ে সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করেছে। সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা এবং ব্যবস্থাপনা দুর্যোগের ঝুঁকিহাস বিশেষ করে ভূমিকম্পের ঝুঁকি হ্রাসের কৌশল অন্তর্ভুক্ত করণের নিমিত্তে সংশ্লিষ্ট পেশাজীবীদের বাস্তবভিত্তিক প্রায়োগিক জ্ঞান প্রদানের মাধ্যমে কারিগরী দক্ষতা বৃদ্ধি করে ময়মনসিংহ শহর ও শহরতলী এলাকার কৌশলগত উন্নয়ন ও দীর্ঘ মেয়াদী ভূমি ব্যবস্থা প্রণয়ন করাই ছিলো এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

পরবর্তীতে ২০১৫ সালের ১৪ সেপ্টেম্বর ময়মনসিংহ বিভাগ ঘোষনা হলে Mymensingh Strategic Development Plan (MSDP) প্রকল্পের তথ্য ও উপাত্ত ব্যবহার করে বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন করে। নতুন বিভাগীয় শহরের পরিকল্পনা করার সময় ভূমির সর্বোত্তম ব্যবহার, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার পাশাপাশি সম্পদের সুষ্ঠু ও সর্বোত্তম ব্যবহার সেই সাথে নতুন বিভাগীয় শহরের স্থানে বসবাসকারী বর্তমান জনগোষ্ঠীর কথাও বিবেচনা করা হয়েছে। পরিকল্পনাটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক অনুমোদিত হয়। বর্তমানে পরিকল্পনাটির বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায় “ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন” গবেষণাটি খুবই সময়োপযোগী।

এছাড়াও এই গবেষণায় ময়মনসিংহ বিভাগীয় সদর দফতরের প্রকল্পটি কীভাবে শহরটিকে একটি সমৃদ্ধ ও টেকসই কেন্দ্রে রূপান্তরিত করে এর বাসিন্দাদের উপকৃত করতে পারে; অন্যান্য শহরে অনুরূপ উন্নয়ন প্রকল্পের সাথে জড়িত সিদ্ধান্ত গ্রহণকারী এবং অংশীজনের জন্য মূল্যবান দিকনির্দেশনা প্রদান করতে পারে; এবং সামগ্রিকভাবে, টেকসই এবং অন্তর্ভুক্তিমূলক নগর উন্নয়ন অর্জনের জন্য কার্যকর পরিকল্পনা কৌশলগুলির জ্ঞান এবং বোঝার ক্ষেত্রে অবদান রাখতে পারে।

### ১.৫ সীমাবদ্ধতা

এই গবেষণাটিতে কিছু সীমাবদ্ধতা রয়েছে যেগুলো নিম্নরূপ: (পুনর্গঠন করতে হবে)

- সময় স্ফল্লতা
- জনবল স্ফল্লতা
- তথ্যের অপরিপূর্ণতা
- অভিজ্ঞতার অভাব

## ২. ময়মনসিংহ বিভাগীয় শহরের সংক্ষিপ্ত বিবরণ

ময়মনসিংহ বাংলাদেশের মধ্যাঞ্চলে অবস্থিত একটি প্রাণবন্ত শহর, যা তার ঐতিহাসিক তাৎপর্য, সাংস্কৃতিক ঐতিহ্য এবং প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিখ্যাত। ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত, ময়মনসিংহ বৈচিত্র্যময় সংস্কৃতি ও ঐতিহ্যের এক অপূর্ব সমন্বয়। এই শহরের সমৃদ্ধ ইতিহাস প্রাচীন মন্দির, মসজিদ এবং প্রাসাদসহ এর সুসংরক্ষিত স্থাপত্যগুলিতে প্রতিফলিত হয় যা এর গৌরবময় অতীতের প্রমাণক। ময়মনসিংহ তার সমৃদ্ধ শিল্প ও সাহিত্যের জন্যও সমাধিক পরিচিত। এই অঞ্চলে অনেক বিখ্যাত কবি, লেখক এবং শিল্পী জন্মগ্রহণ করেছেন। সবুজ প্রকৃতি, উর্বর কৃষিক্ষেত্র এবং শহরকে ঘিরে থাকা মনোরম নদীগুলি এর প্রাকৃতিক সৌন্দর্যে ভিন্ন মাত্রা যোগ করেছে। ময়মনসিংহের মানুষ উষ্ণ, অতিথিপরায়ণ এবং তাদের সাংস্কৃতিক ঐতিহ্য তাদের হৃদয়ের গভীরে প্রোথিত। ইতিহাস, সংস্কৃতি এবং প্রাকৃতিক সৌন্দর্যের অনন্য মিশ্রণের মাধ্যমে একটি সত্যিকারের সমৃদ্ধ অভিজ্ঞতা প্রদান করে ময়মনসিংহ পর্যটক এবং নাগরিকদের একইভাবে বিমোহিত করে চলেছে।

বাংলাদেশের মধ্য-উত্তরাঞ্চলে অবস্থিত ময়মনসিংহ বিভাগ দেশের আটটি প্রশাসনিক বিভাগের একটি। বিভাগটির উত্তরে ভারতের মেঘালয় রাজ্য, পূর্বে সিলেট বিভাগ, দক্ষিণে ঢাকা বিভাগ এবং পশ্চিমে রাজশাহী বিভাগ। ময়মনসিংহ, জামালপুর, শেরপুর এবং নেত্রকোনা এই চারটি জেলা নিয়ে ময়মনসিংহ বিভাগ গঠিত।

ময়মনসিংহ শহরটি বাংলাদেশের রাজধানী ঢাকা থেকে প্রায় ১২০ কিলোমিটার (৭৫ মাইল) উত্তরে ব্রহ্মপুত্র নদীর তীরে অবস্থিত। শহরটির জনসংখ্যা ৫০ লক্ষের বেশি এবং এটি ব্যবসা, বাণিজ্য এবং কৃষির জন্য একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসাবে কাজ করে। ময়মনসিংহের উল্লেখযোগ্য নিদর্শনগুলোর মধ্যে রয়েছে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ব্রহ্মপুত্র নদ, শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা (শিল্প জাদুঘর), এবং শশী লজ।


চিত্র ০১: ময়মনসিংহ বিভাগের অবস্থান



বাংলাদেশের অষ্টম প্রশাসনিক বিভাগ ময়মনসিংহের প্রস্তাবিত বিভাগীয় সদর দপ্তরটি ব্রহ্মপুত্র নদের উত্তরে নদের তীরবর্তী সিরতা ইউনিয়নে অবস্থিত। নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সম্পন্নকৃত Mymensingh Strategic Development Plan (MSDP) ২০১১-২০৩১ এর প্রকল্প এলাকার মধ্যেই প্রস্তাবিত বিভাগীয় সদর দপ্তর অবস্থিত। ময়মনসিংহ পৌরসভা এবং পৌরসভা সংলগ্ন ময়মনসিংহ সদর উপজেলার নয়টি ইউনিয়ন এবং পৌরসভা সংলগ্ন গৌরীপুর উপজেলার ভাংনামারী ইউনিয়ন সহ মোট ১০টি ইউনিয়ন নিয়ে MSDP প্রকল্প এলাকা। প্রকল্প এলাকাটি কম বেশী ৭২০৭২.৮৪ একর এলাকা গঠিত হয়েছে। সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা এবং ব্যবস্থাপনা; দুর্যোগের ঝুঁকিহাস বিশেষ করে ভূমিকম্পের ঝুঁকি হ্রাসের কৌশল অন্তর্ভুক্তকরণের নিমিত্তে সংশ্লিষ্ট পেশাজীবীদের বাস্তবভিত্তিক প্রায়োগিক জ্ঞান প্রদানের মাধ্যমে কারিগরী দক্ষতা বৃদ্ধি করে ময়মনসিংহ শহর ও শহরতলী এলাকার কৌশলগত উন্নয়ন ও দীর্ঘ মেয়াদী ভূমি ব্যবস্থা প্রণয়ন করাই আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য।

প্রকল্পটির আওতায় চার ধরনের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যেগুলো হচ্ছে (ক) স্ট্রাকচার প্ল্যান: ময়মনসিংহ পৌরসভা এবং এর চারপাশের প্রান্তিক এলাকা নিয়ে প্রণীত; (খ) আরবান এরিয়া প্ল্যান: ময়মনসিংহ শহর এলাকার জন্য প্রণীত; (গ) রুরাল এরিয়া প্ল্যান: পার্শ্ববর্তী গ্রামীণ প্রান্তিক এলাকার জন্য প্রণীত এবং (ঘ) অ্যাকশন প্ল্যান/ডিটেইল্ড এরিয়া প্ল্যান: ফিজিক্যাল ফিচার সার্ভে ডাটার উপর ভিত্তি করে স্থানীয় তাৎক্ষণিক চাহিদা ভিত্তিক সেক্টরাল কর্মসূচী ও প্রকল্প চিহ্নিত করে প্রণয়ন করা হয়েছে।

চিত্র ০২: এমএসডিপি প্রকল্পের আওতায় প্রণীত ময়মনসিংহের কৌশলগত পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান)



## ২.১ ভৌগোলিক অবস্থান এবং গুরুত্ব

ময়মনসিংহ বিভাগীয় শহর বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত যা দেশের বিভিন্ন স্থান থেকে সহজেই অভিগমনযোগ্য। এর ভৌগোলিক অবস্থান প্রশাসনিক, বাণিজ্যিক এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য অত্র এলাকার একটি আঞ্চলিক কেন্দ্র হিসেবে একটি তাৎপর্যপূর্ণ অবদান রাখছে। শহরটির নদী এবং সবুজ মাঠ সহ মনোরম ভূমিরূপ (ল্যান্ডস্কেপ) এর প্রাকৃতিক সৌন্দর্যকে আরো বাড়িয়ে তুলেছে।

## ২.২ ঐতিহাসিক পটভূমি

ময়মনসিংহ বিভাগীয় শহরে রয়েছে বহু শতাব্দী প্রাচীন ঐতিহাসিক ঐতিহ্য। এই অঞ্চলটি বিভিন্ন রাজবংশ এবং সাম্রাজ্য দ্বারা প্রভাবিত হয়েছে যা এর সংস্কৃতি এবং স্থাপত্যকে একটি আকার প্রদান করেছে। শহরটির ঐতিহাসিক নিদর্শন এবং স্থাপত্য বিস্ময়কর যা এর সমৃদ্ধ অতীতের প্রমাণ হিসেবে এখনো দাঁড়িয়ে আছে। এই ঐতিহাসিক স্থানগুলি পর্যটক এবং ইতিহাস উৎসাহীদের আকর্ষণ করে এবং এই অঞ্চলের সাংস্কৃতিক ও ঐতিহাসিক তাৎপর্য সম্পর্কে জ্ঞান প্রদান করে।

## ২.৩ আর্থ-সামাজিক অবস্থা

ময়মনসিংহ শহরটি বিভিন্ন জাতিগত, সাংস্কৃতিক এবং ধর্মীয় পটভূমির লোকদের আবাসস্থল। জনসংখ্যার এই বৈচিত্র্য এই শহরে একটি প্রাণবন্ত এবং অন্তর্ভুক্তিমূলক সম্প্রদায় তৈরি করেছে যা বিভাগীয় শহরের সামাজিক কাঠামোকে সমৃদ্ধ করেছে। এখানকার জনসংখ্যা গত কয়েক দশকে ক্রমাগতভাবে বৃদ্ধি পেয়েছে, যা নাগরিকদের এবং নতুন সুযোগ সন্ধানকারী লোকদের জন্য একটি গন্তব্য হিসাবে ক্রমেই মূর্ত হয়ে উঠেছে।

ময়মনসিংহ বিভাগীয় শহরের অর্থনীতি বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে টিকে রয়েছে। শহরের চারপাশের উর্বর জমি ধান, পাট, শাকসবজি এবং ফলের মতো ফসল চাষে সহায়ক এবং এখানে কৃষি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। টেক্সটাইল, ফার্মাসিউটিক্যালস এবং ম্যানুফ্যাকচারিং শিল্প অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখে এবং কর্মসংস্থানের সুযোগ প্রদান করে। জমজমাট বাজার, দোকানপাট এবং ব্যবসার সাথে সমৃদ্ধ বানিজ্য খাতটি স্থানীয় জনগণের চাহিদা পূরণ করে এবং শহরের অর্থনৈতিক জীবনীশক্তিতে অবদান রাখে।

শহরটির অবকাঠামো বেশ উন্নত যার মধ্যে প্রয়োজনীয় সুবিধা এবং পরিষেবা রয়েছে। এখানে রয়েছে একটি স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান যা দেশের বিভিন্ন স্থান থেকে শিক্ষার্থীদের আকৃষ্ট করে এবং এটা এই এলাকাকে একটি শিক্ষার কেন্দ্র হিসেবে গড়ে তুলেছে। শহরে একটি সড়ক এবং রেল নেটওয়ার্ক রয়েছে, যা শহরের মধ্যে এবং পার্শ্ববর্তী এলাকায় যাতায়াতের সুবিধা প্রদান করে থাকে। বিনোদনমূলক স্থান, পার্ক এবং উদ্যানগুলি অবসরযাপন এবং জনসাধারণের সমাবেশের সুযোগ করে দেয়।

ময়মনসিংহ বিভাগীয় শহরে একটি প্রাণবন্ত সাংস্কৃতিক পরিবেশ বিদ্যমান। সাংস্কৃতিক উৎসব, শিল্প প্রদর্শনী এবং সজ্জীত পরিবেশনা শহরের প্রতিভা এবং সাংস্কৃতিক ঐতিহ্য প্রদর্শন করে। ঐতিহাসিক স্থান এবং জাদুঘরগুলি এই অঞ্চলের ইতিহাস সম্পর্কে ধারণা প্রদান করে এবং দর্শনার্থীদেরকে এর সাংস্কৃতিক তাৎপর্যের গভীরে প্রবেশ করার সুযোগ প্রদান করে। এছাড়াও শহরের পার্ক, উদ্যান, এবং বিনোদনমূলক স্থানগুলি বাসিন্দাদের এবং দর্শনার্থীদের বিশ্রাম নিতে এবং বিনোদনমূলক কার্যকলাপে জড়িত থাকার স্থান প্রদান করে।

## ২.৪ আর্থনৈতিক অবস্থা

ময়মনসিংহ বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বিভাগীয় শহর হওয়ায় বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে কাজ করে। এই এলাকার উল্লেখযোগ্য কিছু অর্থনৈতিক কর্মকাণ্ডের তথ্য নিম্নরূপ:

কৃষি: ময়মনসিংহ তার কৃষি উৎপাদনশীলতার জন্য পরিচিত। ময়মনসিংহের অর্থনীতির মেরুদণ্ড হলো কৃষি। অঞ্চলটি তার উর্বর জমি এবং কৃষি উৎপাদনশীলতার জন্য পরিচিত। এখানে ধান, পাট, গম, শাকসবজি এবং বিভিন্ন ফলের চাষ হয়। কৃষি খাত জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশ নিয়োজিত এবং স্থানীয় অর্থনীতিতে অবদান রাখে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, ২০১৯-২০২০ অর্থবছরে, ময়মনসিংহ জেলায় ধান (ধান), গম, পাট, ডাল, শাকসবজি এবং ফল সহ প্রধান ফসল সহ মোট চাষকৃত এলাকা ছিল প্রায় ৩,৩৭,৪০০ হেক্টর।

গবাদি পশু পালন: ময়মনসিংহে দুগ্ধ খামার, হাঁস-মুরগির খামার এবং মৎস্য চাষ সহ গবাদি পশু পালন হল আরেকটি উল্লেখযোগ্য অর্থনৈতিক কর্মকাণ্ড। এই অঞ্চলে পশু পালনের জন্য অনুকূল পরিস্থিতি রয়েছে এবং স্থানীয় ও জাতীয় বাজারে এখানকার পশুসম্পদ পণ্যের উচ্চ চাহিদা রয়েছে। প্রাণিসম্পদ পরিষেবা অধিদপ্তরের হিসাবে, ময়মনসিংহ বিভাগে ২০২০ সালে উল্লেখযোগ্য সংখ্যক গবাদি পশু ছিল, যার মধ্যে প্রায় ১.৩৫ মিলিয়ন গরু, ৪.২ মিলিয়ন ছাগল, ০.৩৫ মিলিয়ন ভেড়া এবং ৪৪.৬ মিলিয়ন হাঁস-মুরগি রয়েছে।

শিল্প: ময়মনসিংহে একটি ক্রমবর্ধমান শিল্প খাত রয়েছে, যেখানে টেক্সটাইল, গার্মেন্টস, ফার্মাসিউটিক্যালস, সিরামিক, কৃষি প্রক্রিয়াজাতকরণ এবং ক্ষুদ্র শিল্পের সাথে জড়িত কারখানা এবং উৎপাদন ইউনিট রয়েছে। ময়মনসিংহ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির তথ্য থেকে দেখা যায় যে, এই অঞ্চলে টেক্সটাইল, গার্মেন্টস, ফার্মাসিউটিক্যালস, সিরামিকস এবং এগ্রো-প্রসেসিং সহ বিভিন্ন শিল্প রয়েছে। এই শিল্পগুলি এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক বৃদ্ধিতে অবদান রাখে।

ব্যবসা ও বাণিজ্য: ময়মনসিংহ আশেপাশের গ্রামীণ এলাকার জন্য একটি বাণিজ্যিক কেন্দ্র হিসেবে কাজ করে। শহরের বিভিন্ন বাজার ও ব্যবসায়িক কার্যক্রম রয়েছে। জরিপের তথ্য থেকে দেখা যায় যে, ময়মনসিংহে বেশ কিছু পাইকারি ও খুচরা বাজার রয়েছে যেখানে কৃষিপণ্য, ভোগ্যপণ্য এবং অন্যান্য পণ্যের ব্যবসা হয়।

শিক্ষা: ময়মনসিংহে বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় এ অঞ্চলের একটি বিশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান। বিশ্ববিদ্যালয় শিক্ষা খাতে কর্মসংস্থানের সুযোগ এবং সেবার মাধ্যমে স্থানীয় অর্থনীতিতে অবদান রাখে।

সেবা: পরিবহণ, আতিথেয়তা, স্বাস্থ্যসেবা, ব্যাংকিং এবং আর্থিক পরিষেবার মতো পরিষেবা ভিত্তিক কার্যক্রম ময়মনসিংহের অর্থনীতিতে অবদান রাখে। শহরটি এই পরিষেবাগুলির জন্য একটি আঞ্চলিক কেন্দ্র হিসাবে কাজ করে, স্থানীয় জনসংখ্যার পাশাপাশি পর্যটকদের চাহিদাও পূরণ করে।

### ৩. ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ময়মনসিংহ বিভাগ ঘোষনার পর বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের তৎকালীন মাননীয় মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি এর নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল ১১.০৩.২০১৬ খ্রিঃ তারিখ নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর ও অন্যান্য বিভাগীয় দপ্তর এবং নতুন বিভাগীয় শহর স্থাপনের লক্ষ্যে উপযুক্ত স্থান নির্বাচনের জন্য ময়মনসিংহ শহরের সম্ভাব্য স্থানসমূহ পরিদর্শন করেন। প্রতিনিধি দল ব্রহ্মপুত্র নদের উত্তর পশ্চিম পাশে নবগঠিত ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর এবং পরিকল্পিতভাবে নতুন বিভাগীয় শহর স্থাপনের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন।

#### ৩.১ প্রয়োজন এবং উদ্দেশ্য সনাক্তকরণ

নতুন বিভাগ ঘোষনার পর সরকারী নীতিমালা অনুযায়ী ময়মনসিংহ জেলার বিভাগীয় কমিশনারের একটি অস্থায়ী কার্যালয়ে ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কার্যক্রম শুরু হয়। একইসাথে বিভাগীয় শহরের অন্যান্য সরকারী দপ্তরের জন্য স্থান নির্বাচনের কার্যক্রমও চলমান থাকে। পরবর্তীতে নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর ও অন্যান্য বিভাগীয় দপ্তর সমূহের কার্যালয়ের স্থান সংকট ও কার্যকোম পরিচালনার নিমিত্ত ব্রহ্মপুত্র নদের উত্তর পশ্চিম পাশে তুলনামূলক কম উন্নত এলাকায় নতুন পরিকল্পিত শহর স্থাপনের জন্য স্থান সনাক্ত করা হয়।

#### ৩.২ অংশীজনের সম্পৃক্ততা এবং পরামর্শ (টেবিল করতে হবে)

বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়নকালে বিভিন্ন শ্রেণীর অংশীজনের মতামত গ্রহন করা হয়। সরকারী বিভিন্ন সংস্থার প্রতিনিধি, স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, স্থানীয় জনসাধারণ, সুধীসমাজসহ সকল স্তরের জনসাধারণের মতামত গ্রহণ করা হয়। তাদের পরামর্শ ও মতামত সমূহ পরিকল্পনার দৃষ্টি কোন থেকে সমন্বয় করে পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হয়েছে।

চিত্র ০৩: ময়মনসিংহ বিভাগীয় নতুন শহরের পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিভিন্ন সভার চিত্র



পরিকল্পনা প্রণয়নকালে ২৫ টি উচ্চ পর্যায়ের সভা একটি গনসভা এবং মাননীয় প্রধানমন্ত্রীর সাথে দুইটি সভা আয়োজন করা হয়। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর (তৎকালীন প্রকল্প পরিচালক, এমএসডিপি) উক্ত সভায় প্রকল্প হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে প্রস্তাবিত বিভাগীয় দপ্তর সমূহের জন্য প্রাথমিকভাবে নির্ধারিত স্থানের ত্রিমাত্রিক অবস্থান ব্যাখ্যা পূর্বক স্থান নির্বাচনে সহায়তা করেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের তৎকালীন মুখ্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ছাড়াও ময়মনসিংহ বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের সাথে একাধিক সভা আয়োজন করা হয়। উল্লেখ্য যে, তৎকালীন বিরোধীদলীয় নেতার মুখপাত্র ও উক্ত সভাসমূহে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, খসড়া পরিকল্পনা নিয়ে একটি গনসভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভাগীয় সদর দপ্তর দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকাবাসী তাদের দাবী উত্থাপন করে এবং পরবর্তীতে তাদের পুনর্বাসনের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয় (সংযোজনী ০১)।

### ৩.৩ মহাপরিকল্পনা প্রণয়ন

একটি ভূমি ব্যবহার পরিকল্পনা/মাস্টার প্ল্যান প্রস্তুত একটি সমন্বিত পদ্ধতিগত প্রক্রিয়া। একটি ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের মূল পদক্ষেপগুলি নিম্নরূপঃ

- (১) তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং বিদ্যমান অবস্থার মূল্যায়ন: এলাকার ভৌগলিক, প্রাকৃতিক সম্পদ, জনসংখ্যা, অবকাঠামো এবং বিদ্যমান ভূমি ব্যবহারের নিদর্শনগুলির উপর প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ; বর্তমান অবস্থা, এবং চ্যালেঞ্জগুলি বোঝার জন্য এই তথ্য বিশ্লেষণ।
- (২) লক্ষ্য ও উদ্দেশ্য চিহ্নিতকরণ: স্টাডি এলাকার সুনির্দিষ্ট চাহিদা ও অগ্রাধিকারের ভিত্তিতে ভূমি ব্যবহার পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণকরণ। এর মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, অর্থনৈতিক প্রবৃদ্ধি সমর্থন, অবকাঠামোর উন্নতি, জীবনযাত্রার মান বৃদ্ধি অন্তর্ভুক্ত হবে।
- (৩) অংশীজনদের সম্পৃক্তকরণ: স্থানীয় জনগণ, বিভিন্ন সম্প্রদায়, গোষ্ঠী, সরকারী সংস্থা, ব্যবসা এবং পরিবেশ সংক্রান্ত সংস্থা; ভূমি ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট সকল সংস্থার পরামর্শ গ্রহণ, কর্মশালা এবং সভা আয়োজন।
- (৪) বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ এবং মূল্যায়ন: তথ্য ও উপাত্তের ভিত্তিতে ভূমি ব্যবহারের বিভিন্ন বিকল্প প্রস্তাবনা প্রস্তুতকরণ এবং পরিস্থিতিসমূহের বিস্তারিত বিশ্লেষণ। পরিবেশগত, সামাজিক, অর্থনৈতিক কার্যকারিতা এবং দীর্ঘমেয়াদী স্থায়িত্বের মতো বিষয়গুলি এখানে বিবেচনা করা হয়। পাশাপাশি, এতে বিভিন্ন ভূমি ব্যবহারের উপযুক্ততা এবং সামঞ্জস্যতা মূল্যায়ন করা হয়।
- (৫) ভূমি ব্যবহারের নীতিমালা (পলিসি) নির্ধারণ: লক্ষ্য, উদ্দেশ্য এবং বিশ্লেষণের উপর ভিত্তি করে, ভূমি ব্যবহারের সিদ্ধান্তগুলি বাস্তবায়নের লক্ষ্যে কৌশল এবং নীতিমালা নির্ধারণ। এর মধ্যে জোনিং, ভূমি উন্নয়ন নির্দেশিকা, খোলা ও উন্মুক্ত স্থান সংরক্ষণ, নির্দিষ্ট শিল্পের বিকাশ, বা মিশ্র-ব্যবহারের সমন্বয়- ইত্যাদি থাকতে পারে।
- (৬) ভূমি ব্যবহার নির্দিষ্টকরণ: এ পর্যায়ে পরিকল্পনার কাঙ্ক্ষিত ভূমি ব্যবহারের ধরণ এবং নীতিমালার উপর ভিত্তি করে নির্দিষ্ট ভূমি ব্যবহার অঞ্চলগুলি চিহ্নিত করা হয়।
- (৭) পরিকল্পনা বাস্তবায়ন: কর্ম পরিকল্পনা, সময়সীমাসহ একটি বাস্তবায়ন কাঠামো প্রস্তুতকরণ। ভূমি ব্যবহার পরিকল্পনার কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সরকারী বিভাগ, সংস্থা এবং অংশীজনদের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণ।
- (৮) পরিবীক্ষণ এবং পর্যালোচনা: পরিকল্পনার বাস্তবায়ন ক্রমাগত পরিবীক্ষণ করা হয়, এর কার্যকারিতা মূল্যায়ন করা হয় এবং প্রয়োজনানুযায়ী সমন্বয় করা হয়। পরিবর্তিত চাহিদা, উদীয়মান চ্যালেঞ্জ এবং নতুন সুযোগের সাথে খাপ খাইয়ে নিতে পরিকল্পনাটি নিয়মিত পর্যালোচনা ও হালনাগাদ করা হয়।

ভূমি ব্যবহার পরিকল্পনা একটি জটিল এবং সময়সাপেক্ষ প্রক্রিয়া যার জন্য সংশ্লিষ্ট দক্ষ পেশাজীবী প্রয়োজন। নিম্নে বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়নের ধাপসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করা হলো।



### ৩.৩.১ পটভূমি বিশ্লেষণ

উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল কর্তৃক ব্রহ্মপুত্র নদের উত্তর পশ্চিম পাশে নবগঠিত ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর এবং পরিকল্পিতভাবে নতুন বিভাগীয় শহর স্থাপনের নিতিগত সিদ্ধান্ত গ্রহন করেন। পরবর্তীতে জেলা প্রশাসকের কার্যালয় থেকে গুগল ম্যাপে ব্রহ্মপুত্র নদের অপর পাড়ে নদ বরাবর (চর ঈশ্বরদিয়া ইউনিয়ন হতে সিরতা ইউনিয়ন পর্যন্ত) ৯ কি.মি. লম্বা (কম/বেশী) এবং ১৫ বর্গ কি.মি. (কম/বেশী) এলাকা বিভাগীয় নতুন শহরের জন্য চিহ্নিত করা হয়। নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত Mymensingh Strategic Development Plan (MSDP) প্রকল্পের তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে প্রস্তাবিত বিভাগীয় দপ্তর সমূহের জন্য নির্ধারিত (খসড়া) স্থানের ত্রিমাত্রিক অবস্থান বিশ্লেষণ পূর্বক সরকারের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদলের সামনে উপস্থাপন করা হয়, যার প্রেক্ষিতে ময়মনসিংহ বিভাগীয় নতুন শহরের পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব নগর উন্নয়ন অধিদপ্তরকে দেওয়া হয়। জেলা প্রশাসন ময়মনসিংহ কর্তৃক দুইটি বিকল্প প্রস্তাব নগর উন্নয়ন অধিদপ্তরকে প্রেরণ করে।

প্রস্তাবনা (১) বিভাগীয় নতুন শহর স্থাপন

প্রস্তাবনা (২) বিভাগীয় সদর দপ্তর স্থাপন

জেলা প্রশাসন ময়মনসিংহ কর্তৃক প্রেরিত প্রস্তাবনার বিশ্লেষণ নিম্নরূপ:

#### ৩.৩.১.১ প্রস্তাবনা (১) বিভাগীয় নতুন শহর:

জেলা প্রশাসন ময়মনসিংহ কর্তৃক নির্ধারিত নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় নতুন শহরের স্থান নির্বাচনের নিয়ামকগুলো নিম্নরূপ:

১. নতুন বিভাগের জন্য প্রয়োজনীয় সরকারী অফিসসমূহ (২৭ টি দপ্তর) (সংযোজনী-০২)
২. বাণিজ্যিক এলাকা
৩. পর্যটন এলাকা
৪. সরকারী আবাসিক এলাকা
৫. খোলা জায়গা
৬. সামাজিক অবকাঠামোর জন্য প্রয়োজনীয় জায়গা
৭. অন্যান্য
৮. বিভাগীয় শহরের স্থান নির্বাচনের সময় প্রাক্কলিত জনসংখ্যা ধরা হয় ৩৫০০০০ (পঁয়ত্রিশ হাজার)।

জেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত নকশার সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেওয়া হলো:


১	উপজেলা	: ময়মনসিংহ সদর
২	মৌজা	: গোবিন্দপুর, জেলখানার চর, চর রঘুরামপুরা, চর সেহড়া, চর ঈশ্বরদিয়া
৩	জনসংখ্যা	: ৩৫০০০জন (প্রায়)
৪	অবস্থান	: ব্রহ্মপুত্র নদের উত্তর ও পূর্ব পাড় হতে শল্লুগঞ্জ ব্রীজ পর্যন্ত
৫	মোট জমির পরিমাণ	: ৮৫০০ একর (৩৪ বর্গ কি. মি) প্রায়
৬	ব্যক্তি মালিকানা	: ৮০৫০ একর,
৭	খাস	: ৪৫০ একর)
৮	মোট বসতবাড়ী/স্থাপনার সংখ্যা	: ৫৭০০টি (প্রায়)

জেলা প্রশাসন ময়মনসিংহ কর্তৃক প্রস্তাবিত এলাকার ভূমি ব্যবহার প্রস্তাব করা হয় যার প্রস্তাবনা নিম্নরূপঃ


নতুন শহরের জন্য প্রস্তাবিত জমির বিভাজন নিম্নরূপঃ

বসতবাড়ী/স্থাপনার আওতাধীন জমির পরিমাণ	: ৪০০০ একর
বসতবাড়ী/স্থাপনা নাই এমন জমির পরিমাণ	: ৪৫০০ একর
প্রস্তাবিত বিভিন্ন ব্লকে জমির পরিমাণ	: ২৯৭০ একর
প্রস্তাবিত রাস্তা সমূহের জমির পরিমাণ	: ৩৮৮ একর
ফাঁকা জায়গা, জলাধার, অতিরিক্ত জমির পরিমাণ	: ১১৪২ একর

চিত্র ০৪: উল্লিখিত নিয়ামকগুলো বিবেচনা করে জেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত প্রস্তাবিত নকশা



চিত্র ০৫: জেলা প্রশাসন কর্তৃক প্রস্তুতকৃত প্রস্তাবিত নকশা




নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বিভাগীয় নতুন শহরের জন্য প্রস্তাবিত (জেলা প্রশাসন কর্তৃক) এলাকার তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় এলাকাটি মূলতঃ কৃষি এলাকা (দুই ফসলী)। বিভাগীয় শহরের বিভিন্ন প্রস্তাবনার সাথে কৃষি এলাকার তথ্যের চিত্র


সংযোজনী-০৩ এ দেওয়া হলো। এছাড়াও এলাকাটি মূলত নিচু, ডেনেজ ব্যবস্থাপনা ও ব্রহ্মপুত্র নদের প্রধান বন্যা প্রবাহ অঞ্চল এর অন্তর্ভুক্ত। বিভাগীয় নতুন শহরের জন্য প্রস্তাবিত এলাকার বিদ্যমান নিষ্কাশন ব্যবস্থার অবস্থা বিশ্লেষণ করে দেখা যায় মোট এলাকার প্রায় ৫৮ শতাংশ এলাকা বিদ্যমান নিষ্কাশন ব্যবস্থার জন্য প্রয়োজন।

ভূমিকম্প সংবেদনশীলতা এবং মাটির প্রকৃতি অনুযায়ী প্রাথমিকভাবে নির্ধারিত এলাকাটি ভূমিকম্প সংবেদনশীল বলে MSDP প্রকল্পের তথ্যে প্রতীয়মান হয়। MSDP প্রকল্পের তথ্য অনুযায়ী এলাকাটির কিছু অংশ অত্যন্ত সংবেদনশীল এলাকায় অবস্থিত এবং বাকি অংশ মধ্যম সংবেদনশীল এলাকায় অবস্থিত।


চিত্র ০৬: বিভাগীয় শহরের কৃষি এলাকার তথ্যের চিত্র



চিত্র ০৭: বিভাগীয় শহরের ডেনেজ ব্যবস্থার চিত্র




চিত্র ০৮: বিভাগীয় শহরের বর্তমান ভূমি ব্যবহারের চিত্র



বিদ্যমান আবাসিক এলাকা গাছ এবং নিষ্কাশন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় স্থান বাদ দিয়ে প্রস্তাবিত মোট এলাকার মাত্র ১৭.৮১ শতাংশ জায়গা অবশিষ্ট থাকে যা প্রয়োজনের চেয়ে অপ্রতুল এবং বিচ্ছিন্নভাবে অবস্থিত।


চিত্র ০৯: ডেনেজ ব্যবস্থা, আবাসিক এলাকা এবং গাছপালা ব্যতীত বিভাগীয় শহরের অবস্থা



### ৩.৩.১.২ প্রস্তাবনা (২) বিভাগীয় সদর দপ্তর স্থাপন

গোবিন্দপুর মৌজায় ময়মনসিংহ বিভাগের বিভাগ পর্যায়ের বিভিন্ন দপ্তর সমূহের জন্য ১১০ একর খাস জমি থাকার কারণে জেলা প্রশাসন কর্তৃক উক্ত স্থান নির্বাচন করা হয়। পরবর্তিতে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত বিভাগীয় দপ্তর সমূহের জন্য প্রাথমিকভাবে নির্ধারিত স্থানের ত্রিমাত্রিক অবস্থানের তথ্য ও উপাত্ত বিশ্লেষণ পূর্বক দেখা যায় এলাকাটি তুলনামূলক ভাবে নীচু এবং ব্রহ্মপুত্র নদের প্রধান বন্যা প্রবাহ অঞ্চল এর অন্তর্ভুক্ত।

চিত্র ১০: গুগল ম্যাপে বিভাগীয় সদর দপ্তরের অবস্থান



### ৩.৩.২ এলাকা সরেজমিনে পরিদর্শন

মাঠ পর্যায়ের পরিদর্শন যেকোনো পরিকল্পনার প্রস্তুতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, মূল্যবান তথ্য প্রদান করে যা পরিকল্পনা প্রণয়নে কার্যকারী অবদান রাখে। এই পরিদর্শনগুলি পরিকল্পনাকারী এবং অংশিজনদের বিবেচনাধীন এলাকার বিদ্যমান অবস্থা, বৈশিষ্ট্য এবং গতিশীলতা সরাসরি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করার সুযোগ দেয়। সরেজমিনে পরিদর্শনে স্থানীয় জনগনের সাথে মিথস্ক্রিয়া তৈরী করে, এবং পরিকল্পনাবিদদের এলাকার প্রেক্ষাপট, চ্যালেঞ্জ এবং সুযোগ সম্পর্কে গভীর উপলব্ধি অর্জন করার সুযোগ দেয়। পরিশেষে, ক্ষেত্র পরিদর্শনের গুরুত্ব তাদের পরিকল্পনা প্রস্তুতির জন্য একটি ব্যাপক এবং সঠিক ভিত্তি প্রদান করার ক্ষমতা দেয়, যা ভূমি ব্যবহার ব্যবস্থাপনাকে আরও কার্যকর এবং সফল ফলাফলের দিকে পরিচালিত করে। পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত নীতিগত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রস্তাবিত এলাকাটি একাধিকবার সরেজমিনে পরিদর্শন পূর্বক MSDP প্রকল্প হতে প্রাপ্ত বিভিন্ন তথ্য ও উপাত্ত যাচাই করা হয়।

চিত্র ১১: বিভিন্ন সময়ে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের চিত্র





### ৩.৩.৩ চাহিদা নিরূপণ

প্রস্তাবিত বিভাগীয় নতুন শহরের সরকারী বিভিন্ন অফিসের অর্গানোগ্রাম অনুযায়ী ময়মনসিংহ বিভাগে ২৭ টি দপ্তরের নতুন অফিস প্রয়োজন হবে এবং সেই সকল অফিসের জনবলের জন্য স্থানের প্রয়োজন হবে। জেলা প্রশাসন ময়মনসিংহ কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুযায়ী অফিসের জন্য নির্ধারিত স্থান, সরকারী বাসভবনের জন্য স্থানের পরিমাণ নিরূপণ করা হয়। এছাড়াও উক্ত এলাকায় সরকারী কার্যালয় স্থাপনের ফলে আকৃষ্ট জনবল ও সুবিধাদির (সার্ভিস ও ফেসিলিটিস) জন্য স্থানের চাহিদা নিরূপণ করা হয়। বিভাগীয় নতুন শহরের অফিসের জন্য মোট ১২০.৫৭ একর এবং ১ তলা স্থাপনার জন্য মোট ৪৪.৬৫ একর আবাসিক এলাকা প্রয়োজন বলে প্রতীয়মান হয়। সরকারী নিয়ম বিবেচনা করে, সরকারি কর্মকর্তাদের জন্য মোট আবাসিক এলাকা (প্রধানত ১ তলা আবাসন) ৮৯.২৯ একর থেকে ১৭৮.৫৮ একর জমি প্রয়োজন যার জন ঘনত্ব হবে ৪১ জন/একর থেকে ২০ জন/একর (অথবা একর প্রতি ৮টি পরিবার থেকে ৪টি পরিবার)। বিভাগীয় নতুন শহরের সরকারী অফিস এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় জায়গার হিসাব নিম্নরূপ:

**সারণি ০১:** বিভাগীয় নতুন শহরের সরকারী অফিস এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় জায়গা

ক্রমিক নম্বর	শ্রেণী	(ক) স্পেস স্ট্যান্ডার্ড (বর্গফুট/জন)	(খ) বিভাগীয় নতুন শহরের জনসংখ্যা	(গ) প্রয়োজনীয় জায়গা (বর্গফুট/শ্রেণী)	(ঘ) বিভিন্ন পরিষেবা এবং সঞ্চালনের জন্য প্রয়োজনীয় স্থানের গুণক ফ্যাক্টর	(ঙ) মোট প্রয়োজনীয় জায়গা (বর্গফুট/শ্রেণী)	(চ) মোট প্রয়োজনীয় জায়গা (কোঠা/শ্রেণী)	(ছ) মোট প্রয়োজনীয় জায়গা (একর/শ্রেণী)	(জ) মোট প্রয়োজনীয় জায়গা (শতাংশ/শ্রেণী)	(ঝ) মোট প্রয়োজনীয় জায়গা (হেক্টর/শ্রেণী)
১	১ম শ্রেণী	১৬০	১১১	১৭৭৬০	৩	৫৩২৮০	৭৪.০০	১.২২	৪০.৭৭	০.৫০
২	২য় শ্রেণী	১০০	৪০	৪০০০	৩	১২০০০	১৬.৬৭	০.২৮	৯.১৮	০.১১
৩	৩য় শ্রেণী	৬০	৩৯০	২৩৪০০	৩	৭০২০০	৯৭.৫০	১.৬১	৫৩.৭২	০.৬৫
৪	৪র্থ শ্রেণী	৪০	১৮৪	৭৩৬০	৩	২২০৮০	৩০.৬৭	০.৫১	১৬.৯০	০.২১
৫	মোট		৭২৫	৫২৫২০	৩	১৫৭৫৬০	২১৮.৮৩	৩.৬২	১২০.৫৭	১.৪৬

শ্রেণীভিত্তিক সরকারী প্রাপ্যতা অনুযায়ী অফিস কার্যক্রমের জন্য স্থানের পরিমাণ নির্ধারন করা হয়। উক্ত নির্ধারিত স্থানের সাথে অন্যান্য বিভিন্ন পরিসেবা ও সঞ্চালনের জন্য তিন গুনিতক হারে মোট প্রয়োজনীয় জায়গার হিসাব চূড়ান্ত করা হয়।

সারণি ০২: বিভাগীয় নতুন শহরের সরকারী আবাসিক এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী প্রয়োজনীয় জায়গা

ক্রমিক নম্বর	শ্রেণী	(ক) স্পেস স্ট্যান্ডার্ড (বর্গফুট/জন)	(খ) বিভাগীয় নতুন শহরের জনসংখ্যা	(গ) প্রয়োজনীয় জায়গা (বর্গফুট/শ্রেণী)	(ঘ) প্রয়োজনীয় আবাসিক জায়গা (বর্গফুট/শ্রেণী/পরিবার)	(ঙ) বিভিন্ন পরিষেবা এবং সঞ্চালনের জন্য প্রয়োজনীয় স্থানের গুণক ফ্যাক্টর	(চ) মোট প্রয়োজনীয় জায়গা (বর্গফুট/শ্রেণী)	(ছ) মোট প্রয়োজনীয় জায়গা (কোঠা/শ্রেণী)	(জ) মোট প্রয়োজনীয় জায়গা (একর/শ্রেণী)	(ঝ) মোট প্রয়োজনীয় জায়গা (শতাংশ/শ্রেণী)	(ঞ) মোট প্রয়োজনীয় জায়গা (হেক্টর/শ্রেণী)
১	১ম শ্রেণী	১২৫০	১১১	৫৫৫	১৩৮৭৫০	৩	৪১৬২৫০	৫৭৮.১৩	৯.৫৬	৩১৮.৫৩	৩.৮৭
২	২য় শ্রেণী	১০০০	৪০	২০০	৪০০০০	৩	১২০০০০	১৬৬.৬৭	২.৭৫	৯১.৮৩	১.১২
৩	৩য় শ্রেণী	৮৫০	৩৯০	১৯৫০	৩৩১৫০০	৩	৯৯৪৫০০	১৩৮১.২৫	২২.৮৩	৭৬১.০২	৯.২৪
৪	৪র্থ শ্রেণী	৭৫০	১৮৪	৯২০	১৩৮০০০	৩	৪১৪০০০	৫৭৫.০০	৯.৫০	৩১৬.৮০	৩.৮৫
৫	মোট		৭২৫	৩৬২৫	৬৪৮২৫০	৩	১৯৪৪৭৫০	২৭০১.০৪	৪৪.৬৫	১৪৮৮.১৮	১৮.০৮

সারণি ০৩: বিভাগীয় নতুন শহরের সরকারী আবাসিক এলাকার জন্য বরাদ্দ অনুযায়ী বিভিন্ন প্রস্তাবনা

ক্র নং	শ্রেণী	পরিবার প্রতি আবাসিক স্থানের পরিমাণ (বর্গফুট)	জন সংখ্যা	পরিবারের লোকসংখ্যা	নেট আবাসিক এলাকা (একর/শ্রেণী)	দৃশ্যপট-০১			দৃশ্যপট-০২		
						(ছ) নেট ও মোট আবাসিক এলাকার অনুপাত (%)	(জ) মোট আবাসিক এলাকা (একর/শ্রেণী)	(ঝ) মোট ঘনত্ব/ দৃশ্যপট-০১ (প্রতি একরে জনসংখ্যা)	(ঞ) নেট ও মোট আবাসিক এলাকার অনুপাত (%)	(ট) মোট আবাসিক এলাকা (একর/শ্রেণী)	(ঠ) মোট ঘনত্ব/ দৃশ্যপট-০২ (প্রতি একরে জনসংখ্যা)
১	১ম শ্রেণী	১২৫০	১১১	৫৫৫	৯.৫৬	৫০	১৯.১১	২৯	২৫	৩৮.২২	১৫
২	২য় শ্রেণী	১০০০	৪০	২০০	২.৭৫	৫০	৫.৫১	৩৬	২৫	১১.০২	১৮
৩	৩য় শ্রেণী	৮৫০	৩৯০	১৯৫০	২২.৮৩	৫০	৪৫.৬৬	৪৩	২৫	৯১.৩২	২১
৪	৪র্থ শ্রেণী	৭৫০	১৮৪	৯২০	৯.৫০	৫০	১৯.০১	৪৮	২৫	৩৮.০২	২৪
৫	মোট		৭২৫	৩৬২৫	৪৪.৬৫		৮৯.২৯	৪১		১৭৮.৫৮	২০

শ্রেণীভিত্তিক সরকারী প্রাপ্যতা অনুযায়ী আবাসনের জন্য স্থানের পরিমাণ থেকে দেখা যায় যে, সরকারি আজিমপুর কলোনী অনুযায়ী ঘনত্ব বিবেচনা করলে মোট ৮৯.২৯ একর স্থানের প্রয়োজন। একইসাথে ভবিষ্যতের জন্য স্থান সংরক্ষণ পূর্বক নেট ও মোট আবাসিক এলাকার অনুপাত ২৫ শতাংশ ধরলে মোট ১৭৮.৫৮ একর স্থানের প্রয়োজন হয়।

সারণি ০৪: বিভাগীয় সদর দপ্তরের জন্য প্রয়োজনীয় স্থান (মোট জনসংখ্যা: ৩৫০০০ জন)

ঘনত্ব	স্থান (একর)	সরকারি (একর)	একতলা ভবন বিবেচনা করে মোট এলাকা (একর)	দুইতলা ভবন বিবেচনা করে মোট এলাকা (একর)	তিনতলা ভবন বিবেচনা করে মোট এলাকা (একর)
৫০	৭০০.০০	১৯১.৭৬	৮৯১.৭৬	৪৪৫.৮৮	২২২.৯৪
১০০	৩৫০.০০	১৯১.৭৬	৫৪১.৭৬	২৭০.৮৮	১৩৫.৪৪
১৫০	২৩৩.৩৩	১৯১.৭৬	৪২৫.০৯	২১২.৫৫	১০৬.২৭

উল্লিখিত হিসাব অনুযায়ী বিভাগীয় সদর দপ্তরের জন্য প্রয়োজনীয় স্থানের সাথে অন্যান্য প্রয়োজনীয় পরিসেবা ও অবকাঠামো বিবেচনা করে বিভাগীয় নতুন শহরের জন্য পরিকল্পনা প্রনয়নের জন্য স্থানের পরিমাপ নির্ধারণ করা হয়েছে। জনসংখ্যার ঘনত্ব ৫০, ১০০ ও ১৫০ বিবেচনা করে একতলা ভবন, দুইতলা ভবন ও তিনতলা ভবনের জন্য তিনটি দৃশ্যপট বিবেচনা করে আবাসনের জন্য স্থান চূড়ান্ত করা হয়েছে।

### ৩.৩.৪ পরিকল্পনা এলাকা (স্থান) নির্ধারণ

পরিকল্পনা প্রণয়ন একটি গতিশীল এবং বহুমুখী প্রক্রিয়া। এর জন্য একটি এলাকার বৈশিষ্ট্য, চ্যালেঞ্জ এবং সুযোগগুলির বিস্তারিতভাবে বোঝা প্রয়োজন। সতর্ক মূল্যায়ন, সুচিন্তিত বিবেচনা, এবং কার্যকর অংশীজনের অংশগ্রহণের মাধ্যমেই শুধুমাত্র একটি সুপরিকল্পিত রোডম্যাপ প্রণয়ন করা সম্ভব। নতুন বিভাগীয় শহরটির জন্য স্থান নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়ামকসমূহ বিবেচনা করা হয়েছে:

- ক) বিদ্যমান বন্যা প্রবাহ অঞ্চল সংরক্ষণ পূর্বক, বন্যামুক্ত এলাকায় প্রস্তাবিত শহরের স্থান নির্বাচন।
- খ) ময়মনসিংহ শহর কম/বেশী ৭.৫ মাত্রার রিখটার স্কেলের ভূমিকম্প প্রবণ অঞ্চল এবং ডাউকি ফল্ট লাইন থেকে মাত্র ৪০ কি.মি. দূরে অবস্থিত। এমতাবস্থায়, প্রস্তাবিত শহরের স্থান তুলনামূলক কম ভূমিকম্প প্রবণ এলাকায় স্থাপন।
- গ) কৃষি জমি সংরক্ষণ পূর্বক, বিশেষ করে তিন (০৩) ও দুই (০২) ফসলী জমি সংরক্ষণ পূর্বক অন্যান্য বিরান ও উপযুক্ত এলাকায় শহর স্থাপন।
- ঘ) বিদ্যমান জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ মোতাবেক বিদ্যমান নদী, খাল-বিল, পুকুর, নালা, প্রাকৃতিক জলাধার সংরক্ষণ পূর্বক নতুন স্থান নির্বাচন করা।
- ঙ) উপরোক্ত নিয়ামক সমূহকে বিবেচনায় নিয়ে সমগ্র প্রকল্প এলাকায় একটি Multi Criteria Analysis সম্পন্ন পূর্বক প্রস্তাবিত শহরটিকে চিহ্নিত করা।

#### ৩.৩.৪.১ মাল্টি ক্রাইটেরিয়া বিশ্লেষণ


নতুন বিভাগীয় শহরটির জন্য স্থান নির্বাচনের ক্ষেত্রে Multi Criteria Analysis এর জন্য ১০ ধরনের নিয়ামক ব্যবহার করা হয়। নিয়ামকগুলো নিম্নরূপ:

১. বিদ্যমান ভূমি ব্যবহার
২. বিদ্যমান এগ্রো-ফিশারিজ
৩. বিদ্যমান জলাধার
৪. মাটির ধরন
৫. নিষ্কাশন ব্যবস্থা
৬. বিদ্যমান অবকাঠামো
৭. বন্যামুক্ত অঞ্চল
৮. ফাউন্ডেশন গভীরতা
৯. ভূমিকম্পের সহনশীলতা
১০. প্রস্তাবিত স্ট্রাকচার প্ল্যান

এমএসডিপি প্রকল্প এলাকাকে প্রথমেই ২৫০ মিটারের গ্রিডে (২৫০ মিটার হাঁটা দুরত্ব বিবেচনায় ২৫০ মিটারের গ্রিড) ভাগ করে নেওয়া হয়। প্রতিটি গ্রিডের আয়তন ১৫.৩৩ একর। উপরোক্ত নিয়ামকগুলোকে প্রত্যেকটিকে আলাদা ভাবে গুরুত্ব দেওয়া হয়। প্রত্যেকটি নিয়ামক এর নিজস্ব বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে গুরুত্ব দেওয়া হয়। পরবর্তিতে গ্রিডের এলাকায় অবস্থিত বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ অংশের পরিমানের উপর নির্ভর করে সমানুপাতিক হারে গুরুত্ব দেওয়া হয়। নিচে ধারাবাহিকভাবে নিয়ামকগুলোর গুরুত্ব প্রদানের পর প্রকল্প এলাকার অবস্থানের চিত্র নিয়ামক অনুযায়ী দেখানো হলো।




চিত্র ১২: বিদ্যমান ভূমি ব্যবহার অনুযায়ী প্রকল্প এলাকার অবস্থা



বিভিন্ন ধরনের বিদ্যমান ভূমি ব্যবহারের মানের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। এগারো (১১) ধরনের বিভিন্ন ভূমি ব্যবহারকে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১২ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি বিদ্যমান ভূমি ব্যবহারের ভিত্তিতে পরিনত এবং যত বেশি সবুজ তত বেশি অপরিণত অর্থাৎ ভবিষ্যৎ ব্যবহারের জন্য উপযুক্ত।


চিত্র ১৩: বিদ্যমান স্থাপনা অনুযায়ী প্রকল্প এলাকার অবস্থা



MSDP প্রকল্পের স্থাপনার তথ্যের ভিত্তিতে স্থাপনার শ্রেণীর ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। পাঁচ (৫) ধরনের বিভিন্ন শ্রেণীর স্থাপনাকে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১৩ থেকে দেখা যায় যে, যত বেশি


লাল তত বেশি পরিনত এবং যত বেশি সবুজ তত বেশি অপরিনত অর্থাৎ ভবিষ্যৎ ব্যবহারের জন্য উপযুক্ত। ময়মনসিংহ পৌসসভা ব্যতীত বাকী পুরো এলাকায় স্থাপনার শ্রেণী মূলত কাচা/সেমি পাকা।

চিত্র ১৪: বিদ্যমান জলাশয়ের উপর ভিত্তি করে প্রকল্প এলাকার অবস্থা




বিভিন্ন ধরনের জলাশয়ের শ্রেণীর উপর মানের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। আট (৮) ধরনের বিভিন্ন শ্রেণীর জলাশয়কে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১৪ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি জলাশয়ের ভিত্তিতে পরিনত অর্থাৎ উক্ত এলাকায় অন্য কোনো ব্যবহার করতে হলে সরকারী বিধি বিধানের প্রেক্ষিতে এবং স্ট্রাকচারাল ব্যবস্থাপনা গ্রহন সাপেক্ষে করতে হবে এবং যত বেশি সবুজ তত বেশি অপরিনত অর্থাৎ ভবিষ্যৎ ব্যবহারের জন্য উপযুক্ত।

চিত্র ১৫: বিদ্যমান এগ্রো-ফিশারিজ তথ্যের উপর ভিত্তি করে প্রকল্প এলাকার অবস্থা



কৃষিভূমি ও জলাশয়ের বিভিন্ন ধরনের ব্যবহার মানের উপর ভিত্তি করে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। বিভিন্ন শ্রেণীর কৃষিভূমির ব্যবহার ও জলাশয়ের ব্যবহারকে সম্মিলিত করে পাঁচ (৫) ধরনের ব্যবহারকে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১৫ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি জলাশয়ের ভিত্তিতে পরিনত অর্থাৎ উক্ত এলাকায় অন্য কোনো ব্যবহার করতে হলে সরকারী বিধি বিধানের প্রেক্ষিতে এবং স্ট্রাকচারাল ব্যবস্থাপনা গ্রহন সাপেক্ষে করতে হবে এবং যত বেশি সবুজ তত বেশি অপরিণত অর্থাৎ ভবিষ্যৎ ব্যবহারের জন্য উপযুক্ত।


চিত্র ১৬: উচ্চতার (এলিভেশন) উপর ভিত্তি করে প্রকল্প এলাকায় বন্যামুক্ত এলাকার অবস্থান




ভূমির উচ্চতার উপর ভিত্তি করে MSDP প্রকল্পে পুরো প্রকল্পের এলাকাকে ৯টি শ্রেণীতে ভাগ করা হয়। সরকারী পানি আইন ২০১৫ তে উল্লেখিত Foreshore থেকে শুরু করে বন্যামুক্ত অঞ্চল পর্যন্ত। উক্ত শ্রেণীগুলোকে পেশাজীবীদের মতামতের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। বিভিন্ন শ্রেণীর ভূমির উচ্চতার উপর ভিত্তিকরে নয় (৫) ধরনের ব্যবহারকে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১৬ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি বন্যামুক্ত এলাকা অর্থাৎ উক্ত এলাকায় যে কোনো ধরনের স্থাপনা প্রস্তুত করার জন্য অধিক উপযুক্ত এবং যত বেশি সবুজ তত বেশি বন্যাপ্রবন।

MSDP প্রকল্পের সার্ভে ডাটা থেকে প্রাপ্ত বিভিন্ন ধরনের ড্রেনেজ ব্যবস্থাপনার উপর ভিত্তি করে পেশাজীবীদের মতামতের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। চিত্র-১৭ থেকে দেখা যায় যে, যত বেশি হলুদের দিকে তত বেশি ড্রেনেজ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় অর্থাৎ উক্ত এলাকায় যে কোনো ধরনের স্থাপনা প্রস্তুত করার জন্য স্ট্রাকচারাল ব্যবস্থাপনা গ্রহন সাপেক্ষে করতে হবে এবং যত বেশি সবুজ তত বেশি অনপযুক্ত।

চিত্র ১৭: পানির স্বাভাবিক প্রবাহের অবস্থানচিত্র




চিত্র ১৮: প্রকল্প এলাকার ভূমির ধরণ



নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত MSDP প্রকল্পের পরিকল্পনায় প্রথমবারের মতো ভূমির উপরিভাগের তথ্যের সাথে ভূমিত নীচের (৩০ মিটার পর্যন্ত) তথ্য সংযুক্ত করা হয়। মাটির প্রকারভেদ থেকে দেখা যায় যে, উক্ত প্রকল্প এলাকায় মূলত চার ধরনের মাটি রয়েছে। মাটির ধরনের উপর ভিত্তি করে পেশাজীবীদের মতামতের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। বিভিন্ন শ্রেণীর মাটির উপর ভিত্তিকরে চার (৪) ধরনের ব্যবহারকে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১৮ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি উপযুক্ত এবং যত বেশি সবুজ তত বেশি অপযুক্ত অর্থাৎ এই এলাকায় ব্যবহারের জন্য স্ট্রাকচারাল ব্যবস্থাপনা গ্রহন করতে হবে।


চিত্র ১৯: প্রকল্প এলাকায় স্থাপনা নির্মাণের জন্য প্রয়োজনীয় ন্যূনতম ফাউন্ডেশন গভীরতা



MSDP প্রকল্পের ভূমিত নীচের (৩০ মিটার পর্যন্ত) Foundation Depth সম্পর্কিত তথ্যের উপর ভিত্তি করে পেশাজীবীদের মতামতের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। বিভিন্ন এলাকার Foundation Depth এর উপর ভিত্তি করে পুরো এলাকাকে সাত (৭) ভাগে ভাগ করা যায়। এই সাত ধরনের Foundation Depth এর সিমাকে ব্যবহারকে ১০ এর ভিতর বিভিন্ন মানে বিভক্ত করে ম্যাট্রিক্সটি প্রস্তুত করা হয়েছে। চিত্র-১৯ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি স্থাপনা নির্মাণের জন্য উপযুক্ত অর্থাৎ Foundation Depth এর গভীরতা কম এবং যত বেশি সবুজ তত বেশি অপযুক্ত অর্থাৎ এই এলাকায় স্থাপনার জন্য স্ট্রাকচারাল ব্যবস্থাপনা গ্রহন করতে হবে।

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত MSDP প্রকল্পের পরিকল্পনায় ভূমির উপরিভাগের প্রাথমিক তথ্যের সাথে ভূমিত নীচের (৩০ মিটার পর্যন্ত) তথ্য সংযুক্ত বিভিন্ন সরকারী নীতিমালা পেশাজীবীদের মতামতের সমন্বয়ে প্রকল্প এলাকার কৌশলগত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা হয়। উক্ত Structure Plan এর বিভিন্ন প্রস্তাবনার উপর ভিত্তি করে পেশাজীবীদের মতামতের ভিত্তিতে একটি ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। কৃষি জমি ও জলাশয় ব্যতিরেকে এই ম্যাট্রিক্স প্রস্তুত করা হয়। চিত্র-২০ থেকে দেখা যায় যে, যত বেশি লাল তত বেশি পরিনত এবং যত বেশি সবুজ তত বেশি অপরিণত অর্থাৎ এই এলাকায় ব্যবহারের জন্য অধিক উপযুক্ত।

চিত্র ২০: স্ট্রাকচার প্ল্যান প্রস্তাবনা অনুযায়ী প্রকল্প এলাকার অবস্থা




পরবর্তিতে সকল নিয়ামকগুলোকে চারটি বৃহৎ ভাগে বিভক্ত করে পুনরায় পেশাজীবীদের মতামতের সমন্বয়ে নতুন প্রস্তাবনা বা বিভাগীয় শহরের স্থান নির্বাচনের জন্য ওয়েটেজ প্রদান করা হয়। নিয়ামক এবং গুরুত্বের শ্রেণীবিভাগ এবং ম্যাপের চিত্র নিম্নে দেওয়া হলো:

সারণি ০৫: গুরুত্বের ম্যাট্রিক্স


ক্লাস	মার্কস	ডিটেইলড ক্রাইটেরিয়া	ডিটেইলড নম্বর
বাস্তুসংস্থান	৪	জল	১.৫০
		বন্যামুক্ত জমি	১.০০
		মাটির ধরন	০.৫০
		ড্রেনেজ	০.৭৫
		কৃষি-মৎস্য	০.২৫
ভূমিকম্প	৩	ভিত্তি (ফাউন্ডেশন) গভীরতা	২.০০
		ভূমিকম্প সংবেদনশীলতা	১.০০
ভূমি ব্যবহার	৩	বিদ্যমান কাঠামোর ধরন	১.০০
		বিদ্যমান ভূমি ব্যবহার	০.৫০
		প্রস্তাবিত কাঠামোগত পরিকল্পনা	১.৫০
মোট	১০		১০.০০

চিত্র ২১: উপযুক্ত স্থান নির্ধারনের জন্য ১০টি নিয়ামককে বিবেচনা করে সমন্বিত চিত্র



উপরের মানচিত্র থেকে বোঝা যায় গ্রিডের রঙ যত বেশী লালের দিকে গ্রিডটি নতুন শহর/অবকাঠামো নির্মানের ক্ষেত্রে তত বেশী উপযুক্ত। গ্রিডের মান ৫০ এর বেশী হলে সেই গ্রিডগুলোকে বেশী উপযুক্ত ধরে নেওয়া হয়েছে। এমন গ্রিডগুলোর অবস্থান নিম্নের চিত্রের মাধ্যমে দেওয়া হলো।

চিত্র ২২: বিভাগীয় নতুন শহরের জন্য নির্বাচিত উপযুক্ত স্থান





উপরের মানচিত্রে গ্রিডের মান ৫০ এর বেশী গ্রিডগুলো দেখান হয়েছে। এই গ্রিডগুলোকে বিভাগীয় নতুন শহর হওয়ায় জন্য অধিকতর উপযুক্ত।

### ৩.৩.৫ পরিকল্পনা প্রণয়ন

#### ৩.৩.৫.১ খসড়া পরিকল্পনা প্রণয়ন

বন্যা প্রবাহ অঞ্চল সংরক্ষণ, তুলনামূলক কম ভূমিকম্প প্রবণ এলাকা, তিন (০৩) ও দুই (০২) ফসলী জমি সংরক্ষণ বিদ্যমান জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ মোতাবেক বিদ্যমান নদী, খাল-বিল, পুকুর, নালা, প্রাকৃতিক জলাধার সংরক্ষণ এবং Multi Criteria Analysis থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সমন্বয় পূর্বক বিভাগীয় শহরের প্রাথমিক প্রস্তাবনা প্রস্তুত করা হয়।

চিত্র ২৩: বিভাগীয় নতুন শহরের জন্য প্রণয়নকৃত খসড়া প্রস্তাবনা (প্রথম সংস্করণ)







### ৩.৩.৫.২ প্রথম (১ম) খসড়া বিকল্প পরিকল্পনা প্রণয়ন

বিভাগীয় নতুন শহরের জন্য বিভিন্ন সরকারী অফিস এবং অন্যান্য সুবিধাদিসহ ১৪০৭.৫৬ একর এবং Special Planning Phase এর জন্য ৪০২.১৯ একর সহ ১৮০৯.৭৫ একর জায়গার খসড়া গ্ল্যান করা হয়।

চিত্র ২৪: প্রস্তাবিত বিভাগীয় নতুন শহরের কাঠামোগত পরিকল্পনা



চিত্র ২৫: প্রস্তাবিত বিভাগীয় নতুন শহরের কাঠামোগত পরিকল্পনার ডিজিটাল রূপ



বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনার মধ্যে জেলা প্রশাসন, ময়মনসিংহ থেকে সরবরাহকৃত ২৫ টি দপ্তরের তালিকা অনুযায়ী স্থানের সংস্থান, আবাসন, পার্ক, রাস্তা শিক্ষা, চিকিৎসা ইত্যাদির জন্য বরাদ্দ রেখে পরিকল্পনা প্রণয়ন করা হয়। এছাড়াও ১৫.৩৮ একর জায়গা অফিস/প্রশাসনিক কার্যক্রমের জন্য সংরক্ষিত রাখা হয়। Special Planning Phase এ Hotel Motel zone, Amphetheater সহ অন্যান্য পরিসেবা ও সুবিধাদি রেখে ৪০২.১৯ একর জায়গার পরিকল্পনা করা হয়। নিম্নের ছকে ১৮০৯.৭৫ একর জায়গার প্রস্তাবিত ভূমি ব্যবহার অনুযায়ী তথ্য দেওয়া হলো।

সারণি ০৬: ভূমি ব্যবহার অনুযায়ী বিভাগীয় নতুন শহরের তথ্য

শ্রেণি	বিবরণ	মিশন	আয়তন(একর)	% (শ্রেণি)	% (মোট)
কার্যালয় (অফিস)	বিভাগীয় সদর দপ্তর	বিভাগীয় সদর দপ্তর এবং সংশ্লিষ্ট অন্যান্য অবকাঠামো	২৮.৮১	১৭.৬১	২.০৫
	কৃষি বিপন্ন দপ্তর	বিভাগীয় ও জেলা কার্যালয়	০.৫৭	০.৩৫	০.০৪
	ট্যাক্স কমিশনারের কার্যালয়	বিভাগীয় কার্যালয়	০.৫৪	০.৩৩	০.০৪
	ভূমি মন্ত্রণালয়	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	২.১৭	১.৩৩	০.১৫
	BIAM ফাউন্ডেশন	বিআইএএম ল্যাবরেটরি স্কুল	২.৯৩	১.৭৯	০.২১
	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	নভোথিয়েটার	৫.৯০	৩.৬১	০.৪২
	BPSC	জোনাল অফিস	০.৬০	০.৩৬	০.০৪
	পুলিশ সুপার, ময়মনসিংহ	পুলিশ সার্ভিস ট্রেনিং সেন্টার	২৮.৭১	১৭.৫৪	২.০৪
	পুলিশ সুপার, ময়মনসিংহ	আরআরএফ পুলিশ লাইন	১২.৬৯	৭.৭৬	০.৯০
	পুলিশ সুপার, ময়মনসিংহ	মহানগর পুলিশ লাইন	২৬.০১	১৫.৮৯	১.৮৫
	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় (BAPBIBO)	পল্লী বিদ্যুতায়নের জন্য O&M কমপ্লেক্স	১.৭৯	১.০৯	০.১৩
	নগর উন্নয়ন অধিদপ্তর	জোনাল অফিস, বাসস্থান ও রেন্ট হাউস	১.৬৮	১.০২	০.১২
	জেলা খাদ্য নিয়ন্ত্রক	জোনাল অফিস, বাসস্থান ও রেন্ট হাউস	১.৪৭	০.৯০	০.১০
	জেলা তথ্য অফিস	বিভাগীয় কার্যালয়	০.৮১	০.৪৯	০.০৬
	জেলা গণযোগাযোগ অফিস	জেলা তথ্য কমপ্লেক্স	১.৪৪	০.৮৮	০.১০
	দুর্নীতি দমন কমিশন	বিভাগীয় কার্যালয়	০.৮৫	০.৫২	০.০৬
	আনসার, ডিডিপি	বিভাগীয় সদর দপ্তর প্রশিক্ষণ কেন্দ্র, রেন্ট হাউস এবং অন্যান্য	৮.২৮	৫.০৬	০.৫৯
	জেলা প্রাথমিক শিক্ষা অফিস	বিভাগীয় প্রধান কার্যালয়	৫.০৬	৩.০৯	০.৩৬
	ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স	বিভাগীয় প্রধান কার্যালয়	৬.০০	৩.৬৭	০.৪৩
	সিভিল সার্জন	বিভাগীয় পরিচালকের কার্যালয়	২.৮৫	১.৭৪	০.২০
	জেলা পরিবার পরিকল্পনা অফিস	পরিবার পরিকল্পনা অফিস	১.৭৫	১.০৭	০.১২
	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	বিভাগীয় কার্যালয়	০.৮৮	০.৫৪	০.০৬
	পরিবেশ অধিদপ্তর	বিভাগীয় কার্যালয়	০.৯১	০.৫৬	০.০৬
	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিস	পরিচালকের কার্যালয়	৫.০৯	৩.১১	০.৩৬
	উপপরিচালক, BBS অফিস	বিভাগীয় কার্যালয় সংরক্ষিত প্লট	০.৪৯ ১৫.৩৮	০.৩০ ৯.৪০	০.০৩ ১.০৯
	উপ-মোট ০১			১৬৩.৬৬	১০০.০০
ইকোলজি		পার্ক	১১২.৩৬	১৩.২৪	৭.৯৮
		আরবান গ্রীন	৪৪.৮২	৫.২৮	৩.১৮
		জলাধার	২৯৮.০২	৩৫.১১	২১.১৭
		জলাভূমি/জলাশয়	৩৯৩.৫৯	৪৬.৩৭	২৭.৯৬
উপ-মোট ০২			৮৪৮.৭৯	১০০.০০	৬০.৩০
ভৌত		কেন্দ্রীয় মসজিদ ও ঈদগাহ	১০.৪৭	৪.৫৯	০.৭৪
		ক্রোভারলিফ	৮.২০	৩.৫৯	০.৫৮
		পানীয় জল পরিশোধন ও পাম্প হাউজ	৯.৫৮	৪.২০	০.৬৮
		অভ্যন্তরীণ রাস্তা	০.১০	০.০৪	০.০১
		অভ্যন্তরীণ রাস্তা (HQ)	৫.৫০	২.৪১	০.৩৯
		আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স	৪৫.৩৭	১৯.৮৯	৩.২২
		রাস্তা (৫০ ফুট)	৮৬.৫১	৩৭.৯২	৬.১৫
		রাস্তা (৫০ ফুট) (অভ্যন্তরীণ রাস্তা)	১৩.০৬	৫.৭২	০.৯৩
		রাস্তা (৮৪ ফুট)	৩৮.০৯	১৬.৭০	২.৭১
	সুয়ারেজ ড্রিটমেন্ট প্লান্ট	১১.২৮	৪.৯৪	০.৮০	
উপ-মোট ০৩			২২৮.১৪	১০০.০০	১৬.২১
আবাসিক		আবাসিক এলাকা	৯৫.৬৭	১০০.০০	৬.৮০
উপ-মোট ০৪			৯৫.৬৭	১০০.০০	৬.৮০
সামাজিক		শিক্ষা	২১.০২	৪৪.৯৮	১.৪৯
		স্বাস্থ্য সুবিধা	৮.৮১	১৮.৮৬	০.৬৩
		সামাজিক অবকাঠামো	১৬.৯০	৩৬.১৭	১.২০
উপ-মোট ০৫			৪৬.৭৪	১০০.০০	৩.৩২
বানিজ্যিক		বানিজ্যিক এলাকা	২৪.৫৫	১০০.০০	১.৭৪
উপ-মোট ০৬			২৪.৫৫	১০০.০০	১.৭৪
বিভাগীয় নতুন শহরের সর্বমোট (ক)			১৪০৭.৫৬		১০০.০০


সারণি ০৭: স্পেশাল প্ল্যানিং ফেইজ (Special Planning Phase) এর তথ্য

প্রধান শ্রেণী	বিবরণ	আয়তন	% (শ্রেণী)	% (মোট)
ভৌত অবকাঠামো	৫-তারা হোটেল জোন	৩০.৩৬	১৩.৩৮	৭.৫৫
	অ্যাফিথিয়েটার	১৯.৬৯	৮.৬৭	৪.৮৯
	ক্লোভারলিফ	১১.৬৫	৫.১৩	২.৯০
	সংযোগ সড়ক (৮৪ ফুট)	১.৪৪	০.৬৪	০.৩৬
	মিলনায়তন	২০.৭৯	৯.১৬	৫.১৭
	গলফ কোর্স/পুনঃব্যবহারযোগ্য শক্তি	১০৩.৫৯	৪৫.৬৫	২৫.৭৬
	সড়ক (৫০ ফুট)	৩৯.৪২	১৭.৩৭	৯.৮০
উপ-মোট ০১		২২৬.৯৪	১০০.০০	৫৬.৪৩
সামাজিক	সামাজিক অবকাঠামো	৩.০৮	১০০.০০	০.৭৭
উপ-মোট ০২		৩.০৮	১০০.০০	০.৭৭
ইকোলজি	আরবান গ্রীন	৭.৮২	৪.৫৪	১.৯৪
	জলাশয়	১৪৫.৩৫	৮৪.৪২	৩৬.১৪
	পার্ক	১৯.০০	১১.০৩	৪.৭২
উপ-মোট ০৩		১৭২.১৬	১০০.০০	৪২.৮১
সর্বমোট (খ)		৪০২.১৯		১০০.০০

৩.৩.৫.৩ দ্বিতীয় (২য়) খসড়া বিকল্প পরিকল্পনা প্রণয়ন

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত ১ম খসড়া পরিকল্পনা নিয়ে উচ্চ পর্যায়ের সভা হওয়ার পর মৌখিক নির্দেশনা অনুযায়ী বিভিন্ন সম্ভাবনা যাচাই বাচাই করে বিভাগীয় শহরের জন্য ৩১৩৯.৪৯ একর জায়গা নিয়ে ২য় খসড়া পরিকল্পনা প্রণয়ন করা হয়। উক্ত পরিকল্পনায় বিভাগীয় নতুন শহরের জন্য পরবর্তীতে ব্যবহারের জন্য Urban Green Space রাখা হয়। এছাড়াও নতুন শহরের জন্য কবরস্থান, ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ও ইলেকট্রিক পাওয়ার স্টেশন প্রস্তাব করা হয়। নিম্নের চিত্রে ২য় খসড়া পরিকল্পনা ও হকে এর তথ্য দেওয়া হলো।

চিত্র ২৬: বিভাগীয় নতুন শহরের ২য় খসড়া পরিকল্পনা



সারণি ০৮: বিভাগীয় নতুন শহরের ২য় খসড়া পরিকল্পনার ভূমি ব্যবহারের তথ্য


প্রধান শ্রেণী	বিশদ বিবরণ	আয়তন (একর)	%	% প্রধান শ্রেণী
প্রশাসনিক ও বানিজ্যিক	প্রশাসনিক ও বানিজ্যিক	১৩৮.৫৬	৪.৪০	৭.১৪
	বানিজ্যিক এলাকা	৮৬.২০	২.৭৪	
শিক্ষা/প্রতিষ্ঠান	শিক্ষা	১০৫.১৬	৩.৩৪	৬.১৮
	বিশ্ববিদ্যালয়	৮৯.৩৮	২.৮৪	
আবাসন	আবাসিক এলাকা	৪৫৮.৮৮	১৪.৫৭	১৪.৫৭
স্বাস্থ্য সেবা	স্বাস্থ্য সেবা	৩০.৯৭	০.৯৮	০.৯৮
সামাজিক অবকাঠামো	সামাজিক অবকাঠামো	১১০.১৮	৩.৫০	৩.৮৩
	কেন্দ্রীয় মসজিদ ও ঈদগাহ	১০.৪৭	০.৩৩	
ভৌত অবকাঠামো	খাদ্য গুদাম	৫.৮১	০.১৮	১৮.১৮
	আরবান সেকেন্ডারি রাস্তা	৩৫২.৫২	১১.১৯	
	আরবান প্রাইমারি রাস্তা	৫৮.১২	১.৮৫	
	রিজিওনাল রাস্তা	৬৬.৪৫	২.১১	
	পানীয় জল পরিশোধন ও পাম্প হাউজ	৯.৫৮	০.৩০	
	পাওয়ার স্টেশন	২৩.৯৬	০.৭৬	
	রিজিওনাল কমিউনিকেশন হাব	৭.১৬	০.২৩	
	কবরস্থান	৪৮.৯২	১.৫৫	
বিনোদনমূলক	গলফ কোর্স	১০৩.৫৯	৩.২৯	১৪.২৪
	আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স	৫২.৬৬	১.৬৭	
	৫-তারা হোটেল জোন	৩০.৩৬	০.৯৬	
	অ্যাম্ফিথিয়েটার	১৯.৫০	০.৬২	
	সম্মেলন কেন্দ্র	২০.৭৯	০.৬৬	
	পার্ক	২২১.৭১	৭.০৪	
গ্রীন	আরবান গ্রীন	৭৫.৫৫	২.৪০	২.৪১
	গ্রীন/গাছপালা/কৃষি	০.৩৮	০.০১	
ইকোলজি	জলাধার	২৯৮.৭৬	৯.৪৯	৩২.৪৭
	জলাশয়	৩৫০.৭১	১১.১৪	
	ওয়াটারবডি এবং আরবান গ্রিন	৩৭৩.১৪	১১.৮৫	
মোট		৩১৪৯.৪৯	১০০.০০	১০০.০০

৩.৩.৫.৩ তৃতীয় (৩য়) খসড়া বিকল্প পরিকল্পনা প্রণয়ন

ময়মনসিংহ বিভাগীয় শহরের ২য় খসড়া পরিকল্পনাটির তথ্য ও উপাত্ত বিশ্লেষণ পূর্বক নতুন শহরের বিদ্যুৎ ব্যবস্থাপনার নিমিত্ত সোলার এনার্জির জন্য স্থান এবং শহরের ন্যাচারাল ডেভেলপমেন্ট ব্যবস্থাপনার জন্য নতুন করে স্থান যুক্তকরণ পূর্বক ৪৬১৮.২৪ একর জায়গা নিয়ে ৩য় খসড়া পরিকল্পনা প্রণয়ন করা হয়। ৩য় খসড়া পরিকল্পনাটি নিয়ে ১১-০৫-২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব সহ অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাগণের উপস্থিতিতে বিস্তারিত আলোচনা হয়। উক্ত সভায় ৩০ দিন পর প্রধানমন্ত্রীর

কার্যালয়ে চূড়ান্ত প্ল্যান উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং জেলা প্রশাসককে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়।

চিত্র ২৭: ময়মনসিংহ বিভাগীয় শহরের ৩য় খসড়া পরিকল্পনার ম্যাপ



ময়মনসিংহ বিভাগীয় শহরের ৩য় খসড়া পরিকল্পনার তথ্য নিম্নে দেওয়া হলো।

সারণি ০৯: ময়মনসিংহ বিভাগীয় শহরের ৩য় খসড়া পরিকল্পনার তথ্য

শ্রেণী	আয়তন (একর)	%
৫-তারা হোটেল জোন	২৮.৭২	০.৬২
প্রশাসন ও বাণিজ্য	৫৫.৫৭	১.২০
অ্যাক্সিথিয়েটার	১৮.৮৭	০.৪১
ক্রোভারলিফ	১৫.১৫	০.৩৩
বাণিজ্যিক অঞ্চল	৮৭.৩২	১.৮৯
সংযোগ সড়ক	১৪০.১৭	৩.০৪
সম্মেলন কেন্দ্র	১৯.৮৮	০.৪৩
বিভাগীয় সদর দপ্তর	২৭.৬৬	০.৬০
পানীয় জল শোধনাগার এবং পাম্প হাউস	৮.৭৩	০.১৯
ইকো পার্ক কাম স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট	৩১.৪৩	০.৬৮
শিক্ষা	৭৭.০০	১.৬৭
এলিভেটেড রোড	৬০.৪৮	১.৩১
সম্প্রসারণ এলাকা (জলাশয়)	৫০.২৪	১.০৯
বন্যা প্রবাহ অঞ্চল	১০০৫.৭০	২১.৭৮
খাদ্য গুদাম	৫.০৫	০.১১
গলফ কোর্স	১০১.৭৯	২.২০

শ্রেণী	আয়তন (একর)	%
স্বাস্থ্য সুবিধা	২৯.০৯	০.৬৩
অভ্যন্তরীণ রাস্তা	১৯.০৮	০.৪১
আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স	৪০.১৪	০.৮৭
নভোথিয়েটার	৪.৬৪	০.১০
অফিস	১২৯.৮০	২.৮১
পার্ক	১৯৩.১৭	৪.১৮
রিজিওনাল কমিউনিকেশন হাব	৫.৬৪	০.১২
সংরক্ষিত এলাকা	১৪.৩৩	০.৩১
আবাসিক অঞ্চল	৩৪১.৭১	৭.৪০
রাস্তা	৫৮০.১২	১২.৫৬
সামাজিক অবকাঠামো	৯৪.১৯	২.০৪
বিশেষ আবাসিক অঞ্চল (পুনর্বাসন)	৮২.৩০	১.৭৮
বিশ্ববিদ্যালয়	৮৩.১১	১.৮০
আরবান গ্রীন	৮২.৪৪	১.৭৯
জলাধার	২৯৫.৪১	৬.৪০
জলাশয়	৫৩০.১৪	১১.৪৮
ওয়াটারবডি এবং আরবান গ্রীন	৩৫৯.১৪	৭.৭৮
সর্বমোট	৪৬১৮.২৪	১০০

### ৩.৩.৬ খসড়া পরিকল্পনার উপর অংশীজনদের মতামত সংগ্রহ

ময়মনসিংহ বিভাগীয় নতুন শহরের উপর ১৭/০৮/২০১৬ ইং তারিখ সকাল ১১ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে নগর উন্নয়ন অধিদপ্তরের পক্ষ থেকে ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক তৎকালীন উপ পরিচালক একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হয়। উক্ত সভায় উপস্থিত সকলের আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত (সংযোজনী-০৪) পাওয়া যায়:

১. প্রাকৃতিক জলাধার ও প্রাকৃতিক পরিবেশ ঠিক রেখে নবগঠিত শহর স্থাপন করতে হবে।
২. প্রাকৃতিকপানি প্রবাহ বাধাগ্রস্ত হয় এমন স্থাপনা নির্মাণ বা পরিকল্পনা গ্রহন হতে বিরত থাকতে হবে। এক্ষেত্রে বন্যা সহনশীল স্থাপনা নির্মাণ এবং এলিভেটেড স্থাপনা নির্মাণের বিষয়টি বিবেচনায় নেয়া যেতে পারে
৩. ন্যূনতম পরবর্তী ২০ বছরের কথা চিন্তা করে নগর পরিকল্পনা করতে হবে।
৪. ক্ষতিগ্রস্ত জনসাধারণের জন্য পুনর্বাসনের ব্যবস্থা থাকতে হবে।
৫. সোলার-এনার্জির ব্যবস্থা করতে হবে।
৬. নদী খননপূর্বক খননকৃত মাটি নবগঠিত বিভাগীয় শহরের জমি ভরাট করার কাজে ব্যবহার করতে হবে।
৭. নতুন শহরের সঙ্গে যোগাযোগের জন্য ব্রহ্মপুত্র নদে ৩ (তিন) টি সেতু (জিরো পয়েন্ট খাগডহর এলাকাও বর্তমান রেল ব্রীজ এর নিকতস্থ) নির্মাণ করতে হবে। তবে এক্ষেত্রে নদী শাসন করে ব্রীজ ছোট করা যাবে না। নদীর প্রশস্ততা অনুযায়ী ব্রীজের দৈর্ঘ্য নির্ধারণ করতে হবে।
৮. প্ল্যান অনুযায়ী পুরো এলাকার ভূমি একসাথে অধিগ্রহণ করতে হবে। ইতিমধ্যে জমি ক্রয় বিক্রয় যাতে বন্ধ থাকে সে উদ্দ্যোগ নিতে হবে।
৯. সরকারি আবাসন এলাকাগুলোতে খেলার মাঠ, পুকুরসহ পর্যাপ্ত খোলা জায়গা রাখতে হবে।
১০. ভবনগুলি ব্যাক টু ব্যাক এবং ফেস টু ফেস করে নির্মাণ করতে হবে।
১১. নদী খননের সময় শিল্পগঞ্জ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি যেন ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে।
১২. নতুন শহরে যেন অপরিষ্কৃত উন্নয়ন প্রকল্প গ্রহণ করা না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩. ডেনেজ ব্যবস্থার উন্নয়নের জন্য মিসিংলিংকগুলোর সংযোগ সাধন করতে হবে।


১৪. পর্যটন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে নতুন শহরে মিউজিয়াম স্থাপন করতে হবে এবং পর্যটকদের জন্য নৌ-ভ্রমণের ব্যবস্থা রাখতে হবে।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত বিভাগীয় নতুন শহরের পরিকল্পনাটির পরিবর্তন আনা হয়। সিদ্ধান্ত অনুযায়ী পরিবর্তনমূহের বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হলোঃ

#### ১. সভার সিদ্ধান্ত ৫.১: প্রাকৃতিক জলাধার ও প্রাকৃতিক পরিবেশ ঠিক রেখে নবগঠিত শহর স্থাপন করতে হবে।


যার প্রেক্ষিতে প্রাকৃতিক জলাধার ও প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণপূর্বক বিভাগীয় নতুন শহরের পরিকল্পনা করা হয়েছে। প্রস্তাবিত এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার এর পরিমাণ কম-বেশি ৩৬৫ একর যেখানে প্রস্তাবনায় ১০২৪.০৯ একর জলাধার রাখা হয়েছে। সেকেন্ডারি তথ্য ও উপাত্ত পর্যালোচনা করে দেখা যায় ময়মনসিংহ বিভাগীয় নতুন শহর এলাকায় বার্ষিক গড় বন্যার লেভেল হলো ১২ মিটার। অর্থাৎ সমুদ্র তট থেকে ১২ মিটার উচ্চতা পর্যন্ত বিভাগীয় নতুন শহর এলাকার গড়ে প্রতি বছর বন্যার পানিতে ডুবে যাওয়ার সম্ভাবনা থাকে। এমতাবস্থায় নতুন শহর পরিকল্পনায় ডিজাইন লেভেল হিসেবে ১২.৫ মিটার উচ্চতাকে ধরা হয়েছে। এবং ১২.৫ মিটার উচ্চতার নীচে ডেনেজ এবং প্রাকৃতিক জলাধার রাখা হয়েছে। চিত্র ২৮ এ বিভাগীয় নতুন শহর এলাকার ভূমির উচ্চতা দেখানো হলো। চিত্রে র হাঙ্কা সবুজ রঙ ( 11.00000001 - 12 ) পর্যন্ত এলাকা বার্ষিক গড় বন্যার লেভেল এর নীচে অবস্থিত।

চিত্র ২৮: প্রস্তাবিত এলাকায় বিদ্যমান ভূমির প্রাকৃতিক উচ্চতা




মানচিত্রে (চিত্র-২) প্রস্তাবিত এলাকায় বিদ্যমান এবং প্রস্তাবিত জলাশয়ের (চিত্র-৩) অবস্থান দেখানো হলো। বিভাগীয় নতুন শহরের রাস্তা এবং পরিকল্পিত শহর গড়ে তোলার প্রয়োজনে কয়েকটি স্থানের জলাধারের স্থান পরিবর্তন করা হয়েছে। এছাড়া সকল প্রাকৃতিক জলাধার সংরক্ষণ করা হয়েছে। নতুন শহর এলাকার বিদ্যমান এবং প্রস্তাবিত জলাধারের সমন্বিত অবস্থান নিম্নের ম্যাপে দেখানো হলো।

চিত্র ২৯: প্রস্তাবিত এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার



চিত্র ৩০: প্রস্তাবিত বিভাগীয় শহর এলাকায় প্রস্তাবিত জলাধার




২. ক) সভার সিদ্ধান্ত ৫.২: প্রাকৃতিক পানি প্রবাহ বাধাগ্রস্ত হয় এমন স্থাপনা নির্মাণ বা পরিকল্পনা গ্রহণ করা থেকে বিরত থাকতে হবে। এক্ষেত্রে বন্যা সহনশীল স্থাপনা নির্মাণ এবং এলিভেটেড স্থাপনা নির্মাণের বিষয়টি বিবেচনায় নেওয়া যেতে পারে।

খ) সভার সিদ্ধান্ত ৫.৭: নতুন শহরের সাথে যোগাযোগের জন্য ব্রহ্মপুত্র নদে ৩(তিন) টি সেতু (জিরো পয়েন্ট, খাগডহর ও বর্তমান রেল ব্রিজ এর নিকটস্থ এলাকায়) নির্মাণ করতে হবে। তবে এক্ষেত্রে নদী শাসন করে ব্রিজ ছোট করা যাবে না। নদীর প্রশস্ততা অনুযায়ী ব্রিজের দৈর্ঘ্য নির্ধারণ করতে হবে।




চিত্র ৩১: প্রস্তাবিত বিভাগীয় শহর এলাকায় বিদ্যমান ও প্রস্তাবিত জলাধার



এর প্রেক্ষিতে নদীর উপর ব্রীজসহ এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রস্তাব করা হয়েছে।

- (i) খাগডহর এলাকায় ব্রীজ সহ কম বেশী ৩ (তিন) কিলোমিটার প্রস্তাবিত এলিভেটেড এক্সপ্রেসওয়ে বিভাগীয় নতুন শহরের পরিকল্পনায় প্রস্তাব করা হয়েছে।
- (ii) এবং ময়মনসিংহ শহরের জিরো পয়েন্ট এলাকা থেকে প্রস্তাবিত ব্রীজ এর পূর্ববর্তী এলাকা থেকে পরবর্তী এলাকা পর্যন্ত কম বেশী ২ (দুই) কিলোমিটার প্রস্তাবিত এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রস্তাবনা দেওয়া হয়েছে।


চিত্র ৩২: বিভাগীয় নতুন শহর এ খাগডহর ও জিরো পয়েন্ট এলাকায় প্রস্তাবিত এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ব্রীজ



৩. সভার সিদ্ধান্ত ৫.৩: ন্যূনতম পরবর্তী ২০ বছরের কথা চিন্তা করে নগর পরিকল্পনা করতে হবে।

এই সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ২০ বছরের কথা চিন্তা করে নগর পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনায় প্রশাসনিক, আবাসন, বানিজ্যিক, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, স্বাস্থ্য সেবা সহ সকল পরিসেবা ও সুবিধাদি বিবেচনা করা হয়েছে। প্রস্তাবিত শহর এলাকার সমন্বিত পরিকল্পনার চিত্র নিম্নে দেখানো হলো।

চিত্র ৩৩: বিভাগীয় নতুন শহর এলাকার প্রস্তাবিত পরিকল্পনা




চিত্র ৩৪: পুনর্বাসনের জন্য প্রাথমিকভাবে চিহ্নিত ১২ টি ব্লক



৪. সভার সিদ্ধান্ত ৫.৪: ক্ষতিগ্রস্ত জনসাধারণের পুনর্বাসনের জন্য ব্যবস্থা থাকতে হবে।

বিভাগীয় নতুন শহর এলাকায় ক্ষতিগ্রস্ত জনসাধারণের পুনর্বাসনের জন্য প্রাথমিকভাবে ১২টি ব্লকে ৮২.০৯ একর জায়গা রাখা হয়েছিল (চিত্র ৩৪)। পরবর্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (সভার সিদ্ধান্ত ৫.৪) অনুযায়ী সংশোধিত পরিকল্পনায় পুনর্বাসনের (চিত্র ৩৫) জন্য মোট ৫২ টি ব্লকে ৩০৭.৪৭ একর জায়গা রাখা হয়েছে।


চিত্র ৩৫: পুনর্বাসনের জন্য প্রস্তাবিত ৫২ টি ব্লক



৫. সভার সিদ্ধান্ত ৫.৫: সোলার এনার্জির পরিকল্পনা থাকতে হবে

সোলার এনার্জির জন্য প্রস্তাবিত পরিকল্পনায় ২৮৩.৬৭ একর জায়গা রাখা হয়েছে।


চিত্র ৩৬: প্রস্তাবিত এলাকায় সোলার এনার্জির জন্য প্রস্তাবিত জায়গার অবস্থান



৬. সভার সিদ্ধান্ত ৫.৯: সরকারী আবাসন এলাকাগুলোতে খেলার মাঠ, পুকুরসহ পর্যাপ্ত খোলা জায়গা রাখতে হবে।

সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত পরিকল্পনায় পার্ক, সবুজ এলাকা এবং গাছের জন্য ৩৬৩.০২ একর জায়গা রাখা হয়েছে। এবং পুনর্বাসন এলাকা এবং আবাসিক এলাকার জন্য ৪৫.২৫ একর খোলা জায়গা/মাঠ রাখা হয়েছে।


চিত্র ৩৭: প্রস্তাবিত বিভাগীয় শহর এলাকায় খোলা জায়গা বা মাঠের জন্য প্রস্তাবিত জায়গার অবস্থান




৭. সভার সিদ্ধান্ত ৫.১৩: ডেনেজ ব্যবস্থার উন্নয়নের জন্য মসিং লিংক গুলোর সংযোগ সাধন করতে হবে এবং পর্যটকদের জন্য নৌ-ভ্রমণ ব্যবস্থা রাখতে হবে।

ডেনেজ ব্যবস্থার উন্নয়নের জন্য মসিং লিংক গুলোর সংযোগ সাধন করা হয়েছে এবং ঐ এলাকাগুলোতে জলাধারের মাধ্যমে সংযোগ রক্ষা করা হয়েছে। বিভাগীয় নতুন শহরের ভূমির উচ্চতা অনুযায়ী শ্রেণীবিভাগ করে প্রাকৃতিক ডেনেজ এর স্থানগুলো নির্ধারণ করা হয়েছে। একই সাথে স্ট্রিম লাইনের বিন্যাস থেকে পানি নামার স্বাভাবিক ধারার সমন্বয় করে ডেনেজ মসিং লিংকগুলো খুঁজে বের করা হয়েছে।


চিত্র ৩৮: এ বিভাগীয় শহরের ভূমির উচ্চতা



চিত্র ৩৯: বিভাগীয় শহরের ভূমির উচ্চতা এবং স্ট্রিম লাইন




চিত্র-১২: বিভাগীয় শহরের স্ট্রিম লাইন এবং মিসিং লিংক




ময়মনসিংহ বিভাগীয় নতুন শহরের উপর মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনামূলক বক্তব্যে নব গঠিত ময়মনসিংহ বিভাগের ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে ভূমি ব্যবহার পরিকল্পনা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। তিনি পরিবেশ রক্ষায় আবাসিক, কলকারখানাসহ সর্বত্র পর্যাপ্ত জলাধার গড়ে তোলার আহ্বান জানান এবং বৃষ্টির পানি

সংরক্ষণ করে তা ব্যবহার উপযোগী করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সানুগ্রহ নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনা অনুযায়ী উপরোক্ত সিদ্ধান্তগুলোর প্রেক্ষিতে পরিকল্পনা পরিবর্তনপূর্বক সমন্বিত পরিকল্পনা প্রস্তুত করা হয়।

চিত্র ৪০: বিভাগীয় শহরের মিসিং লিংক এর সংযোগ



চিত্র ৪১: প্রস্তাবিত ১ম চূড়ান্ত পরিকল্পনা




### ৩.৩.৭ বিভিন্ন বিকল্প পরিকল্পনা প্রণয়ন

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ১৪টি সিদ্ধান্তের মধ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট ১১ টি সিদ্ধান্তকে বিবেচনায় নিয়ে পুনরায় ভূমি ব্যবহার পরিকল্পনা সংশোধন করা হয়। পরিবেশ, প্রতিবেশ, ভূমিকম্প সংবেদনশীলতা, মাটির প্রকৃতি এবং প্রধান বন্যা প্রবাহ এলাকা, ড্রেনেজ এবং শহর হওয়ার সকল নাগরিক সুবিধাকে বিবেচনা করে উক্ত পরিকল্পনা প্রস্তুত করা হয়। পরিকল্পনা চূড়ান্তকরণের পূর্বে কয়েকটি বিকল্প প্রস্তাব প্রস্তুত করা হয়।

#### ৩.৩.৭.১ প্রথম (১ম) বিকল্প প্রস্তাবনা

এই পরিকল্পনায় বিভাগীয় নতুন শহর এলাকার সর্বমোট ৮৫৮৪ টি ঘর-বাড়ী প্রভাবিত/ক্ষতিগ্রস্ত হবে। উক্ত স্থাপনালোককে মোট ৩০৭.৭৪ একর জায়গার মধ্যে ৫২ টি ব্লকে পরিকল্পিত উপায়ে পুনর্বাসন করার প্রস্তাবনা প্রদান করা হয়েছে। এলিভেটেড রোড এবং কানেক্টিং রোডসহ এই পরিকল্পনার মোট আয়তন ৪৬১৮.৭৮ একর। পরিকল্পনাটি বাস্তবায়নের সুবিধার্থে ৫টি ফেইজে ভাগ করা হয়। ১ম ফেইজে ১৫৩৩.৭৫ একর ও ১৪৫৭.৭৬ একরের দুইটি ভাগ রয়েছে। উল্লেখ্য যে, ৫ টি ফেইজ পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে এবং এই ৫ টি ফেইজের সমন্বয়ে পূর্নাঙ্গ নতুন পরিকল্পিত শহর হবে।

চিত্র ৪২: বিভাগীয় নতুন শহরের প্রথম বিকল্প প্রস্তাব




প্রতিটি ফেইজের প্রস্তাবনা দ্বারা প্রভাবিত/ক্ষতিগ্রস্ত স্থাপনার সংখ্যা Mymensing Strategic Development Plan (MSDP) 2011-2031 প্রকল্পের সার্বকৃত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে নির্ণয় পূর্বক প্রতিটি ফেইজেই পুনর্বাসনের পরিকল্পনা রাখা হয়।

সারণি ১০: ফেইজ অনুযায়ী প্রভাবিত স্থাপনার বিভাজন

পর্ব	স্থাপনার ধরণ					মোট	%
	কাঁচা	সেমি পাকা	টিন শেড	পাকা	আন্ডার কনস্ট্রাকশন		
পর্ব ০১	৬৯৭	৬৪৫	১৬০০	২২	১৪	২৯৭৮	৩২.৫১
পর্ব ০১ (বিশেষ)	৪৫৮	২৮৬	১০০০	৬	৭	১৭৫৭	১৯.১৮
পর্ব ০২	৪০৮	২৩৪	৫৪৯	১	২	১১৯৪	১৩.০৩
পর্ব ০৩	৩৩২	৭১	৪৪৩	১৬	১	৮৬৩	৯.৪২
পর্ব ০৪	১৬৬	৯৬	৫৫২	৫	১	৮২০	৮.৯৫

পর্ব	স্থাপনার ধরণ					মোট	%
	কাঁচা	সেমি পাকা	টিন শেড	পাকা	আন্ডার কনস্ট্রাকশন		
পর্ব ০৫	২২৩	১৪৫	৫৪৯	২	৩	৯২২	১০.০৭
বিশেষ ফিচার	৯৩	১২২	৩৭	২৫	১	২৭৮	৩.০৩
সংযোগ সড়ক	৬৭	১০৭	১৬৪	১০		৩৪৮	৩.৮০
সর্বমোট	২৪৪৪	১৭০৬	৪৮৯৪	৮৭	২৯	৯১৬০	১০০.০০

চিত্র ৪৩: বিভাগীয় নতুন শহরের প্রথম বিকল্প প্রস্তাবের ফেইজ বিভাজন



### ৩.৩.৭.২ দ্বিতীয় (২য়) বিকল্প প্রস্তাবনা

বিকল্প পরিকল্পনা প্রস্তাবনা ০২ মূলত নতুন বিভাগীয় শহরের পরিবর্তে নতুন বিভাগীয় সদর দপ্তর এর পরিকল্পনা। প্রস্তাবিত এলাকার মোট আয়তন ২১৭০.৮৮ একর যার অধিকাংশ আরবান গ্রিন এবং জলাশয়ের অন্তর্ভুক্ত। এই পরিকল্পনার ফলে ২০০৬ টি স্থাপনা ক্ষতিগ্রস্ত হবে, স্থাপনার ঘনত্ব প্রতি একরে ০.৯২ টি। প্রস্তাবনাটিতে মূলত প্রাকৃতিক পরিবেশ ও জলাধারকে সংরক্ষন করে নতুন বিভাগীয় সদর দপ্তর গড়ে তোলার বিষয়টিতে জোড় দেওয়া হয়েছে। এটি একটি পরিবেশবান্ধব প্রস্তাবনা।


বিদ্যমান পরিস্থিতিতে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়নকল্পে বসত বাড়ির ঘনত্ব, বিদ্যমান ডেনেজ ব্যবস্থা, পানি প্রবাহের প্রাকৃতিক দিক এবং বিদ্যমান অধিকাংশ স্থাপনাসমূহ বিবেচনায় নিয়ে চর ভবানীপুর, চর ইশ্বরদিয়া, চর সেহেরা, তোলাদিয়া, দুর্গাপুর, গোবিন্দপুর, জেলখানার চর, পাড়া লক্ষ্মীর আলগি, ময়মনসিংহ টাউন মৌজাসমূহের অংশ নিয়ে ২১৭১.৯২ একর এলাকার ভূমি ব্যবহার পরিকল্পনা করা হয় নিম্নের ছকে প্রস্তাবিত এলাকার বিদ্যমান স্থাপনার তথ্য দেওয়া হলো।

সারণি ১১: দ্বিতীয় বিকল্প পরিকল্পনায় স্থাপনার তথ্য

বিকল্প পরিকল্পনা	কাঁচা স্থাপনা		টিন শেড স্থাপনা		সেমি-পাকা স্থাপনা		পাকা স্থাপনা		নির্মাণাধীন স্থাপনা		সর্বমোট স্থাপনার সংখ্যা
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%	
২য় বিকল্প প্রস্তাবনা	৪৭৭	২৩.৭৮	১১৬৭	৫৮.১৮	৩৪২	১৭.০৫	১০	০.৫০	১০	০.৫০	২০০৬




চিত্র ৪৪: দ্বিতীয় বিকল্প প্রস্তাবনা



৩.৩.৭.৩ তৃতীয় (৩য়) বিকল্প প্রস্তাবনা

৩য় বিকল্প প্রস্তাবনায় আরো কম জায়গা- ৯৫০.২৭ একর নিয়ে আরো একটি পরিকল্পনা তৈরী করা হয়। উক্ত এলাকায় কম বেশি ৫৬৮ টি স্থাপনা ক্ষতিগ্রস্থ হবে।

চিত্র ৪৫: তৃতীয় বিকল্প প্রস্তাবনা




সরকারী বিধান অনুযায়ী এই প্রস্তাবনায় শুধুমাত্র বিভাগীয় নতুন শহরের জন্য প্রয়োজনীয় অফিসসমূহের স্থান এবং আবাসনকে বিবেচনায় নিয়ে ভূমি ব্যবহার পরিকল্পনা করা হয়েছে। প্রস্তাবিত ময়মনসিংহ বিভাগের বিভিন্ন অফিসের চাহিদা অনুসারে মোট ৭২৫ জন জনবলের উল্লেখ রয়েছে (সংযুক্তি-৬)। সরকারী বিধি বিধান মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী উক্ত সরকারী জনবল সম্বলিত অফিসের জন্য মোট ৪০.১০ একর জায়গার সংস্থান করা হয়েছে এবং উল্লেখিত জনবলের প্রয়োজনীয় আবাসনের জন্য মোট ১৬৯.০৪ একর জায়গার সংস্থান রয়েছে। এছাড়াও উক্ত পরিকল্পনায় নভোথিয়েটার (১১.৮৭ একর), স্পোর্টস কমপ্লেক্স (৩৬.৪২ একর), আন্তর্জাতিক মানের কনভেনশন সেন্টার (১৭.৯৬ একর) প্রস্তাব করা হয়।

### ৩.৩.৭.৪ চতুর্থ (৪র্থ) বিকল্প প্রস্তাবনা

৩য় বিকল্প পরিকল্পনার পরিমার্জন পূর্বক ব্রহ্মপুত্র নদের অপর পাড়ে অবস্থিত বর্তমান শহরের সাথে সংযোগ স্থাপন করে নতুন শহরের কার্যক্রম পরিচালনার জন্য দুইটি ব্রিজসহ একটি রাস্তার লুপ প্রস্তাবকরতঃ ৪র্থ বিকল্প পরিকল্পনা প্রস্তুত করা হয়। উক্ত রাস্তার লুপ এবং ৩য় বিকল্প পরিকল্পনাসহ নতুন ভূমি ব্যবহার পরিকল্পনায় রাস্তার লুপ ১১১.৪২ একর এবং পরিকল্পনা এলাকা ৯৫০.২৭ একরসহ মোট ১০৬১.৬৯ একর জায়গার ভূমি ব্যবহার পরিকল্পনা ৪র্থ বিকল্প প্রস্তাবনা প্রণয়ন করা হয়। এর ফলে ৫৬৮ টি স্থাপনা এবং রাস্তার লুপের জন্য ৭২৩ টি স্থাপনাসহ সর্বমোট ১২৯১ টি স্থাপনা ক্ষতিগ্রস্ত হবে যাদেরকে পুনর্বাসন করতে হবে।

চিত্র ৪৬: চতুর্থ বিকল্প প্রস্তাবনা




১১. উল্লেখ্য, ভূমি ব্যবহার পরিকল্পনায় বিভাগীয় শহর থেকে স্মারক নং-৩১.৪৫.৬১০০.০২৫.৬১.০৬০.১৬-১৯০, তারিখ ১২/০৬/১৬ এর মাধ্যমে প্রাপ্ত ২৫টি বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের জন্য চাহিত জমি কম বেশী ১৪১.৩১ একর জায়গার সংস্থান রাখা সম্ভবপর হয়নি (সংযুক্তি-৮)।

### ৩.৩.৭.৫ পঞ্চম (৫ম) বিকল্প প্রস্তাবনা

পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সরকারী দপ্তরের তালিকা ও ভূমি ব্যবহার পরিকল্পনায় চাহিদা মোতাবেক স্থান বরাদ্দের জন্য বিভাগীয় শহর থেকে স্মারক নং-৩১.৪৫.৬১০০.০২৫.৬১.০৬০.১৬-১৯০, তারিখ ১২/০৬/১৬ এর মাধ্যমে প্রাপ্ত ২৫টি বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের জন্য চাহিত জমি কম বেশী ১৪১.৩১ একর জায়গার সংস্থান ২য়, ৩য় ও ৪র্থ বিকল্প পরিকল্পনা প্রস্তাবনায় রাখা সম্ভব হয়নি। এমতাবস্থায় ৪র্থ পরিকল্পনা প্রস্তাবনার রাস্তার লুপের মধ্যবর্তী অংশ সংযুক্ত করে মোট ২৯৮৩.০৯ একর

জায়গার পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে মোট ৪৭৩৭ টি স্থাপনা প্রভাবিত হবে। উক্ত স্থাপনা গুলোর মধ্যে ১০১৪ টি স্থাপনা কে নিজ নিজ স্থানে সংরক্ষণ করা যাবে। বাকি ৩৭২৩ টি স্থাপনা কে পরিকল্পিত উপায়ে উক্ত ভূমি ব্যবহার পরিকল্পনার মধ্যে পুনর্বাসন করা সম্ভবপর হবে।

চিত্র ৪৭: ৫ম বিকল্প প্রস্তাবনা



### ৩.৩.৭.৬ বিকল্প প্রস্তাবনার তুলনামূলক বিবরণী

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ৫টি বিকল্প প্রস্তাবনা প্রণয়ন করা হয়। উক্ত পরিকল্পনাসমূহের তুলনামূলক বিবরণী নিম্নে দেওয়া হলো।

সারণি ১২: বিকল্প পরিকল্পনাসমূহের তুলনামূলক বিবরণ

বিকল্পের নাম	পরিমাণ (একর)	মন্তব্য
বিকল্প পরিকল্পনা ০১	৪৩৪০.০২	৫২ টি ব্লকে পরিকল্পিত উপায়ে পুনর্বাসন প্রস্তাবনাসহ ৫টি ফেইজসহ মোট ৪৬১৮.৭৮ একরের পরিকল্পনা করা হয়েছে।
বিকল্প পরিকল্পনা ০২	২১৭০.৮৮	মূলত প্রাকৃতিক পরিবেশ ও জলাধারকে সংরক্ষণ করে নতুন বিভাগীয় সদর দপ্তর গড়ে তোলার বিষয়টিতে জোড় দেওয়া হয়েছে।
বিকল্প পরিকল্পনা ০৩	৯৫০.২৭	এই প্রস্তাবনায় শুধুমাত্র বিভাগীয় নতুন শহরের জন্য প্রয়োজনীয় অফিসসমূহের স্থান এবং আবাসনকে বিবেচনায় নিয়ে ভূমি ব্যবহার পরিকল্পনা করা হয়েছে।
বিকল্প পরিকল্পনা ০৪	১১৬১.৬৯	ব্রহ্মপুত্র নদের অপর পাড়ে অবস্থিত বর্তমান শহরের সাথে সংযোগ স্থাপন করে নতুন শহরের কার্যক্রম পরিচালনার জন্য দুইটি ব্রিজসহ একটি রাস্তার লুপ প্রস্তাবকরতঃ ৪র্থ বিকল্প পরিকল্পনা প্রস্তুত করা হয়।
বিকল্প পরিকল্পনা ০৫	২৯৮৩.০৯	ক্ষতিগ্রস্ত সকল অধিবাসীদের জন্য পুনর্বাসন প্রস্তাবসহ, সরকারী দপ্তরের তালিকা ও ভূমি ব্যবহার পরিকল্পনায় চাহিদা মোতাবেক স্থান বরাদ্দসহ পরিকল্পনা প্রণয়ন করা হয়।

### ৩.৩.৮ পরিকল্পনা চূড়ান্তকরণ

১ম বিকল্প প্রস্তাবনায় উল্লেখকৃত ৪৬১৮.৭৬ একর প্রস্তাবনাটির উপর ডিপিপি প্রস্তুত পূর্বক ৩০/১০/২০১৮ ইং তারিখে একনেক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। উক্ত সভায় নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:


“নবগঠিত ময়মনসিংহ বিভাগের জন্য ব্রহ্মপুত্র নদের অপর পাড়ে যথাসম্ভব কম জমি অধিগ্রহণ করে বিভাগীয় সদর দপ্তরসমূহ নির্মাণের লক্ষ্যে ইতঃপূর্বে মাননীয় প্রধানমন্ত্রী যে নির্দেশনা প্রদান করেছিলেন, সে অনুযায়ী নতুন ডিজাইন করে প্রকল্প গ্রহণ করতে হবে।”

তৎপক্ষেিতে যথাসম্ভব কম জমি নিয়ে ৩য় বিকল্প পরিকল্পনাকে পরিমার্জন করে মাননীয় প্রধানমন্ত্রীর সামনে উপস্থাপন করার জন্য চূড়ান্ত করা হয়। প্রস্তাবিত পরিকল্পনা এলাকার জন্য প্রস্তাবিত পরিকল্পনার ভূমি ব্যবহার পরিকল্পনার তথ্য নিম্নের সারণীতে দেওয়া হলো।

সারণি ১৩: চূড়ান্ত পরিকল্পনায় ভূমি ব্যবহারের তথ্য

ক্রমিক	প্রস্তাবিত ভূমি ব্যবহার	আয়তন (একর)	%
১	প্রশাসন	৪০.৫৪	৪.৩০
২	কঠিন বর্জ্যের জন্য RRR সুবিধা	৮.০৭	০.৮৬
৩	বনায়ন/পার্ক	৫৯.৯৬	৬.৩৬
৪	খাল	৫.৭৭	০.৬১
৫	বাণিজ্য	২২.৭২	২.৪১
৬	পানীয় জলের জন্য ট্রিটমেন্ট প্ল্যান্ট	২.০৫	০.২২
৭	পানীয় জলের জন্য ট্রিটমেন্ট প্ল্যান্ট কাম পুকুর	৩.৪৬	০.৩৭
৮	শিক্ষা	২০.৬৯	২.২০
৯	বিদ্যমান বেড়িবীধ সহ প্রস্তাবিত রাস্তা (১৫০ ফুট)	৪৮.৮০	৫.১৮
১০	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স	১.৫৩	০.১৬
১১	গ্রীন	২২.৫৩	২.৩৯
১২	স্বাস্থ্য সুবিধা	৫.৮০	০.৬২
১৩	হোটেল মোটেল জোন	১৩.৮৮	১.৪৭
১৪	আন্তর্জাতিক কনভেনশন সেন্টার	১৭.৯৬	১.৯১
১৫	আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স	৩৬.৪৩	৩.৮৭
১৬	লেক কাম পানীয় জলের জন্য জলাধার	১৩.৫৯	১.৪৪
১৭	যাদুঘর	৩.১৫	০.৩৩
১৮	নভোথিয়েটার	১১.৮৭	১.২৬
১৯	থানা	১.৫০	০.১৬
২০	র্যাভ	১.৩২	০.১৪
২১	ক্রোভারলিফের জন্য রিজার্ভ এলাকা	১২.৮৩	১.৩৬
২২	আবাসিক	১৬৮.১০	১৭.৮৪
২৩	পুনর্বাসন অঞ্চল	২৫.০০	২.৬৫
২৪	রাস্তা	২০১.৫৮	২১.৩৯
২৫	বিভিন্ন সেবা ও সুবিধা	৪০.৩৭	৪.২৮
২৬	সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট	১০.৩১	১.০৯
২৭	সামাজিক অবকাঠামো	৫৬.০৪	৫.৯৫
২৮	নতুন বাঁধের অস্থায়ী অবস্থান	৫০.৭৫	৫.৩৯
২৯	জল	৩৫.৭৫	৩.৭৯
৩০	সর্বমোট	৯৪২.৩৬	১০০.০০

চিত্র ৪৮: চূড়ান্ত পরিকল্পনার প্রস্তাবনাসমূহ



পঁচিশ (২৫) একর জায়গা নিয়ে পুনর্বাসন অঞ্চলের (Rehabilitation Zone) একটি পরিকল্পনা করা হয়েছে। পুনর্বাসন অঞ্চলের ভূমি ব্যবহার পরিকল্পনার তথ্য নিম্নের সারণীতে দেওয়া হলো।

সারণি ১৪: পুনর্বাসন অঞ্চলের ভূমি ব্যবহারের পরিসংখ্যান

ক্র. নং	বিশদ শ্রেণী	ভূমি ব্যবহার	সংখ্যা	সর্বমোট আয়তন (একর)	সর্বমোট আয়তন (কাঠা)	
১	প্রশাসনিক	প্রশাসনিক ইউনিট	১	০.১০	৬.০৭	
২	সামাজিক অবকাঠামো	কমিউনিটি সেন্টার	১	০.১৬	৯.৬৮	
৩		মসজিদ	১	০.১৬	৯.৮৮	
৪		স্বাস্থ্যসেবা কেন্দ্র	১	০.০৬	৩.৮০	
৫	বানিজ্যিক	কাঁচা বাজার	১	০.২১	১২.৭১	
৬		কর্নার শপ	১১	০.৩৮	২২.৯৯	
৭	পার্ক/উন্মুক্ত স্থান	পার্ক/গাছপালা/জলাধার	৩	০.৭১	৪২.৯৬	
৮		পায়ে চলা পথ	১৯	০.৮৩	৪৯.৯৭	
৯		বনায়ন/বৃক্ষরাজি	১৯	০.২০	১২.০০	
১০		খেলার মাঠ	৫	১.৩২	৮০.০৭	
১১		খেলার মাঠ / ফুটবল খেলার মাঠ	১	১.৩৪	৮১.০৭	
১২	শিক্ষা	প্রাথমিক বিদ্যালয়	১	০.৩০	১৮.২০	
১৩		নার্সারি স্কুল	১	০.২০	১২.১৩	
১৪	পুনর্বাসন	পুনর্বাসন প্লট	৩৪৩	৮.৯৭	৫৪২.৯২	
১৫		বিভিন্ন সেবা	১	০.০৪	২.৪২	
১৬		ভৌত অবকাঠামো	৮	০.২৩	১৩.৯২	
১৭		ভবিষ্যতে রাস্তা সম্প্রসারণের জন্য সংরক্ষিত	৪	০.৮৩	৫০.২২	
১৮		পানীয় জলের ট্যাঙ্ক	১	০.৪৫	২৭.২৩	
১৯		FSM এবং SWM প্ল্যান্ট	১	০.২৪	১৪.৫২	
২০		ভৌত অবকাঠামো	অভ্যন্তরীণ রাস্তা (১৬')	১৩	২.২৫	১৩৬.১৩
২১		প্রধান সড়ক (২০')	৪	১.৬৫	৯৯.৮৩	
২২		বিদ্যমান রাস্তা কাম বাধ	১	০.১১	৬.৯৫	
২৩		পাম্প হাউজ	১	০.০৫	৩.০৩	
২৪		পার্শ্ববর্তী বাধ কাম প্রস্তাবিত রাস্তা (২০')	১	১.৭৪	১০৫.২৭	
২৫		ঢাল (৮ মিটার)	৩	২.৪৫	১৪৮.৩৫	
২৬		সর্বমোট		৪৪৬	২৫.০০	১৫১২.২৭

চিত্র ৪৯: চূড়ান্ত পুনর্বাসন এলাকার প্রস্তাবনা



ভূমি ব্যবহার পরিকল্পনা চূড়ান্তকরণের সময় পুরো এলাকাকে অনেকগুলো ব্লকে ভাগ করা হয়েছে যেগুলো মূলতঃ রোড নেটওয়ার্ক দ্বারা বিভক্ত। উল্লেখ্য, বিভাগীয় নতুন শহরের জন্য প্রস্তাবিত এলাকাটির ডিজাইন হাইট (RL) ধরা হয়েছে ১২.৫ মিটার। উক্ত উচ্চতা নিশ্চিত করার নিমিত্ত প্রস্তাবিত এলাকার চতুর্দিকে ১:৩ মিটারের একটি স্লোপ বিবেচনা করে পুরো প্রস্তাবনাকে পনর্গঠন করা হয়। একই সাথে পুনর্গঠিত ভূমি ব্যবহারের ব্লক অনুযায়ী প্রতিটি ব্লকের জন্য খোলা জায়গা/ খেলার মাঠ/ সবুজ/বনায়ন ও অভ্যন্তরীণ রাস্তা বিবেচনা করে প্রস্তাবিত পুরো এলাকাকে ১০ কাঠার ব্লকে ভাগ করে বিকল্প প্রস্তাব প্রস্তুত করা হয়। উল্লেখ্য যে, প্রস্তাবনাগুলো বাস্তবায়নের নিমিত্ত ওয়ার্কিং ড্রয়িং প্রস্তুত করা প্রয়োজন। নিচে চূড়ান্ত ভূমি ব্যবহার পরিকল্পনার একটি মানচিত্র প্রদান করা হলো (চিত্র ৫০)।


### ৩.৪ স্মার্ট সিটি হিসেবে ময়মনসিংহ

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হলে ময়মনসিংহ বাংলাদেশের প্রথম স্মার্ট সিটি হওয়ার পথে এগিয়ে যাবে। বেশ কিছু স্মার্ট উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে শহরটি ইতিমধ্যে এই বিষয়ে কিছুটা অগ্রগতি সাধন করেছে। এই উদ্যোগগুলির মধ্যে রয়েছে স্মার্ট পরিবহন ব্যবস্থা, স্মার্ট পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং স্মার্ট ইউটিলিটি ব্যবস্থা।

#### ৩.৪.১ স্মার্ট পরিবহন ব্যবস্থা


ময়মনসিংহ একটি স্মার্ট ট্রান্সপোর্ট সিস্টেম বাস্তবায়ন করতে যাচ্ছে যা সেন্সর এবং ক্যামেরা ব্যবহার করে ট্রাফিক প্রবাহ ট্র্যাক করতে এবং যেখানে যানজট ঘটছে তা চিহ্নিত করতে পারবে। এই তথ্যগুলো ট্রাফিক সিগন্যালকে এই যানজটের সাথে সাথে


চিত্র ৫০: চূড়ান্ত ভূমি ব্যবহার পরিকল্পনা




সাড়া প্রদানে সক্ষম করবে এবং এটা যানবাহন চালকদের রিয়েল-টাইম আপডেট প্রদান করতে পারবে। শহরটিতে এখন বাইক-শেয়ারিং সিস্টেম রয়েছে এবং অদূর ভবিষ্যতে এই শহর বাস র্যাপিড ট্রানজিট সিস্টেমের আওতায় আসবে বলে আশা করা হচ্ছে। এই ব্যবস্থাগুলো শহরের চলাচল ব্যবস্থাকে (মবিলিটি) আরও সাচ্ছন্দময় করবে এবং এর ফলে বেশিরভাগ ক্ষেত্রেই জনসাধারণ ব্যক্তিগত গাড়ি ব্যবহার না করেই শহরের বিভিন্ন স্থানে চলাচল করতে পারবে। এই স্মার্ট রোড নেটওয়ার্ক মূলতঃ পাঁচ ধরনের রাস্তার মাধ্যমে তৈরি হবে যা নিম্নরূপ:

চিত্র ৫১: বিভিন্ন ধরনের রাস্তার প্রস্থচ্ছেদ






(৭০' রাস্তা)



(৩০০' রাস্তা)



(১৫০' রাস্তা)

### ৩.৪.২ স্মার্ট স্যুয়ারেজ সিস্টেম

ময়মনসিংহ একটি স্মার্ট পয়ঃনিষ্কাশন ব্যবস্থা বাস্তবায়ন করতে যাচ্ছে যা সেপার ব্যবহার করে পয়ঃপ্রবাহ নিরীক্ষা করতে এবং কোথাও ফুটো থাকলে সেই জায়গা চিহ্নিত করতে পারবে। এই তথ্যগুলো তখন উক্ত স্থান মেরামত এবং পয়ঃনিষ্কাশনকে উপচে পড়া রোধ করতে ব্যবহৃত হতে পারে। এই শহরটি এমন একটি ব্যবস্থাও প্রয়োগ করেছে যেখানে নর্দমার লাইন পরিদর্শন করতে ড্রোন ব্যবহার করা হবে। এর ফলে মানুষের জন্য যাওয়া কষ্টসাধ্য- এমন জায়গায় নর্দমার নেটওয়ার্কের সমস্যাগুলিকে চিহ্নিত করা যাবে।



### ৩.৪.৩ স্মার্ট ইউটিলিটি প্রদান

ময়মনসিংহ একটি স্মার্ট ইউটিলিটি প্রদানের প্রক্রিয়া বাস্তবায়ন করতে যাচ্ছে যা সেন্সর ব্যবহার করে পানি, বিদ্যুৎ এবং গ্যাসের ব্যবহার পর্যবেক্ষণ করবে। পাশাপাশি, বর্জ্য রয়েছে এমন এলাকাগুলি চিহ্নিত এই পদ্ধতি ব্যবহার করা যেতে পারে। শহরটি এমন একটি ব্যবস্থা বর্তমানে ব্যবহার করেছে যাতে নাগরিকগণ অনলাইনে তাদের ইউটিলিটি বিল পরিশোধ করতে পারে। এই পদ্ধতিটি নাগরিকদের সময়মতো বিল পরিশোধ করতে এবং বিলম্ব ফি এড়াতে সাহায্য করে।

### ৩.৪.৪ প্রযুক্তি এবং স্থায়িত্বের একত্রীকরণ

একটি স্মার্ট সিটির ধারণা হল এমন একটি শহর যা প্রযুক্তি ব্যবহার করে তার বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে। এতে ট্র্যাফিক এবং দূষণ পরিবীক্ষনের জন্য সেন্সর ব্যবহার করা, পাবলিক ট্রান্সপোর্ট উন্নত করতে তথ্য ব্যবহার করা এবং উন্নত স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রদানের জন্য প্রযুক্তি ব্যবহার করার মতো বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকতে পারে। এই বিবেচনায় দেখা যায় যে, ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে ময়মনসিংহ একটি স্মার্ট সিটি হওয়ার পথে এগিয়ে যাবে। শহরটি ইতিমধ্যে বেশ কয়েকটি স্মার্ট উদ্যোগ বাস্তবায়ন করেছে এবং আরও কিছু উদ্যোগ বাস্তবায়নের জন্য কাজ চালিয়ে যাচ্ছে। এসব উদ্যোগ ময়মনসিংহকে আরও বাসযোগ্য ও টেকসই শহর হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে। ময়মনসিংহের সাথে একটি স্মার্ট সিটির ধারণার তুলনা করার জন্য এখানে একটি টেবিল প্রদান করা হল:

সারণি ১৫: ময়মনসিংহের সাথে একটি স্মার্ট সিটির ধারণার তুলনা


ফিচার	স্মার্ট সিটি	ময়মনসিংহ
প্রযুক্তির ব্যবহার রয়েছে কিনা	হ্যাঁ	হ্যাঁ
জীবনযাত্রার মান উন্নয়ন করে কিনা	হ্যাঁ	হ্যাঁ
বাসযোগ্য এবং টেকসই শহর কিনা	হ্যাঁ	হ্যাঁ

প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে দেখা যাচ্ছে যে, ময়মনসিংহের এমন কিছু বৈশিষ্ট্য রয়েছে যা এটিকে একটি স্মার্ট সিটি হিসেবে শ্রেণীবদ্ধ করার যোগ্য করে তোলে। শহরটি ইতিমধ্যে বেশ কয়েকটি স্মার্ট উদ্যোগ বাস্তবায়ন করেছে এবং আরও কিছু উদ্যোগ বাস্তবায়নের জন্য পরিকল্পনা করা হয়েছে। এসব উদ্যোগ ময়মনসিংহকে আরও বাসযোগ্য ও টেকসই শহর হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে।

### ৩.৫ পুনর্বাসন পরিকল্পনা

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ময়মনসিংহ বিভাগের জন্য বিভাগীয় নতুন শহরের যে পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, তা ১৬/০৮/২০১৬ ইং তারিখে Power Point Presentation এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করা হয়। বিভাগীয় নতুন শহর পরিকল্পনায় স্থানীয় জনসাধারণের জন্য ১২টি পুনর্বাসন এলাকা রাখা হয়েছিলো যার মোট আয়তন প্রায় ৮২.০৯ একর। পরবর্তীতে উক্ত সভার সিদ্ধান্ত (প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭৩.০৪৬.০৩.০০.০০৭. ২০১৬-৩১২, তারিখঃ ১৮/০৯/২০১৬) এবং মাননীয় প্রধানমন্ত্রীর মৌখিক নির্দেশনা অনুযায়ী বিভাগীয় নতুন শহর পরিকল্পনায় স্থানীয় জনসাধারণের জন্য পুনর্বাসন পরিকল্পনার বিভিন্ন ধরনের প্রস্তাবনা প্রদান করে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা হয়। পুনর্বাসন পরিকল্পনা বিভিন্ন ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। পুনর্বাসন পরিকল্পনা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মঞ্জল এবং সামাজিক একত্রীকরণকে অগ্রাধিকার প্রদান করে, বিভিন্ন প্রয়োজনীয় পরিষেবাতে প্রবেশ্যতা (অ্যাক্সেস) নিশ্চিত করে এবং এর ফলে এটা টেকসই উন্নয়নে সহায়ক হয়। নীচের মানচিত্রে বিভাগীয় নতুন শহরের পরিকল্পনায় পুনর্বাসন এলাকাগুলো দেখানো হলো।

চিত্র ৫২: বিভাগীয় নতুন শহর পরিকল্পনায় পুনর্বাসন এলাকার পূর্বতন প্রস্তাবনা




পুনর্বাসন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে প্রথমেই বাস্তবায়িত মানুষের সংখ্যা, তাদের জন্য প্রয়োজনীয় স্থানের পরিমাণ ইত্যাদি হিসাব করা প্রয়োজন। বিভাগীয় নতুন শহরের জন্য পরিকল্পিত এলাকায় বর্তমান ভূমি ব্যবহার হিসেবে দেখা যায় যে, বাড়ী এবং তার আশে-পাশের এলাকাসহ (বাড়ীর উঠান, গাছ ফাঁকা জায়গা) প্রায় ৩৬৪ একর জমি আবাসিক ভূমি ব্যবহার হিসেবে ব্যবহৃত হচ্ছে। অর্থাৎ বিভাগীয় নতুন শহরের ৪৬২৩ একর জায়গার মধ্যে ৩৬৫.৭৩ একর ভূমির ব্যবহার ভিটাবাড়ী/আবাসিক হিসেবে চিহ্নিত রয়েছে (চিত্র ৫১)। পাশাপাশি, এই পরিকল্পনার ফলে মোট ৯১৫০ টি স্থাপনা প্রভাবিত হবে। এই ৯১৫০ টি স্থাপনার ধরণ এবং ব্যবহারের পরিসংখ্যান নিচের সারণিতে প্রদান করা হলো।

সারণি ১৬: বিভাগীয় নতুন শহর পরিকল্পনার ফলে প্রভাবিত স্থাপনার পরিসংখ্যান


স্থাপনার ব্যবহার	কাঁচা	পাকা	সেমি পাকা	টিন শেড	আন্ডার কনস্ট্রাকশন	সর্বমোট
প্রশাসনিক (সরকারি)		৫	৩			৮
বাণিজ্যিক কার্যক্রম	১৩	১৭	১৮৫	১৯৫	২	৪১২
কমিউনিটি সুবিধাদি	১	৬	৮	১৬		৩১
শিক্ষা ও গবেষণা		৫	১০	১৮		৩৩
ধর্মীয় কার্যক্রম	১	৫	৬	২		১৪
আবাসিক	২৪১৪	৪৮	১৪৮২	৪৬৫৪	২৭	৮৬২৫
অন্যান্য	১৬	৪	৫	২		২৭
সর্বমোট	২৪৪৫	৮৯	১৬৯৭	৪৮৮৭	২৯	৯১৫০

এই সারণিটি থেকে দেখা যায় যে, এখানে মোট ৯,১৫০ টি স্থাপনা রয়েছে যা মূলতঃ প্রশাসনিক (সরকারি), বাণিজ্যিক, কমিউনিটি সুবিধা, শিক্ষা ও গবেষণা, ধর্মীয় কার্যক্রম এবং আবাসিক কাজে ব্যবহৃত হয়। পরিকল্পিত এলাকায় ৮৯টি পাকা স্থাপনা এবং ২,৪৪৫টি কাঁচা স্থাপনা রয়েছে। তবে, সবচেয়ে বেশি স্থাপনা সেমি পাকা (৪৮৮৭টি, ৫৩.৪১ শতাংশ)। এই স্থাপনাসমূহের বেশিরভাগই আবাসিক (৮,৬২৫টি, ৯৪.২৬ শতাংশ)। এই স্থাপনাগুলোর মোট আয়তন ৬৭.৭৯ একর। আবাসিক স্থাপনাগুলোর গড় আয়তন ৩৫৪.৭১ বর্গফুট। এর বাইরে রয়েছে মূলতঃ বাণিজ্যিক (৪১২টি, ৪.৫০ শতাংশ) এবং শিক্ষা ও গবেষণা (৩৩টি, ০.৩৬ শতাংশ) কার্যক্রমে ব্যবহৃত স্থাপনা।

চিত্র ৫৩: বিভাগীয় নতুন শহর এলাকার আবাসিক ভূমি ব্যবহার এলাকা



চিত্র ৫৪: বিভাগীয় নতুন শহর এলাকার স্থাপনা সমূহ




পুনর্বাসনের এই ধারনাসমূহ মাথায় রেখে নতুন বিভাগীয় শহর পরিকল্পনার জন্য পরিকল্পনা প্রণয়নের সময় একাধিক বিকল্প পুনর্বাসন ব্যবস্থা সহ পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এলাকায় বসবাসকারী জনসাধারণের পুনর্বাসনের জন্য এবং পরিকল্পনার সুবিধার্থে বিভাগীয় নতুন শহর এলাকার প্রস্তাবনা গুলকে ২.৫ কাঠার প্লটে ভাগ করা হয় যার মোট সংখ্যা প্রায় ১০৫০৮ টি। আবাসিক স্থাপনাগুলোর আয়তনের ভিত্তিতে পুনর্বাসন প্লটের সংখ্যা নির্ধারণ করা হয়েছে। ক্ষতিগ্রস্ত স্থাপনার আয়তনের দ্বিগুন পরিমাণ জমি পুনর্বাসন প্লটে প্রদান করার জন্য প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়। অত্র এলাকার আর্থ-সামাজিক প্রেক্ষাপট পর্যালোচনা করে দেখা যায় যে, প্রতিটি বাড়িই সেখানে একটি উৎপাদনকেন্দ্র হিসাবে কাজ করে অর্থাৎ, প্রায় প্রতিটি বাড়ীর চৌহদ্দিতে পশুপালন অথবা শাকসবজির চাষ হয়। এই বিবেচনায় ক্ষতিগ্রস্ত স্থাপনার আয়তনের দ্বিগুন পরিমাণ জমি পুনর্বাসনের জন্য পর্যাপ্ত বলে প্রতীয়মান হয়। উল্লেখ্য, পুনর্বাসনের জন্য নির্ধারিত প্লটসমূহ কেবলমাত্র ক্ষতিগ্রস্ত স্থাপনার বিপরীতেই প্রদান করার প্রস্তাব করা হয়েছে। জমি অধিগ্রহণের জন্য ভূমি মালিক সরকারি বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রাপ্য হবেন। আরও উল্লেখ্য যে, ক্ষতিগ্রস্ত স্থাপনার বিপরীতে প্রদানকৃত প্লট অবস্থার প্রেক্ষিতে আনুপাতিক হারে প্রদানের প্রস্তাব করা হয়েছে। এই সকল প্রস্তাবনা বাস্তবায়নকালে বিস্তারিত ওয়ার্কিং ড্রয়িং এবং বহুপাক্ষিক আলোচনার ভিত্তিতে চূড়ান্ত করা যেতে পারে।

পুনর্বাসন প্লট প্রদানের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প এলাকার সকল স্থাপনাকে শ্রেণীকরণ (গ্রুপে বিভক্ত) করা হয়েছে। উল্লেখ্য, প্রতিটি গ্রুপকে একটি স্বতন্ত্র গ্রুপ আইডি প্রদান করা হয়েছে। জরীপকালীন সময়ে দেখা গিয়েছে যে, একটি উঠানের চারদিকের ঘরগুলোতে একই পরিবারের লোকজন বসবাস করে। সুতরাং একটি উঠানের চারদিকে অবস্থিত স্থাপনাগুলোকে একটি গ্রুপে ফেলে হিসাব চূড়ান্ত করা হয়েছে।

### ৩.৫.১ প্রথম বিকল্প পুনর্বাসন পরিকল্পনা


প্রথম বিকল্প পুনর্বাসন পরিকল্পনাতে পুনর্বাসন ব্লকের সংখ্যা ১২ থেকে বাড়িয়ে ৫২টি করা হয়েছে। এই ৫২ টি ব্লকে ২.৫ কাঠার মোট ৩৩৮৯ টি প্লট রয়েছে। রাস্তা এবং খোলা জায়গা ছাড়া ২.৫ কাঠার চেয়ে বড় মাপের ১৬৮৮ টি প্লট রয়েছে। এক্ষেত্রে, পুনর্বাসন এলাকার মোট আয়তন ৩২১.৩৯ একর।

চিত্র ৫৫: বিভাগীয় নতুন শহর এলাকার পুনর্বাসন এলাকা সমূহ (বিকল্প পরিকল্পনা-১)



স্থাপনাগুলোর বিপরীতে পুনর্বাসন প্লট প্রদানের জন্য প্রথমে স্থাপনাগুলো থেকে ৫০ বর্গফুটের কম আয়তনের স্থাপনাগুলো বাদ দিয়ে বাকি স্থাপনাগুলোকে গ্রুপে ভাগ করা হয়েছে। প্রকল্প এলাকায় সর্বমোট ৩০৫৭ টি গ্রুপ পাওয়া গিয়েছে। গ্রুপগুলোতে যে স্থাপনাগুলো রয়েছে, তার মোট আয়তনের উপর ভিত্তি করে প্লটের সংখ্যা নির্ধারণ করা হয়েছে। হিসাব করে দেখা যায় যে, উক্ত ৩০৫৭ টি গ্রুপের জন্য প্রায় ৪০০৫ টি প্লটের প্রয়োজন। প্রথম বিকল্প পুনর্বাসন পরিকল্পনার ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়নকালে ধরে নেয়া হয়েছে যে, ক) প্রতিটি ক্ষেত্রে প্লটের বরাদ্দ ক্ষতিগ্রস্ত স্থাপনার আয়তনের দ্বিগুন হবে; খ) প্লটের আয়তনের ৫০% জমিতে ভবন নির্মাণ করা যাবে (যা ক্ষতিগ্রস্ত স্থাপনার পরিমানের সমান)। এই পুনর্বাসন পরিকল্পনায় ক্ষতিগ্রস্ত স্থাপনার মালিকের বিদ্যমান গ্রামীন পরিবেশে বসবাসের বিষয়টি বিবেচনায় নিয়ে ব্লকের নকশা ও প্লটের পরিমাণ নির্ধারণ করা হয়েছে।

চিত্র ৫৬: গ্রুপ অনুযায়ী পুনর্বাসন এলাকা



গ্রুপ, স্থাপনার সংখ্যা ইত্যাদি পরিসংখ্যান নিয়ে তালিকার মাধ্যমে উপস্থাপন করা হলো।

সারণি ১৭: গ্রুপ এবং স্থাপনার পরিসংখ্যান


স্থাপনার সংখ্যা	গ্রুপের সংখ্যা	মোট স্থাপনা	%
১	৬৫৫	৬৫৫	৮.০৬
২	৯৭২	১৯৪৪	২৩.৯৩
৩	৭৪২	২২২৬	২৭.৪০
৪	৩৯০	১৫৬০	১৯.২০
৫	১৬৩	৮১৫	১০.০৩
৬	৭৩	৪৩৮	৫.৩৯
৭	৩১	২১৭	২.৬৭
৮	১৪	১১২	১.৩৮
৯	১৩	১১৭	১.৪৪
১০	৪	৪০	০.৪৯
সর্বমোট	৩০৫৭	৮১২৪	১০০.০০

উল্লিখিত সারণি থেকে দেখা যায় যে, ৫০ বর্গফুটের চেয়ে বড় ২ টি স্থাপনা সম্বলিত উঠান (গ্রুপ) প্রকল্প এলাকায় সবচেয়ে বেশি সংখ্যায় বিদ্যমান (২৭.৪০%) এবং ১০ টি স্থাপনা সম্বলিত উঠান (গ্রুপ) রয়েছে মাত্র ৪ টি (০.৪৯%)।

### ৩.৫.২ দ্বিতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনা

দ্বিতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনাতে পুনর্বাসনের কিছু ব্লকের পরিবর্তন সাপেক্ষে মোট ৫৩ টি ব্লক নির্ধারণ করা হয়। এই ব্লকগুলোতে ২.৫ কাঠার মোট প্লটের সংখ্যা ৩৩২১ টি এবং রাস্তা ও খোলা জায়গা ছাড়া ২.৫ কাঠার চেয়ে বড় মাপের ১৬১২ টি প্লট রয়েছে। দ্বিতীয় বিকল্প এলাকার আয়তন ৩১৬.৬৯ একর। চিত্র ৫৭তে পরিবর্তিত পুনর্বাসন এলাকার অবস্থান দেখানো হলো।

চিত্র ৫৭: দ্বিতীয় বিকল্প পরিকল্পনা অনুযায়ী পুনর্বাসন এলাকা



স্থাপনাগুলোর বিপরীতে প্লট প্রদানের জন্য এখানেও আবাসিক সকল স্থাপনা থেকে ছোট (১০০ বর্গফুট থেকে কম আয়তন বিশিষ্ট) স্থাপনাগুলো বাদ দিয়ে গ্রুপ করা হয়েছে। উল্লেখ্য, প্রথম বিকল্প পুনর্বাসন পরিকল্পনাতে ৫০ বর্গফুটের কম আয়তন বিশিষ্ট স্থাপনাসমূহকে বাদ দেয়া হয়েছিলো। দ্বিতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনার ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়নকালে ধরে নেয়া হয়েছে যে, ক) প্রতিটি ক্ষেত্রে প্লটের বরাদ্দ ক্ষতিগ্রস্ত স্থাপনার আয়তনের সমানুপাতে হবে; খ) প্লটের আয়তনের ৬০% জমিতে ভবন নির্মাণ করা যাবে (যা ক্ষতিগ্রস্ত স্থাপনার পরিমানের সমান)।

দ্বিতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনাতে মোট গ্রুপের সংখ্যা ১৪৫৭ টি। এই ক্ষেত্রে গ্রুপ করার সময় আয়তনকে প্রাধান্য দেওয়া হয়েছে অর্থাৎ গ্রুপের স্থাপনার মোট আয়তন ১০৮০ বর্গফুটের গুণিতক অনুপাতে রাখা হয়েছে। অর্থাৎ, গ্রুপের স্থাপনার মোট আয়তন ১০৮০ বর্গফুট হলে সেই গ্রুপ একটি প্লট প্রাপ্য হবে। গ্রুপের (একটি উঠানের চারদিকে স্থাপনার) মোট আয়তন ১০৮০ বর্গফুটের কম বা বেশি হলে নিকটবর্তী গ্রুপকে সংযুক্ত করে গ্রুপ করা হয়েছে। এই বিকল্পে, গ্রুপের মোট আয়তনের হিসাব অনুযায়ী ১৪৫৭ টি গ্রুপের পুনর্বাসনের জন্য মোট ৩২৫৪টি প্লটের প্রয়োজন। নতুন প্লটের পরিসংখ্যান নিম্নে তালিকার মাধ্যমে উপস্থাপন করা হলো।


সারণি ১৮: নতুন প্লটের পরিসংখ্যান

প্লট সংখ্যা	পরিমাণ	%
১	৪৯৯	১৫.৩৩
২	১০৭৪	৩৩.০১
৩	৬৬৯	২০.৫৬
৪	৩৫৬	১০.৯৪
৫	২৫০	৭.৬৮
৬	১৯২	৫.৯০
৭	৯১	২.৮০
৮	৫৬	১.৭২
৯	২৭	০.৮৩
১০	৪০	১.২৩
সর্বমোট	৩২৫৪	১০০.০০

### ৩.৫.৩ তৃতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনা

তৃতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনাতে পুনর্বাসনের জন্য কিছু ব্লকের পরিবর্তন সাপেক্ষে মোট ৫২ টি ব্লক নির্ধারন করা হয়েছে। এই ব্লকগুলোতে ২.৫ কাঠার মোট প্লটের সংখ্যা ৩২২২ টি এবং রাস্তা ও খোলা জায়গা ছাড়া ২.৫ কাঠার চেয়ে বড় মাপের ১৫৩৮ টি প্লট রয়েছে।। তৃতীয় বিকল্প এলাকার আয়তন ৩০৪.৯৭ একর। চিত্র ৫৬তে পরিবর্তিত পুনর্বাসন এলাকার অবস্থান দেখানো হলো।

চিত্র ৫৮: পরিবর্তিত পুনর্বাসন এলাকা



তৃতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনায় দ্বিতীয় পুনর্বাসন পরিকল্পনার স্থাপনার গুপ এবং উক্ত পরিকল্পনায় অনুসৃত পদ্ধতি ব্যবহার করে স্থাপনাগুলোর বিপরীতে প্লটের সংখ্যা নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে যেহেতু তৃতীয় বিকল্প পুনর্বাসন পরিকল্পনায় প্লটের সংখ্যা এবং প্রয়োজনীয় প্লটের সংখ্যার মধ্যে ৩২ টি প্লটের পার্থক্য রয়েছে সেহেতু ২.৫ কাঠা আয়তনের চেয়ে বড় প্লট ব্যবহার করা হয়েছে।

উল্লেখ্য, স্থাপনাসমূহের পুনর্বাসন এলাকা এমনভাবে নকশা করা হয়েছে যেন তা পুনর্বাসনকৃত ব্যক্তির বর্তমান অবস্থানের কাছাকাছি হয়। এর মধ্যে, প্রায় ৩০ শতাংশ স্থাপনাকে সেগুলোর বর্তমান অবস্থানেই পুনর্বাসন করা হয়েছে।



## ৪. প্রভাব বিশ্লেষণ

যেকোন উন্নয়ন প্রকল্পের একটি অপরিহার্য দিক হল অর্থনীতি এবং পরিবেশ থেকে শুরু করে সামাজিক ও সাংস্কৃতিক পর্যন্ত বিভিন্ন দিকের পুঞ্জানুপুঞ্জ প্রভাব মূল্যায়ন। এই প্রতিবেদনে ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের ফলে সৃষ্ট প্রভাব মূল্যায়নের একটি বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে যেখানে মূলতঃ এর অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, এবং পরিবেশগত প্রভাবের উপর ফোকাস করা হয়েছে। এই প্রকল্পের প্রভাব এবং এই প্রকল্প থেকে প্রাপ্ত শিক্ষার উপর ভিত্তি করে একই রকম উন্নয়ন উদ্যোগে ভবিষ্যতের পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য গুরুত্বপূর্ণ কিছু ধারণা প্রদান করবে।

### ৪.১ ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের অর্থনৈতিক প্রভাব

এই প্রকল্পের বাস্তবায়ন এই অঞ্চলের জন্য বেশ কিছু অর্থনৈতিক সুযোগ নিয়ে আসবে বলে আশা করা হচ্ছে। বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক এ সকল প্রভাব দৃশ্যমান হবে বলে ধারণা করা হচ্ছে যার মধ্যে কর্মসংস্থান সৃষ্টি, ব্যবসা ও বিনিয়োগের সুযোগ বৃদ্ধি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রধান।

#### ৪.১.১ কর্মসংস্থান সৃষ্টি

প্রস্তাবিত বিভাগীয় শহরটি বিদ্যমান গ্রোথ সেন্টারগুলিকে বিবেচনায় নিয়ে নতুন কর্মক্ষেত্রের সুযোগ তৈরী করবে। বিশেষ করে, “বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল” হিসাবে অন্তর্ভুক্ত করে এবং ময়মনসিংহ বিভাগের উৎকৃষ্ট চামড়ার আড়তকে কেন্দ্র করে শিল্পগঞ্জ (চর নীলক্ষীয়া ইউনিয়ন) ও তৎসংলগ্ন এলাকায় একটি ইকো-সেনসিটিভ এবং ঘাতসহ সবুজ ও স্মার্ট নগর তৈরী করা যথাযথ হবে- যা বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যম আয় পরবর্তী ধাপে উত্তরণকালীন একটি সার্থক উদাহরণ হিসেবে বিশ্ব দরবারে চিহ্নিত করবে। ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের ফলে এই অঞ্চলে প্রচুর কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা রয়েছে। এখানকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ আরম্ভ হলে (যেমন অবকাঠামো নির্মাণ) এই প্রকল্প হাজার হাজার নতুন কাজের সুযোগ তৈরি করবে বলে ধারণা করা হচ্ছে। এই প্রকল্পগুলির জন্য বিভিন্ন ধরনের দক্ষতাসম্পন্ন মানবসম্পদ প্রয়োজন হবে, যা বিভিন্ন শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের জন্য সহায়ক হবে। প্রকল্পের অগ্রগতির সাথে সাথে, আরও বেশি সংখ্যক লোক বিভিন্ন ধরনের কর্মসংস্থানে যুক্ত হবে, যা এই অঞ্চলকে উন্নত জীবিকা এবং অর্থনৈতিক স্থিতিশীলতার দিকে নিয়ে যাবে।

#### ৪.১.২ ব্যবসা এবং বিনিয়োগের সুযোগ

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হলে ব্যবসা বানিজ্যের জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি হবে এবং এখানে বিনিয়োগ আকৃষ্ট হবে। এই উন্নয়ন প্রকল্পসমূহ বিভিন্ন পণ্য ও পরিষেবার চাহিদা বাড়াবে যা স্থানীয় উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের ব্যবসা বিকাশের সুযোগ তৈরি করবে। অধিকন্তু, অবকাঠামোগত উন্নয়ন এবং উন্নত সড়ক-যোগাযোগের ফলে বিভিন্ন ধরনের (দেশী এবং বিদেশী) বিনিয়োগকারীদের কাছে এই এলাকার আকর্ষণ বাড়বে। বিনিয়োগে এই বর্ধিত আগ্রহ অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে এবং টেকসই উন্নয়নের পথ প্রশস্ত করবে।

#### ৪.১.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হলে অর্থনৈতিক প্রবৃদ্ধির বেশ কয়েকটি সূচক ইতিবাচক হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। গত শতকের ৭০ এর দশকে ব্রাজিলের কিউরিটিবা মহাপরিকল্পনা বাস্তবায়নের অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, উক্ত পরিকল্পনা নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি করেছে এবং করের ভিত্তি বাড়িয়েছে (শোয়ার্টজ, ২০০৬)। অনুরূপভাবে, নিউ ইয়র্ক শহরের পরিকল্পনাটিও (২০০৭ সালের) আরও কর্মসংস্থান এবং ব্যবসা-বানিজ্যের সুযোগ তৈরির মাধ্যমে বেকারত্ব এবং দারিদ্র্য কমাতে সাহায্য করেছে বলে প্রমাণ পাওয়া যায় (নিউ ইয়র্ক সিটি ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন, ২০০৮)। উন্নত অবকাঠামো, যেমন উন্নত যোগাযোগ ব্যবস্থা উন্নত সংযোগ এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে এই প্রকল্প ব্যবসা-বাণিজ্যের প্রসারে অবদান রাখবে। উপরন্তু, কৃষি উন্নয়নেও এই প্রকল্পের ফোকাসের ফলে উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে এবং এটা খাদ্য নিরাপত্তা

নিশ্চিত করতে সহায়তা করবে। এই অর্থনৈতিক প্রবৃদ্ধির সূচকগুলি এই অঞ্চলের অগ্রগতি এবং সমৃদ্ধি পরিমাপের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পরিশেষে বলা যায় যে, ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন এই অঞ্চলের অর্থনীতির জন্য পজিটিভ অর্থনৈতিক প্রভাব বয়ে নিয়ে আসবে। প্রদত্ত তথ্য এবং উদাহরনসমূহের উপর ভিত্তি করে বলা যায় যে এই প্রকল্পের বাস্তবায়ন এই অঞ্চলের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নের দিকনির্দেশক হিসাবে কাজ করবে বলে ধারণা করা হচ্ছে।

## ৪.২ সামাজিক ও সাংস্কৃতিক প্রভাব

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন উল্লেখযোগ্য সামাজিক ও সাংস্কৃতিক প্রভাব ফেলবে বলে ধারণা করা হচ্ছে যা কমিউনিটির সামগ্রিক উন্নয়ন ও মঞ্জলে অবদান রাখবে। এই প্রকল্পটি তিনটি মূল ক্ষেত্রে প্রভাব ফেলবে: অবকাঠামো উন্নয়ন, জীবনযাত্রার মান উন্নয়ন এবং সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ।

### ৪.২.১ অবকাঠামো উন্নয়ন

এই প্রকল্পের অন্যতম প্রধান লক্ষ্য হল প্রকল্প এলাকায় অবকাঠামো উন্নত করা, যা এই অঞ্চলের সামাজিক ও অর্থনৈতিক কাঠামোতে দৃষ্টান্তমূলক প্রভাব ফেলতে পারে। রাস্তা, সেতু, স্কুল, হাসপাতাল এবং ইউটিলিটি নির্মাণের মতো অবকাঠামো উন্নয়ন উদ্যোগগুলি স্থানীয় জনগণকে সামগ্রিক যোগাযোগ, প্রবেশযোগ্যতা এবং জীবনযাত্রার মান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অবকাঠামোতে বিনিয়োগ কর্মসংস্থান সৃষ্টি করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটাবে এবং এই অঞ্চলে আরও উন্নয়নকে আকর্ষণ করবে। উন্নত পরিবহন নেটওয়ার্কগুলি পণ্য এবং মানুষের চলাচলকে সহজতর করে, নতুন বাজার এবং ব্যবসার সুযোগ খুলে দেবে। উপরন্তু, উন্নত পরিবহণ ব্যবস্থা স্বাস্থ্যসেবা এবং শিক্ষা সুবিধাসহ অতিপ্রয়োজনীয় পরিষেবাগুলিতে প্রবেশ্যতা বাড়ায়, সামাজিক অন্তর্ভুক্তি নিশ্চিত করে এবং মোটের উপর কমিউনিটির ক্ষমতায়ন নিশ্চিত করে।

উদাহরনস্বরূপ, ভ্যাঙ্কুভারকে আরও টেকসই এবং বাসযোগ্য শহর হিসাবে গড়ে তোলার জন্য ভ্যাঙ্কুভার প্ল্যান কানাডায় ২০১৯ সালে বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে পরিবহন নেটওয়ার্কগুলি, বিশেষ করে গণপরিবহন উন্নত হয়েছে এবং নাগরিকদের জন্য শহরের চারপাশে যাওয়া সহজ হয়েছে, যা যানজট কমাতে এবং বায়ুর মান উন্নত করতে সাহায্য করেছে।

### ৪.২.২ জীবনের মান উন্নয়ন

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের লক্ষ্য হচ্ছে বিভিন্ন আর্থ-সামাজিক চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রকল্প এলাকার বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করা। বিশুদ্ধ পানি সরবরাহ, স্যানিটেশন ব্যবস্থা এবং বিদ্যুতের মতো মৌলিক সুযোগ-সুবিধার উন্নয়ন কমিউনিটির সার্বিক কল্যাণে গভীর প্রভাব ফেলতে পারে।

বিশুদ্ধ পানিতে নাগরিকদের প্রবেশ্যতা এবং উন্নত স্যানিটেশন সুবিধা নাগরিকদের স্বাস্থ্যের উপর সরাসরি প্রভাব ফেলে। এর ফলে জলবাহিত রোগের প্রাদুর্ভাব হ্রাস পায় এবং সামগ্রিক জনস্বাস্থ্য সূচকগুলির উন্নতি হয়। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ জীবনযাত্রার মান উন্নত করতে অবদান রাখে, পরিবারগুলিকে বিভিন্ন আধুনিক সুবিধায় প্রবেশ্যতা প্রদান করে, যা শিক্ষা, উৎপাদনশীলতা এবং সামগ্রিকভাবে জীবনযাপনের স্বস্তিকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

### ৪.২.৩ সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ

সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও প্রচার ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ দিক। এই প্রকল্পে সাংস্কৃতিক বৈচিত্র্য এবং ঐতিহ্যকে কমিউনিটির পরিচয়, সামাজিক সংহতি এবং টেকসই উন্নয়নের অবিচ্ছেদ্য অংশ হিসাবে

বিবেচনা করা হয়েছে। সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা ও প্রদর্শন কেবলমাত্র স্থানীয় বাসিন্দাদের মধ্যে মূল্যবোধ এবং মালিকানার বোধ জাগায় না বরং পর্যটনকে আকৃষ্ট করে এবং এই অঞ্চলের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে।

এই প্রকল্প ঐতিহাসিক স্থান, স্মৃতিস্তম্ভ এবং ঐতিহ্যবাহী সাংস্কৃতিক চর্চার সংরক্ষণ ও পুনরুদ্ধারের উপর গুরুত্ব প্রদান করেছে যার মধ্যে রয়েছে বেশকিছু ঐতিহাসিক স্থাপনা (যার মধ্যে শশীলজ, জয়নুল সংগ্রহশালা ইত্যাদি বিখ্যাত), কিছু ঐতিহ্যবাহী শিল্প, কারুশিল্প ইত্যাদি যা ময়মনসিংহের অনন্য সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে সাহায্য করবে। এই বিষয়গুলোর ঐতিহাসিক এবং সাংস্কৃতিক গুরুত্ব রয়েছে, যা দেশীয় এবং আন্তর্জাতিক উভয় ধরনের পর্যটকদের আকর্ষণ করে। বিভিন্ন রিপোর্ট থেকে দেখা যায় যে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের উদ্যোগগুলি পর্যটনের রাজস্ব বৃদ্ধি করে এবং নতুন নতুন চাকরির সৃষ্টি করে।

### ৪.৩ পরিবেশগত প্রভাব

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিবেশগত প্রভাব বিবেচনা ও প্রশমিত করার ব্যাপারটিকে বেশ গুরুত্ব প্রদান করে। এর মধ্যে টেকসই উন্নয়ন বিবেচনা, পরিবেশগত চ্যালেঞ্জ প্রশমন ব্যবস্থা এবং পরিবেশগত টেকসইতার জন্য সবুজ উদ্যোগ অন্যতম।

#### ৪.৩.১ টেকসই উন্নয়ন বিবেচনা

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্প টেকসই উন্নয়নকে সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে যার লক্ষ্য অর্থনৈতিক প্রবৃদ্ধি, সামাজিক কল্যাণ এবং পরিবেশ সংরক্ষণের মধ্যে ভারসাম্য অর্জন করা। উন্নয়ন কর্মকান্ড যাতে বাস্তবতন্ত্রের দীর্ঘমেয়াদী স্বাস্থ্য এবং জীবনীশক্তির জন্য কোনপ্রকার হুমকি বয়ে নিয়ে না আসে তা নিশ্চিত করার জন্য প্রকল্পটি টেকসইতার নীতিগুলিকে বিবেচনা করেছে।

টেকসই উন্নয়ন বিবেচনায় নিয়ে এই প্রকল্প জীবশক্তি জ্বালানির উপর নির্ভরতা কমাতে এবং কার্বন নির্গমন কমাতে সৌরশক্তি এবং বায়ু শক্তির মতো নবায়নযোগ্য শক্তির উৎসসমূহ ব্যবহারকে উৎসাহিত করেছে। উপরন্তু, এটি টেকসই উপকরণ ব্যবহার, শক্তির সর্বোত্তম ব্যবহার করে এমন নকশা, এবং দক্ষ বর্জ্য ব্যবস্থাপনা সহ পরিবেশ-বান্ধব নির্মাণ অনুশীলনের উপর গুরুত্ব প্রদান করেছে।

#### ৪.৩.২ পরিবেশগত চ্যালেঞ্জের জন্য প্রশমন ব্যবস্থা

এই প্রকল্পের ফলে যে সকল পরিবেশগত চ্যালেঞ্জ তৈরি হবে সেগুলো মোকাবেলা করার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ফলে সৃষ্ট নেতিবাচক প্রভাব কমাতে এবং পরিবেশ রক্ষার জন্য প্রশমন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই ব্যবস্থাসমূহ দূষণ, বিভিন্ন প্রাণী এবং উদ্ভিদের বাসস্থান ধ্বংস এবং বাস্তবতন্ত্রের উপর অন্যান্য ক্ষতিকারক প্রভাব প্রতিরোধ বা হ্রাস করার জন্য ডিজাইন করা হয়েছে। উদাহরণস্বরূপ, নির্মাণকালে উৎপন্ন বর্জ্য এবং অন্যান্য উপকরণের যথাযথ নিয়ন্ত্রণ এবং পুনর্ব্যবহার নিশ্চিত করার জন্য এই প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনা ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে জীববৈচিত্র্য-সমৃদ্ধ এলাকা যেমন জলাভূমি, বন এবং বন্যপ্রাণীর আবাসস্থল রক্ষা ও পুনরুদ্ধার করার ব্যবস্থাও অন্তর্ভুক্ত রয়েছে, যা মূল বাস্তবতন্ত্র এবং প্রজাতির সংরক্ষণ নিশ্চিত করে।

এছাড়াও, প্রকল্পটি জল সম্পদ ব্যবস্থাপনার জন্য যথাযথ নির্দেশনা প্রদান করেছে, যার লক্ষ্য জল সংরক্ষণ, দূষণ প্রতিরোধ এবং পানির দক্ষ ব্যবহার নিশ্চিত করা। এই ব্যবস্থাগুলি এই অঞ্চলের জলের উৎসগুলিকে সুরক্ষিত করতে এবং মানুষের ব্যবহার এবং বাস্তবতন্ত্রের স্বাস্থ্য উভয়ের জন্য তাদের প্রাপ্যতা নিশ্চিত করতে সহায়তা করবে। এই প্রশমন ব্যবস্থাগুলি বাস্তবায়নের মাধ্যমে, ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নগত ঝুঁকি কমিয়ে আনা এবং প্রকল্পের পুরো সময়কাল জুড়ে পরিবেশগত চ্যালেঞ্জগুলি কার্যকরভাবে মোকাবেলা করা নিশ্চিত করবে।

### ৪.৩.৩ সবুজ উদ্যোগ এবং পরিবেশের স্থায়িত্ব

ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর উন্নয়ন প্রকল্প সবুজায়নের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে এবং এর উন্নয়ন কৌশলের একটি অবিচ্ছেদ্য অংশ হিসাবে পরিবেশগত টেকসইতাকে বিবেচনা করেছে। এই উদ্যোগগুলি পরিবেশের গুণমান উন্নত করতে, কার্বন নিঃসরণ কমাতে এবং বিভিন্ন খাতে টেকসই অনুশীলন প্রচারের জন্য ডিজাইন করা হয়েছে।

এই প্রকল্পের প্রধান উদ্যোগগুলির মধ্যে একটি হল প্রকল্প এলাকায় সবুজ স্থান এবং বৃক্ষরাজি বৃদ্ধি। এই উদ্যোগগুলোর মধ্যে রয়েছে পার্ক, উদ্যান এবং সবুজ একটি বলয় স্থাপন, জীববৈচিত্র্য বৃদ্ধি এবং বায়ুর গুণমান উন্নত করার সাথে সাথে কমিউনিটির জন্য বিনোদনমূলক স্থান প্রদান করা। গবেষণায় দেখা গেছে যে শহরের সবুজ স্থানগুলি একটি শহরের নাগরিকদের শুধুমাত্র নিঃশ্বাস নেয়ার জায়গাই প্রদান করে না বরং নগরের পরিবেশ এবং নগরবাসীর শারীরিক, মানসিক এবং সামাজিক স্বাস্থ্যের উপর সরাসরি প্রভাব ফেলে (সেলেস, প্রমুখ, ২০০৩)।

এই প্রকল্পে ভবন এবং অবকাঠামোতে শক্তির সর্বোত্তম ব্যবহার করে এমন প্রযুক্তি এবং অনুশীলন গ্রহণকে উৎসাহিত করা হয়েছে। এতে শক্তির খরচ এবং কার্বন নিঃসরণ কমাতে শক্তি-সাশ্রয়ী আলোক ব্যবস্থা, নিরোধক উপকরণ এবং স্মার্ট গ্রিড প্রযুক্তির ব্যবহার করা হবে। গ্রীনহাউস গ্যাস নির্গমন কমানোর উপর পরিকল্পনার ফোকাস টেকসই পরিবেশে কাজ করতে চায় এমন ব্যবসায়িককে আকৃষ্ট করতে সাহায্য করবে। পরিবেশগত স্থায়িত্বের জন্য, এই প্রকল্পে বর্জ্য হ্রাস, পুনর্ব্যবহারযোগ্য উপকরণ ব্যবহার এবং কম্পোস্টিং-এর জন্য স্থানীয় উদ্যোগগুলিকে উৎসাহিত করা হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনার গুরুত্ব সম্পর্কে বাসিন্দাদের জানাতে এবং তাদেরকে দায়িত্বশীল ব্যবহার এবং পুনর্ব্যবহার অভ্যাসকে উৎসাহিত করার জন্য কমিউনিটিতে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে প্রচারণা চালানো হয়েছে। এই সবুজ উদ্যোগগুলির বাস্তবায়ন পরিবেশগত টেকসইতা বৃদ্ধি করবে যা টেকসই জীবনযাপনের পরিবেশ তৈরি করবে, যা বর্তমান এবং ভবিষ্যত- উভয় প্রজন্মকেই উপকৃত করবে।

## ৫. চ্যালেঞ্জ এবং শিখন

### ৫.১ বাস্তবায়ন চ্যালেঞ্জ

এই প্রকল্প বাস্তবায়নের বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে। এই চ্যালেঞ্জগুলির মধ্যে লজিস্টিকস এর সমস্যা, সম্পদের সীমাবদ্ধতা, নিয়ন্ত্রণকারী সংস্থার জটিলতা এবং অপ্রত্যাশিত কিছু বাহ্যিক কারণ রয়েছে। উদাহরণস্বরূপ, সরকারী সংস্থা এবং অংশীজনদের অনুমতি এবং অনুমোদনের বিলম্ব প্রকল্পের সময়সূচিকে প্রভাবিত করতে পারে। উপরন্তু, দক্ষতার সাথে সম্পদ বরাদ্দ করা উল্লেখযোগ্য একটি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জগুলি কাটিয়ে উঠতে, প্রকল্প ব্যবস্থাপনা দল কার্যকরী প্রকল্প ব্যবস্থাপনা কৌশল পরিকল্পনা করেছে, যার মধ্যে রয়েছে নিয়মিত পরিবীক্ষণ এবং মূল্যায়ন, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিতকরণ এবং অংশীজনদের সাথে নিয়মিত যোগাযোগ। এই চ্যালেঞ্জগুলি থেকে শিক্ষা নিলে এগুলো ভবিষ্যতের উন্নয়ন প্রকল্পগুলির জন্য মূল্যবান হতে পারে।

### ৫.২ নাগরিকদের সম্পৃক্ততা এবং অংশগ্রহণ

এই প্রকল্পের সাফল্যের জন্য নাগরিকদের সম্পৃক্ততা এবং অংশগ্রহণ গুরুত্বপূর্ণ একটি বিষয়। প্রকল্পটি সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় স্থানীয় জনগণকে সাথে নিয়ে কাজ করার এবং তাদের দৃষ্টিভঙ্গি এবং প্রয়োজনগুলিকে অন্তর্ভুক্ত করাকে গুরুত্বের সাথে বিবেচনা করেছে। কমিউনিটির সম্পৃক্ততা নাগরিকদের মধ্যে মালিকানা এবং ক্ষমতায়নের বোধকে উৎসাহিত করবে। এই প্রকল্পে কমিউনিটিকে বিভিন্নভাবে সম্পৃক্ত করা হয়েছে, যেমন জনসাধারণের কাছ থেকে পরামর্শ গ্রহণ, কমিউনিটির সভা এবং তথ্য শেয়ার করে নেয়ার সেশন ইত্যাদি। এই প্ল্যাটফর্মগুলি কমিউনিটির সদস্যদের তাদের বক্তব্য প্রকাশ করতে, প্রতিক্রিয়া প্রদান করতে এবং প্রকল্পের নকশা এবং বাস্তবায়নে অবদান রাখতে সহায়তা করেছে। এই মিথস্ক্রিয়াগুলির মাধ্যমে, প্রকল্পটি তার উদ্দেশ্যগুলিকে কমিউনিটির আকাঙ্ক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ করতে সক্ষম হয়েছে যার ফলে এর সামগ্রিক কার্যকারিতা এবং স্থায়িত্ব বাড়বে বলে আশা করা হচ্ছে।

### ৫.৩ ভবিষ্যত প্রকল্পের জন্য নীতি সুপারিশ

এই প্রকল্প থেকে প্রাপ্ত অভিজ্ঞতা এবং শিক্ষার উপর ভিত্তি করে, ভবিষ্যতের উন্নয়ন প্রকল্পসমূহ সম্পর্কে নির্দেশনা দেয়ার জন্য বেশ কিছু নীতিগত সুপারিশ করা যেতে পারে। এই সুপারিশগুলির লক্ষ্য প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি উন্নয়ন করা, নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধি এবং অনুবূপ উদ্যোগের দীর্ঘমেয়াদী সাফল্য নিশ্চিত করবে।

প্রথমত, স্পষ্ট এবং স্বচ্ছ একটি নিয়ন্ত্রক কাঠামো স্থাপন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যা অনুমতি এবং অনুমোদন প্রক্রিয়াগুলিকে সহজ করে। এটি বিলম্ব কমাতে এবং দক্ষ প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে সহায়তা করবে। দ্বিতীয়ত, প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়নের একটি অবিচ্ছেদ্য অংশ হিসাবে নাগরিক অংশগ্রহণকে অগ্রাধিকার দেয়া প্রয়োজন। প্রকল্পের প্রাথমিক পর্যায় থেকে অংশীজনদের সাথে সম্পৃক্ত থাকার ফলে কমিউনিটির সদস্যদের মধ্যে আস্থা, সহযোগিতা এবং মালিকানার বোধ তৈরি হয়। তৃতীয়ত, স্থানীয় কমিউনিটির জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধির উদ্যোগের জন্য পর্যাপ্ত সম্পদ বরাদ্দ করা উচিত। এর মধ্যে রয়েছে প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা, এবং শিক্ষামূলক প্রচারাভিযান যাতে বাসিন্দাদের ক্ষমতায়ন করা যায় এবং তাদেরকে উন্নয়ন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করে। সবশেষে, প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন এবং সম্ভাব্য সমস্যা চিহ্নিত করতে এবং প্রয়োজনীয় সজ্জা রক্ষা করার জন্য ক্রমাগত পরিবীক্ষণ এবং মূল্যায়ন করা প্রয়োজন।



## ৬. উপসংহার

সংক্ষেপে বলতে গেলে, এই প্রকল্প বিভিন্ন বাস্তবায়ন চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে, যেমন লজিস্টিকস, সম্পদের সীমাবদ্ধতা ইত্যাদি। কার্যকর প্রকল্প ব্যবস্থাপনা কৌশল এবং অংশীজনদের সাথে সক্রিয় যোগাযোগের মাধ্যমে, এই চ্যালেঞ্জগুলি মোকাবেলা করা হয়েছে। কমিউনিটির অংশগ্রহণ এই প্রকল্পের সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই প্রকল্প স্থানীয় সম্প্রদায়কে জড়িত করার গুরুত্বকে স্বীকৃতি দিয়েছে এবং প্রকল্পের নকশা ও বাস্তবায়নে তাদের দৃষ্টিভঙ্গি এবং প্রয়োজনগুলিকে অন্তর্ভুক্ত করেছে।

এই প্রকল্পের স্বল্পমেয়াদী প্রভাবের বাইরেও দীর্ঘমেয়াদী প্রভাব রয়েছে। এই প্রকল্পের সফল বাস্তবায়ন টেকসই উন্নয়ন নিশ্চিত করবে যা অর্থনৈতিক প্রবৃদ্ধি, সামাজিক কল্যাণ এবং পরিবেশ সংরক্ষণের ভারসাম্য বজায় রাখবে। এই প্রকল্পের শিখনসমূহ ভবিষ্যতকে গাইড করতে এবং জড়িত সকল অংশীজনদের সুবিধার জন্য টেকসই এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নকে উৎসাহিত করতে পারে।

### তথ্যসূত্র:

শোয়ার্টজ, এইচ., ২০০৬; অর্থনৈতিক চ্যালেঞ্জের শহরে আরবান রিনিউয়ালের ফলাফল: কিউরিটিবার কেস স্টাডি; ব্রাসার অষ্টম আন্তর্জাতিক সম্মেলন, ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়; ন্যাশভিল, টেনেসি; ১৩-১৬ অক্টোবর।

নিউ ইয়র্ক সিটি ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন, ২০০৮; গ্ল্যান এনওয়াইসি-তে চাকরি সৃষ্টির বিশ্লেষণ; দীর্ঘমেয়াদী পরিকল্পনার এবং স্থায়িত্ব বিষয়ক মেয়রের কার্যালয়: নিউ ইয়র্ক

সেলেস, বি.ই., স্যালিস, জে.এফ., ফ্রাঙ্ক, এল.ডি., ২০০৩; হাঁটা এবং সাইকেল চালানোর পরিবেশগত সম্পর্ক: পরিবহন, নগর নকশা, এবং পরিকল্পনা ডকুমেন্ট থেকে কৃত অনুসন্ধান, দ্য সোসাইটি অফ বিহেভিওরাল মেডিসিন ২৩, ৮০-৯১।





সংযোজনী ০১: ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর সংক্রান্ত গনসভা সম্পর্কিত তথ্য

৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৯ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৬৩.১৭.১৬২৫

বিষয়: নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সম্পাদিত “Mymensingh Strategic Development Plan (MSDP), 2011-2031 প্রকল্পের গেজেট প্রকাশ প্রসঙ্গে।

সূত্র: নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৬৩.১৭.১২১৯, তারিখ: ২৮/১১/২০২২

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত Mymensingh Strategic Development Plan (MSDP), 2011-2031 প্রকল্পের Project Completion Report (PCR) ০৯/১১/২০১৫ তারিখে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী (সিডিএমপি-II), দুর্যোগ ব্যবস্থাপনা ও ট্রান বিভাগ-এ প্রেরণ করা হয়েছে। প্রকল্পের গেজেট প্রকাশের নিমিত্ত প্রকল্পের সারসংক্ষেপ সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছিল। উক্ত প্রকল্পের গেজেট প্রকাশের নিমিত্ত প্রকল্পের সারসংক্ষেপ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুণরায় এতদসঙ্গে সবিণয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৯-০৬-২০২৩

ড. মুরশীদ জাবিন হোসেন তৌফিক  
পরিচালক (চলতি দায়িত্ব)

২২৩৩৮-২৭২৮

director.udd1965@gmail.com

সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ:

অতিরিক্ত সচিব, উন্নয়ন-১ অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৬৩.১৭.১৬২৫/১ (১০)

৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৯ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, উন্নয়ন-২ অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ২। পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। যুগ্মসচিব, পরিকল্পনা সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;

- ৪। একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৫। একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৬। উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৭। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৮। সিনিয়র প্র্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৯। প্র্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ১০। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



**সকল সংযুক্তিসমূহ:**

- (১) প্রকল্পের সারসংক্ষেপ
- (২) স্ট্রাকচার প্র্যান ম্যাপ
- (৩) স্ট্রাকচার প্র্যান রিপোর্ট
- (৪) স্ট্রাকচার প্র্যান এর মৌজা সিডিউল



১৯-০৬-২০২৩  
মোঃ সাইফুর রহমান  
প্র্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৬৩.১৭.১৩৮৭

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যান বোর্ড বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহের অধীনে "মহিলা কারিগিরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার" নির্মাণের জন্য জমি বরাদ্দ সংক্রান্ত।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৫.০০০০.০০৪.১৪.০০৫.২০.৮০, তারিখঃ ২৯/০৩/২০২৩

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের ভূমি ব্যবহার পরিকল্পনায় প্রশাসনিক/অফিস কার্যক্রমের জন্য ৪০.৬৬ একর জায়গা বরাদ্দ রাখা হয়েছে। প্রস্তাবিত এই জায়গার মধ্যেই সকল দপ্তরের প্রশাসনিক/অফিস কার্যক্রম হবে। কোন দপ্তরের নামে আলাদা করে কোন স্থান বরাদ্দ রাখা হয়নি।

উল্লেখ্য যে, গত ৩০/১০/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত "নবগঠিত ময়মনসিংহ বিভাগের জন্য ব্রহ্মপুত্র নদের অপর পাড়ে যথাসম্ভব কম জমি অধিগ্রহণ করে বিভাগীয় সদর দপ্তরসমূহ নির্মাণের লক্ষ্যে ইতঃপূর্বে মাননীয় প্রধানমন্ত্রী যে নির্দেশনা প্রদান করেছিলেন, সে অনুযায়ী নতুন ডিজাইন করে প্রকল্প গ্রহণ করতে হবে।" মোতাবেক যথাসম্ভব কম জায়গা নিয়ে বিভাগীয় সদর দপ্তরের পরিকল্পনা প্রণয়ন করা হয়, যেখানে আলাদা করে কোন দপ্তরের জন্য কোন স্থান বরাদ্দ করা হয়নি। এমতাবস্থায় "মহিলা কারিগিরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার" এর জন্য আলাদা করে স্থান বরাদ্দ করার কোন সুযোগ নাই।

বিষয়টি সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০৬-০৬-২০২৩

ড. মুরশীদ জাবিন হোসেন তৌফিক

পরিচালক (চলতি দায়িত্ব)

২২৩৩৮-২৭২৮ (ফোন)

director.udd1965@gmail.com


বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৬৩.১৭.১৩৮৭/১ (৬)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৪। প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৫। প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



Israt Jahan

০৬-০৬-২০২৩  
ইসরাত জাহান  
প্র্যানার



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৩৬০

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮  
১৩ এপ্রিল ২০২২

বিষয়: সৌদি সহযোগিতায় ময়মনসিংহ বিভাগীয় শহরে মসজিদ নির্মাণের জন্য জমি নির্বাচন সংক্রান্ত।  
সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.০০০০.০১৪.১৪.০০৪.২১.১১৪, তারিখ:  
২৮/০৩/২০২২ খ্রি.

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সৌদি সহযোগিতায় ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তরের প্রস্তাবিত স্থানে মসজিদ নির্মাণের জন্য ০.৫০ একর অখন্ড জমি Land Use Plan এ অর্ন্তভুক্ত ও চিহ্নিত করার জন্য সূত্রস্থ পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। সেইপ্রেক্ষিতে Land Use Plan এ মসজিদ নির্মাণের জন্য ০.৮১ একর অখন্ড জমি স্থান চিহ্নিতকরণসহ ( 3856/potrojariAttachmentRef/13310/0/3383)ম্যাপের কপি সংযুক্ত (3857/potrojariAttachmentRef/13310/0/3383)) সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



১৮-৪-২০২২

মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিভাগীয় কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৩৬০/১(৬)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮  
১৩ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
- ৫) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৮-৪-২০২২

মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
প্রশাসন শাখা  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৯৯৬

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২


বিষয়: “ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত স্থানে “সরকারি কর্মচারী হাসপাতাল” নির্মানের নিমিত্ত ০৩:০০ একর জমি চিহ্নিত করে Land Use Plan এ অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নং- ০৫.৪৫.০০০০.০১৪.১৪.০০৫.২১.৪৭৯, তারিখ: ৩০/০৯/২০২১ খ্রি.

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের Health Facilities এর জন্য প্রস্তাবিত স্থানে ৩.০০ একর এলাকা “সরকারি কর্মচারী হাসপাতাল” এর জন্য চিহ্নিতকরণ পূর্বক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। “সরকারি কর্মচারী হাসপাতাল” এর জন্য স্থান চিহ্নিতকরণসহ বিভাগীয় সদর দপ্তরের ভূমি ব্যবহার পরিকল্পনা সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ

১. “সরকারি কর্মচারী হাসপাতাল” এর জন্য স্থান চিহ্নিতকরণসহ বিভাগীয় সদর দপ্তরের ভূমি ব্যবহার পরিকল্পনা।
২. “সরকারি কর্মচারী হাসপাতাল” এর দৈর্ঘ্য ও প্রস্থ চিহ্নিতকরণ ম্যাপ।

  
২৮-৩-২০২২

মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিভাগীয় কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ


স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৯৯৬/১(৬)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
- ৫) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

  
২৮-৩-২০২২

মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৯২৯

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮  
১১ নভেম্বর ২০২১

বিষয়: ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদরের প্রস্তাবিত স্থানে বিভাগীয় কার্যালয় স্থানান্তর/স্থাপন প্রসঙ্গে

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.০০০০.০১৪.১৪.০০৫.২১.৫০৬, তারিখ: ০৭/১০/২০২১ খ্রি.

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় কার্যালয় স্থানান্তরের নিমিত্ত প্রদত্ত ছক পূরণ করতঃ পরবর্তি কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রেরণ করা হলো।

ক্রম	দপ্তরের নাম	বর্তমান অবস্থান (পূর্ণাঙ্গ ঠিকানাসহ)	বিভাগীয় কার্যালয় নিজস্ব/ভাড়া	বিভাগীয় দপ্তরের প্রস্তাবিত স্থানে স্থানান্তর/স্থাপনের প্রয়োজনীয়তা আছে কিনা	মন্তব্য
১	নগর উন্নয়ন অধিদপ্তর	নতুন কার্যালয় অনুমোদন কার্যক্রম প্রক্রিয়াধীন	বর্তমানে কোনো কার্যালয় নাই	হ্যাঁ	<p>১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১ শাখার গত ০৪-১২-২০১৬ ইং তারিখে ০৫.০০.০০০০.১৫০.১৫.০০৫.২০১৬-২১৬ নম্বর স্মারকে ১৬টি পদ সৃজনের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপনের আদেশ প্রদান করা হইয়াছে।</p> <p>২। অর্থ মন্ত্রণালয়ের , অর্থ বিভাগ ব্যয়নিয়ন্ত্রণ অধিশাখা-৩ হইতে গত ২৫-০১-২০১৮ইং তারিখে ০৭.১৫৩.০১৫.০৪.০০.০১.২০১৭-২৪ স্মারকের মাধ্যমে ১৬ টি পদ সৃজনে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন পত্র জারী করা হইয়াছে।</p> <p>৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন অনিবিভাগ বাস্তবায়ন শাখা-৩ হইতে গত ০৫-০৫-২০১৮ইং তারিখে ০৭.০০.০০০০.১৬৩.২৫.০৫৬.১২-৮৪ স্মারকের মাধ্যমে ১৬টি পদ সৃজনের সম্মতি জ্ঞাপন করা হইয়াছে।</p> <p>সর্বশেষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় , প্রশাসন-২ অধিশাখা হইতে ময়মনসিংহ বিভাগে নগর উন্নয়ন অধিদপ্তরের বিভাগীয় কার্যালয় স্থাপনের লক্ষে বিভিন্ন ক্যাটাগরি -১৪(চৌদ) টি পদ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনের প্রস্তাব “ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির জন্য সার-সংক্ষেপ” মাধ্যমে চূড়ান্তভাবে কার্যক্রম চলমান আছে।</p>

১১-১১-২০২১

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



আহমেদ আখতারুজ্জামান  
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিভাগীয় কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৯২৯/১(৮)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮  
১১ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
- ৬) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১১-১১-২০২১

মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
প্রশাসন শাখা  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৭৫৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮

০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে ৯৪৫.২১৯ একর ভূমি ব্যবহার পরিকল্পনা ও ম্যাপ, Rehabilitation Zone এলাকার ভূমি ব্যবহার পরিকল্পনা ও ম্যাপ এবং ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান এর Regional Context এ প্রস্তাবিত প্রকল্পের ভূমি ব্যবহার পরিকল্পনার ম্যাপ-সহ আনুসঙ্গিক তথ্যাদি প্রেরণ।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.০০০০.০১৪.১৪.০০৫.২১.৩৯১, তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি:

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে ভূমি ব্যবহার পরিকল্পনা ও ম্যাপ, Rehabilitation Zone এলাকার ভূমি ব্যবহার পরিকল্পনা ও ম্যাপ এবং ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান এর Regional Context এ প্রস্তাবিত প্রকল্পের ভূমি ব্যবহার পরিকল্পনার ম্যাপ-সহ আনুসঙ্গিক তথ্যাদি এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

১. প্লানের মৌজা ম্যাপ।
২. Rehabilitation Zone এলাকার ভূমি ব্যবহার পরিকল্পনার ম্যাপ
৩. ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান এর Regional Context এ প্রস্তাবিত প্রকল্পের ভূমি ব্যবহার পরিকল্পনার ম্যাপ।
৪. মৌজা সিডিউল।
৫. ভূমি ব্যবহার সহ মৌজা সিডিউল।
৬. ভূমি ব্যবহার পরিকল্পনা ম্যাপ।

Israt Jahan  
৯-১১-২০২১  
ইসরাত জাহান  
প্ল্যানার

বিভাগীয় কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৭৫৫/১(১১)

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮

০৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): :

- ১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
- ৬) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- ৭) উপসচিব, পরিকল্পনা-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১১) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৯-১১-২০২১


মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার ও ফোকালা পয়েন্ট কর্মকর্তা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



# Rehabilitation Zone: Revised Plan E

Total Area: 25 Acre



- Legend**
- Rehabilitation\_ambulation
  - Landuse**
    - Administrative Unit
    - Community Center
    - Corner Shop
    - Drinking Water Tank
    - Living Head Com/Embankment
    - 150 and 200 ft Road
    - Health Center
    - Internal Road (16 ft)
    - Katcha Bazar
    - Main Road (20 ft)
    - Mosque
    - Nursery School
  - Park/Green Retention Area
  - Physical Infrastructure
  - Physical Infrastructure
  - Plantation/Trees
  - Play Field
  - Playground / school Field
  - Primary School
  - Pump-house
  - Rehabilitate Plot
  - Reserved for Future Road / Extension
  - Service
  - Slipway
  - Surrounding Embankment Cum Proposed Road(20ft)


Prepared By:  
 Urban Development Directorate (UDD)  
 Ministry of Housing and Public Works

*Imad Jahan*  
 Imad Jahan  
 Planner  
 Urban Development Directorate (UDD)

*Ahmed Akhtaruzzaman*  
 Senior Planner  
 Urban Development Directorate (UDD)

*Dr. K. Z. Hassan Taufique*  
 Director  
 Urban Development Directorate (UDD)

Sl.No	Block Category	Landuse	Number	Total Area (Acre)	Total Area in Batta
1	Administration	Administrative Unit	1	0.10	0.07
2	Social Infrastructure	Community Center	1	0.10	0.08
3		Shop	1	0.08	0.08
4		Katcha Bazar	1	0.09	0.00
5	Commerce	Corner Shop	11	0.21	0.21
6		Park/Green Retention Area	11	0.16	0.00
7	Park/Open Space	Park/Open Space	2	0.11	0.00
8		Park/Open Space	10	0.30	0.00
9		Play Field	5	1.32	0.07
10		Playground / school Field	1	1.24	0.07
11	Education	Primary School	1	0.30	0.20
12		Nursery School	1	0.20	0.10
13	Rehabilitation/Extension	Rehabilitation Plot	140	0.81	0.00
14		Service	1	0.04	0.00
15		Physical Infrastructure	1	0.20	0.00
16		Physical Infrastructure	4	0.03	0.00
17		Physical Infrastructure	1	0.05	0.00
18		Physical Infrastructure	1	0.20	0.00
19		Physical Infrastructure	13	1.15	0.00
20		Physical Infrastructure	1	1.61	0.00
21		Physical Infrastructure	1	0.11	0.00
22		Physical Infrastructure	1	0.00	0.00
23		Physical Infrastructure	1	1.74	0.00
24		Physical Infrastructure	2	2.43	0.00
25		Physical Infrastructure	146	25.00	1512.27



Note: 1. This Area is designed for 342 family followed the standards of Private Residential Land Development Rules





স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.১২৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: "ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন" শীর্ষক প্রকল্প সম্পর্কিত মতবিনিময় সভার কার্যবিবরণীর আলোচনা ২.৬ প্রসঙ্গে।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪/০৮/২০২১ ইং তারিখ "ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন" শীর্ষক প্রকল্প সম্পর্কিত মতবিনিময় সভার কার্যবিবরণীর আলোচনা অনুচ্ছেদ ২.৬ঃ ০৩ টি ব্রীজ নির্মাণ সংক্রান্ত বিষয়ে নগর উন্নয়ন অধিদপ্তরের বিস্তারিত প্রতিবেদন সদয় পরবর্তি ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

১. প্রতিবেদন (৮ পৃষ্ঠা)

Israt Jahan  
১৫-৯-২০২১  
ইসরাত জাহান  
প্ল্যানার

বিভাগীয় কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ


স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.১২৩/১(১১)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): :

- ১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
- ৬) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) উপসচিব, পরিকল্পনা-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১১) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর


  
১৫-৯-২০২১  
মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

### বিভাগীয় সদর দপ্তর এবং ব্রহ্মপুত্র নদের উপর প্রস্তাবিত ফ্লাইওভার ব্রিজ সংক্রান্ত প্রতিবেদন

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম.পি. মহোদয়ের সাথে গত ২৮/০১/২০২১ ইং তারিখ নতুন ঘোষিত বিভাগীয় সদর দপ্তর এর পরিকল্পনা এবং মূল শহরের সাথে সংযোগ সড়ক/ ব্রিজ নিয়ে আলোচনা হয়। পরবর্তীতে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় নির্দেশনায় নগর উন্নয়ন অধিদপ্তরের একটি প্রতিনিধিদল গত ০৫/০২/২০২১ ইং তারিখ থেকে ০৮/০২/২০২১ ইং তারিখ পর্যন্ত নতুন ঘোষিত বিভাগীয় সদর দপ্তর এর পরিকল্পনা এবং মূল শহরের সাথে সংযোগ সড়ক/ ব্রিজ নিয়ে আলোচনা করার জন্য উক্ত এলাকা পরিদর্শন করেন এবং ময়মনসিংহ শহরে অবস্থান পূর্বক পুনরায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে গত ০৫/০২/২০২১ বেলা ২.৩০ মিনিটে এবং বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ এর সাথে ০৮/০২/২০২১ সকাল ১০.০০ মিনিট সময়ে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক এর নেতৃত্বে একটি পরিকল্পক দল জনাব মোঃ কামরুল হাসান, এনডিসি; অতিরিক্ত সচিব ও বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ এর সাথে আলোচনা করেন। উক্ত আলোচনায় নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান প্রকল্পের আওতায় প্রণীত মানস্টার প্ল্যান অনুযায়ী ব্রহ্মপুত্র নদের উপর জিরো পয়েন্টের প্রস্তাবিত ব্রিজের অবস্থান এবং বিকল্প প্রস্তাব নিয়ে আলোচনা হয়।

পরবর্তীতে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত মানস্টার প্ল্যান অনুযায়ী ব্রহ্মপুত্র নদের উপর জিরো পয়েন্টের প্রস্তাবিত ব্রিজ ছাড়াও বিকল্প প্রস্তাব ০১ - আবুল মনসুর সড়ক এ প্রস্তাবিত ব্রিজ/ফ্লাইওভার এবং বিকল্প প্রস্তাব ০২ - শিল্পাচার্য জয়নুল আবেদীন পার্ক সংলগ্ন রাস্তায় প্রস্তাবিত ব্রিজ ফ্লাইওভার এর সম্ভাবনা ও অন্যান্য তথ্য ও উপাত্ত নিয়ে আলোচনা করা হয়।




চিত্র-১: নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ব্রিজ এবং সম্ভাব্য প্রস্তাবিত ব্রিজের সাথে বিভাগীয় সদর দপ্তরের সংযোগ




### ফ্লাইওভার ব্রিজের প্রসঙ্গতাঃ

